বার্ষিক প্রতিবেদন
২০২২-২৩

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপদেষ্টামণ্ডলী

জনাব এম. এ. মান্নান, এমপি
মাননীয় মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়

ড. শামসুল আলম
মাননীয় প্রতিমন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়

সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনা

ড. শাহনাজ আরেফিন, এনডিসি
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

সম্পাদনা পরিষদ

জনাব এস এম শাকিল আখতার, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সম্পাদক
জনাব সালমা পারভীন, উপসচিব (সমন্বয় ও সংস্কার অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সদস্য
জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপসচিব (উন্নয়ন-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সদস্য
জনাব মোঃ মাহবুবুল আলম সিদ্দিকী, উপসচিব (এসডিজি সেল-সংযুক্ত), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সদস্য
জনাব কালাচাঁদ সরকার, উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সদস্য
জনাব এস. এম. আনিসুজ্জামান, পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	সদস্য
জনাব মোঃ আজগর আলী, উপপরিচালক (প্রকাশনা), এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	সদস্য
জনাব কাজী তোফায়েল হোসেন, উপসচিব (তথ্য ব্যবস্থাপনা-১), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সহ: সম্পাদক

কৃতজ্ঞতা

ড. মোঃ মইনুল হক আনছারী, (অতিরিক্ত সচিব), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
জনাব মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

সহযোগিতায়

জনাব শিপন আলী খান, প্রশাসনিক কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
জনাব কলি আক্তার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
জনাব হনুফা আক্তার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

প্রচ্ছদ

জনাব মুঃ ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
জনাব চিত্তরঞ্জন ঘোষ, প্রকাশনা শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

প্রকাশকাল

০৫ অক্টোবর ২০২৩

মুদ্রণ

প্রকাশনা শাখা
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

প্রাপ্তিস্থান:

www.sid.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বলেন, “আমাদের সরকার জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নে অফিসিয়াল পরিসংখ্যানের গুরুত্ব বিবেচনায় পরিসংখ্যান আইন, ২০১৩ প্রণয়ন করেছে। পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্র (NSDS) ২০১৩ অনুমোদন করেছে। পরিসংখ্যান ব্যবস্থাকে সার্বিক উন্নয়ন পরিকল্পনার মূলভিত্তি বিবেচনা করে আমরা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে কেন্দ্র হতে তৃণমূল পর্যায় পর্যন্ত শক্তিশালী করার উদ্যোগ নিয়েছি।”

মন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

তথ্যভিত্তিক ও টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সময়ানুগ ও সঠিক পরিসংখ্যানের বিকল্প নেই। বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালে পরিসংখ্যান বিভাগ প্রতিষ্ঠার পর থেকেই জাতীয় পরিকল্পনা প্রণয়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রতিটি সরকারি প্রতিষ্ঠান/সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়ের ন্যায় জনগণের নিকট সরকারের জবাবদিহিতা, স্বচ্ছতা এবং জনবান্ধব প্রশাসনিক ব্যবস্থা তুলে ধরার লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। *পরিসংখ্যান আইন, ২০১৩* অনুযায়ী পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সরকারের পরিকল্পনা প্রণয়নে উপযুক্ত তথ্য সরবরাহ এবং ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রতিবছরের ন্যায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবারও বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

দেশের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) ২০৩০, রূপকল্প ২০৪১ এবং ব-দ্বীপ পরিকল্পনা ২১০০-এর লক্ষ্যসমূহ অর্জনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সঠিক ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নে সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে। এ বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে নির্ভরযোগ্য তথ্য-উপাত্ত সরবরাহের মাধ্যমে সরকারকে নিরলসভাবে সহায়তা করছে।

বাংলাদেশে প্রতি ১০ বছর পর্যাবৃত্তিতে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় সম্প্রতি ১৫-২১ জুন ২০২২ সময়ে দেশব্যাপী নিজস্ব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে। শুমারির পাশাপাশি জনমিতিক, জনস্বাস্থ্য, আর্থ-সামাজিক,অর্থনৈতিক, শিল্প, পরিবেশ, জলবায়ু পরিবর্তনসহ বিভিন্ন সঠিক ও সময়পোযোগী পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে আসছে। এসব কার্যক্রম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কঠোর পরিশ্রম ও নিষ্ঠার সঙ্গে সম্পন্ন করে থাকে।

আমি আশা করি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আগামীর উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বরাবরের ন্যায় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে যাবে। এ বার্ষিক প্রতিবেদনে উপস্থাপিত তথ্য-উপাত্ত আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানসহ গবেষক এবং অংশীজনদের নিকট তথ্যের প্রয়োজনীয় উৎস হিসেবে বিবেচিত হবে এবং এর মাধ্যমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যাবলি সর্বমহলে অধিকতর বিস্তৃতি লাভ করবে।

বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রণয়ন ও প্রকাশনার সঙ্গে জড়িত সকলকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।

এম. এ. মান্নান, *এমপি*

প্রতিমন্ত্রী
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

জনগণের নিকট সরকারের স্বচ্ছতা, জবাবদিহিতা এবং গৃহীত নানাবিধ জনবান্ধব কার্যক্রমসমূহ উপস্থাপনের জন্য প্রতিটি সরকারি প্রতিষ্ঠান/সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন একটি মূল্যবান স্মারক। বস্তুত একটি প্রতিষ্ঠানের একবছরের সামগ্রিক কর্মকাণ্ডের প্রতিবিম্ব হলো বার্ষিক প্রতিবেদন, যার মাধ্যমে প্রতিষ্ঠানটির সার্বিক কার্যাবলি সম্পর্কে সম্যক ধারণা লাভ করা যায়। এরই ধারাবাহিকতায় পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে সংশ্লিষ্টদের এ উদ্যোগকে আমি সাধুবাদ জানাই।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো দেশের পরিসংখ্যান প্রণয়ন ও সরবরাহ কার্যক্রমের কেন্দ্রবিন্দু। প্রতি ১০ বছর অন্তর অন্তর কৃষি শুমারি, অর্থনৈতিক শুমারি এবং জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়। সম্প্রতি ১৫-২১ জুন ২০২২ সময়ে দেশব্যাপী নিজস্ব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রথম ডিজিটাল 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়। নিয়মিত শুমারির পাশাপাশি জনমিতিক, জনস্বাস্থ্য, আর্থ-সামাজিক,অর্থনৈতিক, শিল্প, পরিবেশ, জলবায়ু পরিবর্তনসহ সঠিক ও সময়পোযোগী বিভিন্ন পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা হয়। এসব কার্যক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ মনিটরিং ইউনিট হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করছে।

আমার দৃঢ় বিশ্বাস, এ বার্ষিক প্রতিবেদনে উপস্থাপিত তথ্য-উপাত্ত এ দেশের পরিকল্পনাবিদ, গবেষক, অর্থনীতিবিদ, পরিসংখ্যানবিদ, সমাজবিজ্ঞানী এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট ক্ষেত্রে তথ্যভান্ডার হিসেবে বিবেচিত হবে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ এর প্রকাশনার সঙ্গে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

ড. শামসুল আলম

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ তার কার্যক্রমের আলোকে নিয়মিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে, যা সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতিফলন। বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশিত তথ্যের মাধ্যমে প্রতিষ্ঠানের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যাবলি সম্পর্কে সামগ্রিক ধারণা লাভ করা যায়। প্রতি বছরের ন্যায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত কার্যাবলির বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই।

জাতীয় পরিকল্পনা প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন, প্রাতিষ্ঠানিক নীতি নির্ধারণ, উৎপাদন নীতি, জাতীয় আয় নিরূপন, দারিদ্র দূরীকরণ, মূল্যস্ফীতি নিয়ন্ত্রন, কর ধার্য ও আদায়, বাজেট প্রণয়ন, জাতীয় পে-স্কেল প্রণয়ন, পূর্বাভাস প্রদান, ব্যবসা-বাণিজ্যে, আর্থ-সামাজিক গবেষণায়, সামরিক নীতি প্রণয়ন ইত্যাদি বিষয়ে পরিসংখ্যান গুরুত্বের সাথে ব্যবহৃত হয়ে আসছে। দেশের পরিসংখ্যান সংক্রান্ত কার্যক্রমের কেন্দ্রবিন্দু হচ্ছে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। এ প্রেক্ষাপটে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নিয়মিতভাবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে সময়োপযোগী ও নির্ভরযোগ্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে আসছে।

সরকারের সকল ধরণের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণে সঠিক এবং সময়োপযোগী পরিসংখ্যানের চাহিদা অপরিসীম। একটি স্মার্ট, উন্নত, সমৃদ্ধ ও আত্মমর্যাদাশীল দেশ হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা ইত্যাদি প্রণয়ন ও বাস্তবায়নে কাজ করছে। বৈশ্বিক এজেন্ডা টেকসই উন্নয়ন অভীস্ট (এসজিডি) ২০৩০ অর্জনের মাধ্যমে দেশকে আরও এগিয়ে নিয়ে যেতে সরকার নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে। এসডিজি পরিবীক্ষণে ডাটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। হালনাগাদ ও বিভাজিত উপাত্ত প্রস্তুত ও সরবরাহে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নেতৃত্বে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কাজ করছে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবের সভাপতিত্বে গঠিত জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (এনডিসিসি)'র মাধ্যমে তা সমন্বয় করা হচ্ছে। স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের লক্ষ্যে LDC Graduation Criteria অনুযায়ী বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত বাংলাদেশের স্কোর সংক্রান্ত পরিসংখ্যান এ বিভাগ হতে নিয়মিতভাবে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হচ্ছে।

Digital Bangladesh Vision-কে সামনে রেখে দেশের ষষ্ঠ "জনশুমারি ও গৃহগণনা ২০২২" সম্পূর্ণ ডিজিটালভাবে সম্পন্ন করা হয়েছে, যার ফলশ্রুতিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' অর্জন করেছে। বর্তমানে বিবিএস সকল শুমারি ও জরিপ কার্যক্রম ডিজিটালভাবে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতি ব্যবহার করে সম্পন্ন করছে। একটি সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়তে সরকারের বর্তমান দৃঢ় প্রত্যয় সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এবারের জাতীয় পরিসংখ্যান দিবসের প্রতিপাদ্যে তা প্রতিফলন করা হয়েছে। এবারের প্রতিপাদ্য ছিল "স্মার্ট বাংলাদেশের ভিত্তি, পরিসংখ্যান ব্যবস্থার উন্নতি"।

বিগত একবছরে এ বিভাগ কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রম, যেমন- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, ২০২২-২৩ অর্থবছরের বাজেট বরাদ্দ ও বাস্তবায়ন, চলমান প্রকল্পসমূহের অগ্রগতি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে এ বিভাগের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় তথ্যাদি এ প্রতিবেদনে তুলে ধরা হয়েছে । এ বিভাগের আওতাধীন সংস্থা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিচিতি ও কর্মকান্ডের সার্বিক চিত্র এ প্রতিবেদনে উপস্থাপিত হয়েছে, যা এ বিভাগ সম্পর্কে একটি স্বচ্ছ ধারণা লাভে সহায়ক হবে বলে আমি মনে করি।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের কার্যক্রম সম্পাদনে যথাযথ নির্দেশনা, পরামর্শ ও সহায়তা প্রদানের জন্য মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি এবং ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-কে আমি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। একইসঙ্গে *বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩* সংকলন ও প্রকাশনার সঙ্গে জড়িত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে জানাই আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন।

ড. শাহনাজ আরেফিন, এনডিসি

যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা
বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সম্পাদকীয়

একটি মন্ত্রণালয়/বিভাগ বা প্রতিষ্ঠানের বিগত এক বছরে সম্পাদিত কার্যক্রম বিস্তৃত পরিসরে উপস্থাপনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম এই বার্ষিক প্রতিবেদন। এ জাতীয় প্রকাশনার মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়। এ প্রেক্ষাপটে প্রতি বছরের ন্যায় ২০২২-২৩ অর্থবছরেও পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে।

বার্ষিক প্রতিবেদনটিতে অধ্যায়ভিত্তিক ক্রম বিন্যাস অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পরিচিতি, বিভাগের কার্যাবলী, সুশাসন ও জবাবদিহিতা, তথ্য প্রযুক্তি সর্ম্পকিত অধ্যায়, ২০২২-২৩ অর্থবছরের কার্যাবলী, বিভাগের বাজেট সম্পর্কিত তথ্যাদি, চলমান প্রকল্পসমূহের অগ্রগতি, টেকসই উন্নয়ন অভীষ্ট অধ্যায়, এ বিভাগের আওতাধীন দপ্তর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর বহুমুখী কার্যক্রম বিস্তৃত পরিসরে উপস্থাপিত হয়েছে। প্রতিবেদনে সন্নিবেশ ঘটানো হয়েছে পূর্বাপর কার্যক্রমের তথ্যাদি, প্রয়োজনীয় ক্ষেত্রে বিভিন্ন সারণী, গ্রাফ এবং বিভিন্ন ধরণের চিত্র ব্যবহার করা হয়েছে। ফলশ্রুতিতে সহজেই প্রয়োজনীয় তথ্য-উপাত্ত খুঁজে পাওয়া এবং বুঝতে সুবিধা হবে।

দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরীবিক্ষণ, গবেষনা, নীতি নির্ধারণসহ সংশ্লিষ্ট কাজে প্রয়োজনীয় উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও পরিসংখ্যান সরবরাহের জন্য সরকারের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় হিসেবে কাজ করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। এ বিভাগের আওতাধীন দপ্তর বিবিএস বিভিন্ন শুমারি ও জরিপের মাধ্যমে আন্তর্জাতিক মানদন্ডে দেশের জনমিতি, জনস্বাস্থ্য, সামাজিক, অর্থনৈতিক, কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য, পরিবেশ, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ প্রভৃতির সঠিক ও সময়পোযোগী তথ্য উপাত্ত সংগ্রহ, প্রস্তুত ও প্রকাশ করে যাচ্ছে। সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষনা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং সাধারণ পাঠকগণ প্রতিবেদনটি পাঠ করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে সম্যক ধারনা লাভ করতে পারবেন বলে আমি বিশ্বাস করি।

বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রণয়নে সার্বিক দিকনির্দেশনা প্রদান করায় মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান, *এমপি*, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব, ড. শাহনাজ আরেফিন, *এনডিসি* মহোদয়ের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রতিবেদনটি তথ্যসমৃদ্ধ করতে তথ্য ও মূল্যবান পরামর্শ দিয়ে সহযোগিতা করার জন্য এ বিভাগের সকল অনুবিভাগের প্রধান ও অধিশাখা/শাখা/সেল-এর কর্মকর্তা/কর্মচারী এবং মহাপরিচালক, বিবিএস ও তাঁর অধীন সকল উইং এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। সর্বোপরি, প্রতিবেদনটি প্রণয়নের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে, যাদের অক্লান্ত পরিশ্রম ও আন্তরিক প্রয়াসের কারণে যথাসময়ে মানসম্মত এ প্রতিবেদনটি প্রস্তুত করা সম্ভব হয়েছে তাদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ।

এস এম শাকিল আখতার

Acronyms

a2i	Aspire to Innovate
AIDS	Acquired Immune Deficiency Syndrome
APA	Annual Performance Agreement
BARI	Bangladesh Agricultural Research Institute
BBS	Bangladesh Bureau of Statistics
BCPC	Bangladesh Central Product Classification
BFDES	Bangladesh Framework for Development of Environmental Statistics
BGISP	Bangladesh Geographic Information System Platform
BIDS	Bangladesh Institute of Development Studies
BMPI	Building Material Price Index
BRAC	Bangladesh Rural Advancement Committee
BSCO	Bangladesh Standard Classification of Occupation
BSIC	Bangladesh Standard Industrial Classification
CEGIS	Centre for Environmental and Geographic Information Service
CPI	Consumer Price Index
DAE	Department of Agricultural Extension
DHS	Demography and Health Survey
DPP	Development Project Proforma
ERD	Economic Relations Division
EU	European Union
FAO	Food and Agricultural Organization
GBV	Gender Based Violence
GDP	Gross Domestic Product
GIS	Geographic Information System
HIES	Household Income and Expenditure Survey
HIV	Human Immune Deficiency Virus
HRI	House Rent Index
ICCHL	Impact of Climate Change on Human Life
ICDDR'B	International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh
ICR	Intelligent Character Recognition
IMED	Implementation Monitoring& Evaluation Division
IMPS	Integrated Multi-Purpose Sample
IMR	Infant Mortality Rate
IRRI	International Rice Research Institute
ISRT	Institute of Statistical Research and Training
JICA	Japan International Co-operation Agency
KOICA	Korea International Co-operation Agency
MDG	Millennium Development Goals
MDS	Masters in Development Studies
MICS	Multiple Indicator Cluster Survey
MMR	Maternal Mortality Rate

MPH	Masters in Public Health
MSVSB	Monitoring the Situation of Vital Statistics of Bangladesh
MoU	Memorandum of Understanding
NDCC	National Data Coordination Committee
NHD	National Household Database
NIS	National Integrity Strategy
NPR	National Population Register
NSDS	National Strategy for the Development of Statistics
NSO	National Statistics Organization
NSS	National Statistics System
PEC	Post Enumeration Check
PMT	Proxy Mean Test
PPI	Producer Price Index
PPP	Purchasing Power Parity
PPRC	Power and Participation Research Centre
PSU	Primary Sampling Unit
QIIP	Quantum Index of Industrial Production
RTI	Right to Information
SAARC	South Asian Association for Regional Co-operation
SDG	Sustainable Development Goals
SEEA	System of Environmental Economic Accounts
SESRTC	Statistical, Economic and Social Research and Training Centre for Islamic Countries
SIAP	Statistical Institute for Asia and the Pacific
SID	Statistics and Informatics Division
SNA	System of National Accounts
SPARRSO	Space Research and Remote Sensing Organization
SSNP	Social Safety Net Programme
SSTI	Statistical Staff Training Institute
TFR	Total Fertility Rate
TPP	Technical Project Proforma
TVET	Technical and Vocational Education and Training
UDC	Union Development Centre
UNESCAP	United Nations Economic and Social Commission for Asia and the Pacific
UNESCO	United Nations Educational Scientific and Cultural Organization
UNFDES	United Nations Framework for the Development of Environment Statistics
UNFPA	United Nations Population Fund
UNICEF	United Nations International Children's Emergency Fund
UNSC	United Nations Statistical Commission
UNSD	United Nations Statistics Division
U_5MR	Under Five Mortality Rate
VAW	Violence Against Women
WRI	Wage Rate Index

সূচীপত্র

ক্রমিক		পৃষ্ঠা নং
	প্রথম অধ্যায়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পরিচিতি	৩-৮
১.১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সংক্ষিপ্ত ইতিহাস	৫
১.২	ভিশন ও মিশন	৫
১.৩	অর্গানোগ্রাম	৬
১.৪	জনবল কাঠামো	৭
১.৫	আইন-বিধি ও নীতিমালা	৮
	দ্বিতীয় অধ্যায়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যাবলি	৯-২৪
২.১	প্রধান কার্যাবলি	১১
২.২	অনুবিভাগ ও অধিশাখা/শাখাভিত্তিক কার্যবণ্টন	১১
২.৩	বিগত ১৪ বছরের উল্লেখযোগ্য অর্জন	১৬
২.৪	পরিসংখ্যান সংক্রান্ত গুরুত্বপূর্ণ জাতীয় কমিটিসমূহ	১৯
২.৫	ফোকাল পয়েন্ট ক	২০
	র্মকর্তাবৃন্দ	
	তৃতীয় অধ্যায়: সুশাসন ও জবাবদিহিতা	২৫-৪৪
৩.১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি **(APA)** ২০২২-২৩	২৭
৩.২	২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী স্ব-মূল্যায়িত প্রতিবেদন	২৭
৩.৩	জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy-NIS) কর্মপরিকল্পনা ২০২১-২২	৪১
৩.৪	তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে গৃহীত কার্যক্রম	৪২
৩.৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর উদ্ভাবনী কার্যক্রম	৪৩
৩.৬	সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)	৪৪
৩.৬.১	নাগরিক সেবা	৪৪
৩.৭	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)	৪৫
	চতুর্থ অধ্যায়: তথ্য-প্রযুক্তিভিত্তিক কার্যক্রম	৪৬-৪৯
৪.১	তথ্য বাতায়ন	৪৮
৪.২	ই-নথির ব্যবহার	৪৮
৪.৩	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা	৪৮
৪.৩.১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন	৪৮
৪.৪	ইনোভেশন প্রজেক্ট ভিজিট	৪৯
	পঞ্চম অধ্যায়: ২০২২-২৩ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যক্রম	৫০-৫৬
৫.১	প্রশিক্ষণ এবং কর্মশালা	৫২
৫.১.১	অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও কর্মশালা	৫২

ক্রমিক		পৃষ্ঠা নং
৫.২.২	বৈদেশিক প্রশিক্ষণ ও কর্মশালা	৫৩
৫.২.৩	জাতীয় পরিসংখ্যান দিবস পালন	৫৪
৫.৩	২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন দিবস পালনের প্রস্তুতকৃত ক্যালেন্ডার	৫৫
	ষষ্ঠ অধ্যায়: টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)	৫৭-৭২
৬.১	টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) বাস্তবায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ভূমিকা ও অগ্রগতি	৫৯
৬.১.১	এসডিজি পরিবীক্ষণ ও মূল্যায়নে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র ভূমিকা	৬৩
৬.১.২	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত সূচকসমূহের অগ্রগতি	৬৮
	সপ্তম অধ্যায়: বিভাগের আওতাধীন সংস্থা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)	৭৩-১২৪
৭.১	**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিচিতি**	৭৩
৭.১.১	ভিশন	৭৩
৭.১.২	মিশন	৭৩
৭.১.৩	কার্যাবলি	৭৩
৭.১.৪	জনবল	৭৬
৭.১.৫	সাংগঠনিক কাঠামো	৭৬
৭.২	**বিবিএস-এর উইং ভিত্তিক কার্যাবলি**	৭৬
৭.২.১	এগ্রিকালচারাল উইং	৭৬
৭.২.২	সেন্সাস উইং	৮০
৭.২.৩	কম্পিউটার উইং	৮১
৭.২.৪	ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং	৮২
৭.২.৫	ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং	৮৭
৭.২.৬	ফিন্যান্স, অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উইং	৯০
৭.২.৭	ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং	৯৭
৭.২.৮	স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট	৯৯
৭.৩	**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেলসমূহ**	**১০১**
৭.৩.১	এসডিজি সেল	১০১
৭.৩.২	পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান সেল	১০৩
৭.৩.৩	প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল	১০৪
৭.৩.৪	জেন্ডার সেল	১০৪
৭.৩.৫	রিসার্চ সেল	১০৫
৭.৪	**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ**	**১০৫**
৭.৪.১	জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প	১০৫
৭.৪.২	পরিবেশ, জলবায়ু, পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প	১০৮

ক্রমিক		পৃষ্ঠা নং
৭.৪.৩	ন্যাশনাল হাউজহোল্ড ডেটাবেইজ প্রকল্প (NHD) (সাবেক বিপিডি)	১০৯
৭.৪.৪	খানার আয় ও ব্যয় জরিপ (HEIS) ২০২০-২১ প্রকল্প	১১০
৭.৪.৫	ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন অ্যান্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প	১১১
৭.৪.৬	জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প	১১২
৭.৪.৭	কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প	১১২
৭.৪.৮	ন্যাশনাল স্ট্রাটেজি ফর দি ডেভেলপমেন্ট অফ স্ট্যাটিসটিকস্ (NSDS) ইমপ্লিমেনটেশন সাপোর্ট প্রকল্প	১১৩
৭.৪.৯	শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প	১১৬
৭.৪.১০	টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরুপণ জরিপ (LAS) প্রকল্প	১১৭
৭.৪.১১	ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ শীর্ষক জরিপ প্রকল্প	১১৯
৭.৪.১২	স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন (SVRS) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প	১২১
৭.৪.১৩	খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২	১২২
৭.৫	কর্মসূচি/প্রোগ্রামসমূহ	১২২
৭.৫.১	বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট কার্যক্রম	১২২
৭.৫.২	ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারু শিল্পজাত পণ্য জরিপ ২০২২ শীর্ষক কার্যক্রম	১২২
	অষ্টম অধ্যায়: গ্যালারি	১২৫-১৩৮
৮.১	সাম্প্রতিক প্রকাশনার প্রচ্ছদসমূহ	১২৭
৮.২	২০২২-২৩-এর আলোকচিত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	১২৯

পরিসংখ্যান
ও
তথ্য ব্যবস্থাপনা বিভাগ

প্রথম অধ্যায়

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পরিচিতি

১.১ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সংক্ষিপ্ত ইতিহাস:

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগসমূহের অন্যতম একটি বিভাগ। টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) ও পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নে এ বিভাগের ভূমিকা অনস্বীকার্য। উল্লেখ্য, ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন হওয়ার পর দেশ পুনর্গঠনে ব্যাপক আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প গ্রহণের আবশ্যকতা দেখা দেয় এবং এসব পরিকল্পনা প্রণয়নে নির্ভরযোগ্য তথ্য ও পরিসংখ্যান অপরিহার্য হয়ে পড়ে। স্বাধীন বাংলাদেশে সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে বাংলাদেশের মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সুদূরপ্রসারী চিন্তাধারার ফসল ও তাঁর দূরদর্শী দিকনির্দেশনায় ১৯৭৪ সালে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ব্যুরো, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি পরিসংখ্যান ব্যুরো ও কৃষি শুমারি কমিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আদমশুমারি কমিশন)-কে একীভূত করে 'বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো' (Bangladesh Bureau of Statistics সংক্ষেপে BBS) প্রতিষ্ঠিত হয়। অতঃপর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বঙ্গবন্ধুর নির্দেশে ১৯৭৫ সালে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান বিভাগ' (Statistics Division) গঠন করা হয়।

১৯৭৫-এর আগস্টের রক্তক্ষয়ী ও বিয়োগান্তক পট পরিবর্তনের পর ২০০২ সালের দিকে পরিসংখ্যান বিভাগকে পরিকল্পনা মন্ত্রণালয়ের একটি উইং(wing)-এ রূপান্তরিত করা হয়। অতঃপর দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও পরিকল্পনা প্রণয়নে পরিসংখ্যানের গুরুত্ব উপলব্ধি করে জাতির পিতার সুযোগ্য কন্যা এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের সময়ে ২০১০ সালে 'পরিসংখ্যান বিভাগ' নামে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন একটি আলাদা বিভাগ পুনঃপ্রতিষ্ঠা করা হয়। ১৯৯৬-২০০১ মেয়াদে দেশ পরিচালনার দায়িত্ব পালনকালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের পরিসংখ্যান ব্যবস্থা সুসংহত করার লক্ষ্যে অনেক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেন। বস্তুত পরিসংখ্যান ব্যবস্থা ও ব্যবস্থাপনাকে অধিকতর সুসংহত ও গণমুখি করা এবং আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের পরিসংখ্যান কার্যক্রমের অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে ২০১২ সালে বিস্তৃত পরিসরে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (Statistics and Informatics Division সংক্ষেপে SID) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক রূপদান তথা এর আইনগত ভিত্তি স্থাপনের লক্ষ্যে 'পরিসংখ্যান আইন, ২০১৩' প্রণয়ন করা হয়। উক্ত আইনের ধারা ৬(ছ) অনুযায়ী জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র বা National Strategy for Development of Statistics (NSDS) প্রণয়ন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় তথ্য-উপাত্ত জনগণের নিকট উন্মুক্ত ও সহজলভ্য করার লক্ষ্যে 'জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা, ২০১৬' প্রণয়ন করা হয়। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কাজের পরিধি অনেক বৃদ্ধি পেয়েছে এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এর কাজের গ্রহণযোগ্যতাও রয়েছে।

১.২ ভিশন: রূপকল্প (Vision): বিশ্বমানের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা।

মিশন: অভিলক্ষ্য (Mission): দেশের উন্নয়ন ও জনকল্যাণে আধুনিক পদ্ধতিতে পরিসংখ্যান প্রস্তুত এবং উন্নততর তথ্য প্রযুক্তির মাধ্যমে তা বিশ্লেষণ, সংরক্ষণ ও প্রকাশ।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অর্গানোগ্রাম



1

১.৪ জনবল কাঠামো

নং	পদ নাম	গ্রেড	জনবল			মন্তব্য/ব্যাখ্যা
			মঞ্জুরিকৃত পদ সংখ্যা	কর্মরত সংখ্যা	শূন্য পদ	
	(ক) ১মশ্রেণি					
১	সচিব	গ্রেড-১	১	১	-	
২	অতিরিক্ত সচিব	গ্রেড-২	১	৩	-	১ জন বেশি কর্মরত
৩	যুগ্মসচিব	গ্রেড-৩	২	২	-	২ জন বেশি কর্মরত
৪	উপসচিব	গ্রেড-৫	৪	১০	-	৬ জন বেশি কর্মরত
৫	সিস্টেম এনালিস্ট	গ্রেড-৫	১	১	-	
৬	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব	গ্রেড-৬/৯	১২	৩	৯	৯ জন কম কর্মরত
৭	সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান	গ্রেড-৬/৯	১	-	১	-
৮	প্রোগ্রামার	গ্রেড-৬	১	১	-	-
৯	সহকারী প্রোগ্রামার	গ্রেড-৯	১	-	১	-
১০	হিসাবরক্ষণ কর্মকর্তা	গ্রেড-৯	১	১	-	-
১১	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	গ্রেড-৯	১	১	-	-
		মোট =	**২৬**	**২৩**	**১১**	
	(খ) ২য় শ্রেণি					
১২	প্রশাসনিক কর্মকর্তা	গ্রেড-১০	১১	৯	২	সংরক্ষিত ২টি পদ
১৩	ব্যক্তিগত কর্মকর্তা	গ্রেড-১০	৮	৮	-	
১৪	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	গ্রেড-১০	১	১	-	
		মোট =	**২০**	**১৮**	**২**	
	(গ) ৩য় শ্রেণি					
১৫	হিসাবরক্ষক	গ্রেড-১২	১	১	-	
১৬	কম্পিউটার অপারটর	গ্রেড-১৩	৪	৩	১	
১৭	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	গ্রেড-১৩	১	১	-	
১৮	ক্যাশিয়ার	গ্রেড-১৪	১	১	-	
১৯	পরিসংখ্যান সহকারী	গ্রেড-১৬	২	-	২	
২০	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	গ্রেড-১৬	**১৭**	**১১**	**৬**	
		মোট =	**২৬**	**১৭**	**৯**	
	(ঘ) ৪র্থ শ্রেণি					
২২	ফটোকপি অপারেটর	গ্রেড-১৮	১	১	-	
২৩	ক্যাশ সরকার	গ্রেড-১৭	১	১	-	
২৪	দপ্তরি	গ্রেড-১৯	১	১	-	
২৫	অফিস সহায়ক	গ্রেড-২০	২৫	১২	১৩	
(ঘ) মোট =			**২৮**	**১৫**	১৩	
		(ক+খ+গ+ঘ) সর্বমোট =	**১০০**	**৭৩**	**৩৪**	

১.৫ আইন, বিধি ও নীতিমালা

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার আইনী ভিত্তি

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে একটি আইনী কাঠামোর আওতায় এনে পরিসংখ্যান সম্পর্কিত কার্যক্রম গতিশীল, সমন্বিত, লক্ষ্যভিত্তিক এবং সংরক্ষণ করার লক্ষ্যে মহান জাতীয় সংসদে ২০১৩ খ্রিষ্টাব্দের ২৭ ফেব্রুয়ারি তারিখে **পরিসংখ্যান আইন-২০১৩** পাশ হয়। এ আইনের মাধ্যমে বিবিএসকে সরকারি পরিসংখ্যান ব্যবস্থায় জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে সমন্বয়কের দায়িত্ব প্রদান করা হয়েছে। এ আইনের ধারা-১০ অনুযায়ী সরকারি সকল কার্যক্রমে সরকারি পরিসংখ্যান ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। একই সঙ্গে ধারা-১১ অনুযায়ী বিবিএস ব্যতীত অন্যান্য উৎস থেকে তথ্যগ্রহণের পূর্বানুমোদন গ্রহণের বাধ্যবাধকতা নিশ্চিত করা হয়েছে। ধারা-১১ বাস্তবায়নের লক্ষ্যে 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা-২০১৪ এবং সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রকাশ ও নীতিমালা-২০১৬ জারি করা হয়েছে। পরিসংখ্যান আইন-২০১৩ ছাড়াও সুনির্দিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য আরও কিছু আইন/আদেশ অনুযায়ী বিবিএস কার্যক্রম পরিচালনা করে থাকে। এর মধ্যে রয়েছে; শিল্প পরিসংখ্যান আইন-১৯৪২, কৃষি শুমারি আইন-১৯৫৮ এবং শুমারি আদেশ-১৯৭২।

জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর উদ্যোগে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) ২০১৩ মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত হয়, যার মেয়াদ আগামী ৩০ জুন ২০২৩ তারিখে শেষ হয়েছে। পরিসংখ্যান আইন, ২০১৩-এর ধারা ৬ (ছ) অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সময় সময় এনএসডিএস সংশোধন ও হালনাগাদ করবে মর্মে সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে। সে আলোকে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট কর্তৃক চলমান এনএসডিএস সংশোধন ও হালনাগাদের উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে এনএসডিএস সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সমন্বয়ে দু'টি ফোকাল পয়েন্ট গ্রুপ গঠন করা হয়েছে। তাছাড়াও, এনএসডিএস সংশোধন ও হালনাগাদকরণ প্রক্রিয়াটি অধিকতর অংশগ্রহণমূলক ও সর্বজনগ্রাহ্য করার নিমিত্ত সরকারের নীতিনির্ধারক/উর্ধ্বতন কর্মকর্তা এবং গবেষক ও সুশীল সমাজের প্রতিনিধিগণের ব্যক্তিগত মতামত গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, এনএসডিএস সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে ১ ও ২ মার্চ ২০২৩ বিবিএস এর কর্মকর্তাগণের অংশগ্রহণে দুইদিন ব্যাপী একটি কনসালটেশন ওয়ার্কশপ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট গ্রুপের সদস্য ও বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার ফোকাল পয়েন্ট গ্রুপের সদস্যদের অংশগ্রহণে যথাক্রমে ২২ মে ২০২৩, ০৭ জুন ২০২৩ ও ১৬ জুলাই ২০২৩ তারিখে তিনটি পৃথক ওয়ার্কশপ আয়োজন করা হয়। তাছাড়া, এ কার্যক্রমে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ০৮টি বিভাগে এ সংক্রান্ত ওয়ার্কশপ আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে যা সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে সমাপ্ত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ (NACS):

সরকারি পরিসংখ্যান আইন বিষয়ক জাতীয় অগ্রাধিকার নির্ধারণ এবং এ সংক্রান্ত পরামর্শ বা দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে ২০২১ খ্রিষ্টাব্দে জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ (NACS) গঠন করা হয়েছে। মাননীয় পরিকল্পনামন্ত্রীর সভাপতিত্বে গঠিত এ পরিষদে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও এফবিসিসিআই-এর সভাপতিসহ গুরুত্বপূর্ণ সরকারী নীতিনির্ধারক, প্রথিতযশা গবেষক, অর্থনীতিবিদ ও পরিসংখ্যানবিদ রয়েছেন। এই পরিষদ প্রতি বছর ০২টি সভায় মিলিত হয়।

দ্বিতীয় অধ্যায়

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যাবলি

২.১ প্রধান কার্যাবলি

- পরিসংখ্যান আইন, ২০১৩-এর আওতায় প্রণীত বিধি ও নীতিমালা অনুযায়ী কার্যাবলি সম্পাদন;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি প্রণয়ন এবং সংশোধন;
- জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register-NPR) প্রণয়ন;
- বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় জনসংখ্যা রেজিস্টারভিত্তিক সেবা-স্বচ্ছন্দে প্রদান এবং এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- সরকারিপর্যায়ে তথ্য কাঠামো উন্নয়ন ও সংরক্ষণ এবং এ বিষয়ে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিতে সহায়তাকরণ;
- কেন্দ্রীয় জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (Central Geographic Information System-GIS) প্ল্যাটফর্ম উন্নয়ন ও সংরক্ষণ;
- অন্যান্য সংস্থার জিআইএসকে কেন্দ্রীয় জিআইএস প্ল্যাটফর্মে সমন্বিতকরণে সহায়তা প্রদান;
- জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for Development of Statistics-NSDS) প্রণয়ন ও হালনাগাদকরণ;
- জনসংখ্যা ও গৃহগণনা, কৃষি ও অর্থনৈতিক কর্মকাণ্ডের উপর পর্যায়ক্রমিক শুমারি পরিচালনা; আর্থ-সামাজিক, ডেমোগ্রাফিক ও অন্যান্য বিষয়ে জরিপ পরিচালনা;
- জাতীয় হিসাব ও মূল্য সংক্রান্ত পরিসংখ্যান প্রক্রিয়াকরণ ও প্রচার;
- সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রক্রিয়াকরণ ও প্রচার;
- জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে পরিসংখ্যান বিষয়ক শিক্ষণ, প্রশিক্ষণ, গবেষণা, পেশাদারি ও উৎকর্ষ সাধনের লক্ষ্যে সহযোগিতামূলক কর্মসূচি গ্রহণ ও সম্প্রসারণ;
- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে পরিসংখ্যানের দ্বৈততা পরিহার নিশ্চিতকরণ;
- জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার ব্যবহারের জন্য সরকারি প্রতিষ্ঠান কর্তৃক সংগৃহীত পরিসংখ্যান সত্যায়ন;
- ইলেক্ট্রনিক তথ্য প্রক্রিয়াকরণ পদ্ধতি সংগঠিতকরণ ও প্রতিষ্ঠা এবং তা ডিজিটাল আর্কাইভে সংরক্ষণ;
- বিভাগের উপর ন্যস্ত পরিসংখ্যান সংক্রান্ত যে কোনো বিষয়ে অনুসন্ধান ও পরামর্শ প্রদান;
- বিভাগ সম্পর্কিত সাচিবিক ও আর্থিক প্রশাসন পরিচালনা এবং বিভাগের আওতাধীন অফিস ও প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা এবং প্রকল্প ও কর্মসূচিসমূহ বাস্তবায়ন;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ ও গবেষণা;
- বিভাগের উপর ন্যস্ত বিষয়ে আন্তর্জাতিক সংস্থা সমূহের সাথে সমঝোতা চুক্তির বিষয়ে সমন্বয় সাধন;
- বিভাগের উপর ন্যস্ত সংশ্লিষ্ট সকল আইন, বিধির নির্দেশনা বাস্তবায়ন;
- আদালতে গৃহীত ফি ব্যতীত বিভাগের উপর ন্যস্ত যে কোনো বিষয়ের উপর ফি নির্ধারণ ও সংগ্রহ;
- সরকার কর্তৃক অর্পিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য বিষয়।

২.২ অনুবিভাগ ও অধিশাখা/শাখাভিত্তিক কার্যবণ্টন

প্রশাসন অনুবিভাগ (প্রশাসন-১ শাখা/অধিশাখা)

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কর্মকর্তাদের সকল প্রশাসনিক কার্যক্রম;
২	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) পরিসংখ্যান ক্যাডার কর্মকর্তাবৃন্দের নিয়োগ ও বদলিসহ প্রয়োজনীয় সকল প্রশাসনিক কার্যক্রম;
৩	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) নন-ক্যাডার কর্মকর্তা নিয়োগ, বদলি ও পদোন্নতি সংক্রান্ত সকল প্রশাসনিক কার্যক্রম;
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কর্মকর্তাদের দেশের অভ্যন্তরে বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনারে অংশগ্রহণের জন্য মনোনয়ন;
৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কর্মকর্তাদের বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনারে অংশগ্রহণের জন্য মনোনয়ন সংক্রান্ত কার্যক্রম;
৬	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কর্মকর্তাদের (ক্যাডার/নন-ক্যাডার) পেনশন মঞ্জুরী ও পিআরএল তালিকা হালনাগাদকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (৯ম গ্রেড ও তদূর্ধ্ব) কর্মকর্তাদের সংযুক্তি/অতিরিক্ত দায়িত্ব প্রদান সংক্রান্ত কার্যক্রম;
৮	উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের নিয়োগ, সংযুক্তি এবং অতিরিক্ত দায়িত্ব প্রদান;

প্রশাসন-২ শাখা/অধিশাখা

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১০ম-২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, বদলি ও পদোন্নতিসহ যাবতীয় প্রশাসনিক কার্যক্রম;
২	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যানবাহন ক্রয়/রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম এবং শাটল সার্ভিস পরিচালনা;
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাধারণ সেবা সংক্রান্ত দায়িত্ব/কনডেমনেশন কমিটি সংক্রান্ত কার্যক্রম;
৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দাপ্তরিক ও আবাসিক টেলিফোন মঞ্জুরী সংক্রান্ত;
৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পরিবেশ উন্নয়ন, নিয়ন্ত্রণ, পরিস্কার পরিছন্নতা এবং নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যাদি;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সরকারি বাসা বরাদ্দ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৮	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাড়ি ভাড়া সংক্রান্ত;
৯	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব বাজেটের আওতায় সকল ক্রয়, সরবরাহ এবং স্টোর পরিচালনা;

প্রশাসন-৩ শাখা/অধিশাখা

নং	কার্যাবলি
১	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
২	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নিয়োগ বিধিমালা প্রণয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন সংক্রান্ত সকল কার্যাবলি;
৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অর্গানোগ্রাম পরিবর্তন, পরিবর্ধন ও হালনাগাদকরণ;
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধি প্রণয়ন, পরিবর্তন ও সংশোধন সংক্রান্ত কার্যক্রম;
৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে সঠিক ও নির্ভুল পরিসংখ্যান প্রণয়ন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ নির্দেশিকা ও কর্মকৌশল প্রণয়ন;

সমন্বয় ও সংস্কার শাখা/অধিশাখা

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে দেশি ও বিদেশি প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ রক্ষা ও প্রয়োজনে চুক্তি ও সম্মতিপত্র স্বাক্ষর সংক্রান্ত কার্যক্রম;
২	মহামান্য রাষ্ট্রপ্রতির ভাষণ, মন্ত্রিসভা ও সচিব কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন ও আন্তঃমন্ত্রণালয় যোগাযোগ রক্ষাসহ বিভিন্ন তথ্য প্রেরণ;
৩	জাতীয় সংসদের প্রশ্নোত্তর, স্থায়ী কমিটির সভাসহ যাবতীয় তথ্য সরবরাহ ও কাউন্সিল অফিসার হিসেবে দায়িত্ব পালন;
৪	জেলা প্রশাসক সম্মেলনে উপস্থাপিতব্য সংক্রান্ত কার্যক্রম;
৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাসিক সমন্বয় সভা ও অন্যান্য জরুরি সভা সংক্রান্ত সকল কার্যক্রম;
৬	Integrated Annual Performance Agreement (IAPA) তথা জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও তথ্য অধিকার আইন (RTI) বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের অগ্রগতি, তদারকি, তত্ত্বাবধান, মূল্যায়ন ও সমন্বয় সাধন;

হিসাব শাখা

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন;
২	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতাদি, অভ্যন্তরীণ ও বৈদেশিক ভ্রমণ ভাতা ও অন্যান্য বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম;
৩	কর্মকর্তা/কর্মচারীদের পেনশন, আনুতোষিক ও অন্যান্য ভাতাদি প্রদানের ব্যবস্থা করা;
৪	কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ফিক্সেশন সংক্রান্ত যাবতীয় কাজ, সরবরাহ ও সেবার অধীন যাবতীয় বিল, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ, ঋণ এবং অগ্রিম এর যাবতীয় বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম;
৫	বার্ষিক বাজেট বরাদ্দের আওতায় যাবতীয় অর্থনৈতিক কোড প্রদান ও বিধি মোতাবেক হিসাব পরিচালনা করা, সিএএফও এর সাথে সার্বিক যোগাযোগ রক্ষাসহ মাসিক হিসাব রি-কনসিলিয়েশন সংক্রান্ত কাজ পরিচালনা করা;
৬	ক্যাশবহি ও লেজারসহ যাবতীয় রেজিস্টার সংরক্ষণ করা;
৭	অর্থ বছর ভিত্তিক যাবতীয় বিল ভাউচার সংরক্ষণ ও নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা;
৮	নন-গেজেটেড কর্মচারীগণের ছুটির হিসাব তৈরি, প্রতিবেদন প্রস্তুতকরণ, সংশ্লিষ্ট কর্মচারীগণের চাকুরি বহিতে লিপিবদ্ধ ও সংরক্ষণ করা;
৯	অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ ও নতুন কর্মকর্তাগণের বদলি জনিত কারণে EFT এর কার্যাবলি সম্পাদন করা;
১০	আয়কর প্রত্যয়নপত্র প্রণয়নসহ কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক বেতন বিবরণী প্রণয়ন করা;
১১	রাজস্ব আদায় ও সরকারি খাতে জমা প্রদান নিশ্চিতকরণ ও হিসাবের সঙ্গতি সাধন;
১২	নন-ট্যাক্স রেভিনিউ-এর হিসাব বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও হিসাব শাখায় প্রেরণ;

বাজেট ও অডিট এবং আইসিটি অনুবিভাগ

বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট শাখা/অধিশাখা

নং	কার্যাবলি
১	অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের চাঁদা প্রদান সংক্রান্ত;
২	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের MTBF এর আওতায় বাজেট ও সংশোধিত বাজেট প্রণয়ন;
৩	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব বাজেট ও রাজস্ব বাজেটের দরপত্র সংক্রান্ত কার্যক্রম;
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব বাজেটের সকল অগ্রিম উত্তোলনের কাজ;
৫	বিবিএস'র বিভিন্ন প্রকল্পের যানবাহন সংগ্রহ, ক্রয় ও রক্ষণাবেক্ষণ;
৬	বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) ও বাজেট Working Group সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল প্রকার ঋণ মঞ্জুরী;
৮	আইবাস++(Ibass++) এর মাধ্যমে বাজেটের সকল কার্যক্রম সম্পাদন;
৯	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নন-ট্যাক্স রেভিনিউ এর হিসাব অর্থ বিভাগে প্রেরণ;
১০	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক ক্রয় ও কর্ম পরিকল্পনা অর্থ বিভাগে প্রেরণ;
১১	কোড বরাদ্দ ও বাজেট সম্মানী সংক্রান্ত প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ;
১২	অব্যয়িত অর্থের হিসাব সংগ্রহ, সমন্বয় এবং অর্থ বিভাগ ও সিএএফও-এর দপ্তরে প্রেরণ সংক্রান্ত কার্যক্রম;
১৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিট সংক্রান্ত সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার ও সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার এর কাজে সার্বিক সহায়তা, তদারকি, তত্ত্বাবধান ও মূল্যায়ন।

প্রোগ্রামার (আইসিটি)

নং	কার্যাবলি
১	আইসিটি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সহায়তা প্রদান;
২	আইসিটি বিষয়ে অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে বিশেষজ্ঞ হিসেবে পরামর্শ ও সেবা প্রদান;
৩	কাস্টমাইজড সফটওয়্যার উন্নয়ন ও ব্যবহারের ক্ষেত্রে কোডিং, টেস্টিং করা;
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আইসিটি সংক্রান্ত বিভিন্ন প্রতিবেদন প্রস্তুতে সহায়তা প্রদান;
৫	আইসিটি সরঞ্জামাদি ক্রয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ;
৬	জাতীয় সংসদের প্রশ্নোত্তর তৈরির জন্য ডাটাবেজ থেকে উপাত্ত সরবরাহ ;
৭	বিভিন্ন অর্থবছরে এডিপিভুক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকের নাম, ঠিকানাসহ ডিরেক্টরি অব এডিপি প্রজেক্ট সংকলন ও হালনাগাদ করা;
৮	ওয়েবসাইট উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত যাবতীয় কাজ;
৯	সফটওয়্যার বিশ্লেষণ, ডিজাইন এবং প্রতিষ্ঠানের বিজনেস লজিক বাস্তবায়ন;
১০	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য এমআইএস প্রস্তুত ও হালনাগাদকরণ;
১১	ই-ফাইলিং ও ই-টেন্ডারিং সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন;

সহকারী প্রোগ্রামার (আইসিটি-১)

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইট উন্নয়ন, নিয়মিত হালনাগাদকরণ ও বিষয়বস্তুর উন্নয়ন এবং ই-মেইল ব্যবস্থাপনা;
২	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম ডিজিটালাইজেশনের ক্ষেত্রে সকল শাখা/অধিশাখার কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীর মান নিয়মিত পরীক্ষাকরণ, রক্ষণাবেক্ষণ, সফটওয়্যার উন্নয়ন ও নতুন নতুন প্রযুক্তি ব্যবহার বাস্তবকরণে সহায়তা প্রদান;
৩	আইসিটি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সহায়তা প্রদান এবং বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে বিশেষজ্ঞ হিসেবে পরামর্শ ও সেবা প্রদান;
৪	কাস্টমাইজড সফটওয়্যার উন্নয়ন ও ব্যবহারের ক্ষেত্রে কোডিং, টেস্টিং কাজে প্রোগ্রামারকে সহায়তা প্রদান;
৫	আইসিটি সরঞ্জামাদি ক্রয়ের ক্ষেত্রে সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ারকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;
৬	আইসিটি'র বিধি ও নীতিমালা প্রণয়ন, ক্ষেত্র চিহ্নিতকরণ, সংশোধন ও সংরক্ষণ;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য এমআইএস প্রস্তুত ও হালনাগাদকরণ কাজে সার্বিক সহায়তা প্রদান;

সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি-২)

নং	কার্যাবলি
১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আইসিটি সেল এ স্থাপিত বিভিন্ন সিস্টেম স্থাপন, অপারেশন, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণে সহায়তাকরণ;
২	আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি প্রয়োগ ও পরিচিতিসহ এ সংক্রান্ত সকল কার্যক্রমে সার্বিক সহায়তাকরণ;
৩	আইসিটি শাখায় স্থাপিত সাবস্টেশন রক্ষণাবেক্ষণসহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তাকরণ;
৪	সাইবার সিকিউরিটি, সাইবার ক্রাইম প্রতিহতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রয়োজনীয় কম্পিউটার নেটওয়ার্ক ব্যবস্থা নিশ্চিতকরণ ও রক্ষণাবেক্ষণে সহায়তাকরণ;
৬	আইসিটি বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণে সহায়তা প্রদান ও বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে বিশেষজ্ঞ হিসেবে পরামর্শ ও সেবা প্রদান;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ডাটাবেইজ, ল্যান, সার্ভার ইত্যাদির সিস্টেম উন্নয়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ নিশ্চিতকরণ;
৮	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ফ্রন্ট ডেস্কের সাথে সম্পর্কিত প্রযুক্তি বিষয়ক সকল কার্যক্রমে সহায়তা প্রদান;
৯	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উন্নয়ন প্রকল্প গ্রহণে আইসিটি সংক্রান্ত কার্যক্রমে সহায়তা প্রদান;
১০	আইসিটি বিষয়ক সক্ষমতা উন্নয়নে সফটওয়্যার ও হার্ডওয়ার-এর মান নির্ধারণ;
১১	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সিসি ক্যামেরা নিয়ন্ত্রণ, ফুটেজ সংরক্ষণ ও প্রয়োজনে সরবরাহকরণ;

উন্নয়ন অনুবিভাগ

পরিকল্পনা অধিশাখা

নং	কার্যাবলি
১	এমটিবিএফ-এর আওতায় প্রয়োজনীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কাযর্ক্রম;
২	উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়ন, পরিবীক্ষণ ও চূড়ান্তকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৩	প্রকল্প যাচাই-বাছাই, ডিপিইসি ও পিইসি সভা আহ্বান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৪	বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য নির্ধারণ;
৫	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ এবং এর উপর গৃহীত কার্যক্রম সম্পর্কে আইএমইডিকে অবহিতকরণ;
৬	পঞ্চবার্ষিকী পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনাসহ অন্যান্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রক্রিয়াকরণ ও অনুমোদন;
৮	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের বিষয়ে একনেক সভায় তথ্য প্রদান এবং সভার সিদ্ধান্ত ও পরিপত্র সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিতকরণ;

উন্নয়ন-১ অধিশাখা

নং	কার্যাবলি
১	বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পের বাজেট বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম;
২	বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত কার্যক্রম সভা আহবান;
৩	বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পের জিওবি অর্থ সমর্পণ ও অতিরিক্ত অর্থ চাহিদা সংক্রান্ত কার্যক্রম;
৪	আইবাস++ (Ibass++) এর মাধ্যমে উন্নয়ন বাজেটের সকল কার্যক্রম সম্পন্ন;
৫	এডিপি/আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের ত্রৈমাসিক হিসাব বিবরণী অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে প্রেরণের ব্যবস্থা করা;
৬	জরিপ ও শুমারি রিপোর্ট বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশ এবং সম্পর্কিত প্রতিবেদন প্রস্তুতকরণ;
৭	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস উইং, সেন্সাস উইং, এসএসটিআই এবং ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজে সার্বিক সহায়তা প্রদান;
৮	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এনএসডিএস প্রকল্প বাস্তবায়ন কাজে সার্বিক সহায়তা প্রদান;
৯	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস উইং, সেন্সাস উইং, এসএসটিআই এবং ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের ৯ম ও ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তা নিয়োগসহ যাবতীয় প্রশাসনিক কার্যক্রম;
১০	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস উইং, সেন্সাস উইং, এসএসটিআই এবং ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের পদ সংরক্ষণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্প রাজস্ব বাজেটে স্থানান্তর এবং প্রয়োজনীয় আদেশ জারিকরণ;
১১	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস উইং, সেন্সাস উইং, এসএসটিআই এবং ন্যাশনাল একাউন্টিং

নং	কার্যাবলি
	উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের বিভিন্ন কমিটিতে সদস্য মনোনয়ন;
১২	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস উইং, সেন্সাস উইং, এসএসটিআই এবং ন্যাশনাল একাউন্টিং উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়নে (PEC ও PSC) ও প্রকল্প উত্তর মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ;
১৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;
১৪	সকল উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট সভা/প্রশিক্ষণে কর্মকর্তা মনোনয়ন প্রদান সংক্রান্ত কার্যক্রম;
১৫	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে (আইএমইডি) প্রয়োজনীয় অগ্রগতির রিপোর্ট প্রেরণ;
১৬	মন্ত্রিপরিষদ বিভাগের জন্য মাসিক ও বার্ষিক রিপোর্ট প্রদানসহ উন্নয়ন প্রকল্পের অন্যান্য রিপোর্ট সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ;
১৭	নিজ শাখার বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন;
১৮	কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলি;

উন্নয়ন-২ অধিশাখা

নং	কার্যাবলি
১	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার, কৃষি, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার এবং ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
২	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এনএইচডি প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৩	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার, কৃষি, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার এবং ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের ৯ম ও ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তা নিয়োগসহ যাবতীয় প্রশাসনিক কার্যক্রম;
৪	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার, কৃষি, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার এবং ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের পদ সংরক্ষণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্প রাজস্ব বাজেটে স্থানান্তর এবং প্রয়োজনীয় আদেশ জারিকরণ;
৫	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার, কৃষি, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার এবং ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, সভা অনুষ্ঠান (PEC ও PSC) ও প্রকল্প উত্তর মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত কার্যক্রম;
৬	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার, কৃষি, ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার এবং ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় চলমান প্রকল্পসমূহের বিভিন্ন কমিটিতে সদস্য মনোনয়ন প্রদান;
৭	বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের অনুকূলে অথায়নের নিমিত্ত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন;
৮	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর National Integrity Strategy (NIS) সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;
৯	একনেক সংক্রান্ত সকল কার্যক্রম;
১০	প্রধানমন্ত্রীর কার্যালয়. মন্ত্রিপরিষদ বিভাগ. সংসদের প্রশ্নোত্তর, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্য প্রদান;
১১	নিজ শাখার বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন;
১২	কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলি;

এসডিজি সেল

নং	কার্যাবলি
১	এসডিজি সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্নকরণ;
২	Istanbul Plan of Action সম্পর্কিত কার্যক্রম;
৩	Least Developed Country (LDC) হতে বাংলাদেশের উত্তরণ সম্পর্কিত যাবতীয় তথ্য সরবরাহসহ অন্যান্য কার্যক্রম;

তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ

তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা

নং	কার্যাবলি
১	সরকারের অভ্যন্তরীণ তথ্য-উপাত্ত কাঠামো প্রমিতকরণ, মানোন্নয়ন এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তরের সাথে এ বিভাগের কার্যক্রম বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
২	দেশি ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে পরিসংখ্যানের তথ্য-উপাত্তের দ্বৈততা পরিহার সংক্রান্ত কার্যক্রম;
৩	সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন এবং আধুনিক পদ্ধতিতে তা আর্কাইভে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ;
৪	অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;
৫	ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য জাতীয় মূল্য-সূচক প্রস্তুতকরণ ও প্রকাশ সংক্রান্ত কার্যাদি;
৬	কৃষি, শিল্প, বৈদেশিক বাণিজ্য ও অন্যান্য আর্থ-সামাজিক কার্যক্রমে প্রাপ্ত অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশ সংক্রান্ত কার্যাদি;
৭	তথ্য অধিকার আইন (RTI) বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;
৮	বার্ষিক প্রতিবেদন, বিভিন্ন ক্রোড়পত্র ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনার ব্যবস্থা গ্রহণ;
৯	জেলা গেজেটিয়ার প্রণয়ন, হালনাগাদকরণ এবং সংরক্ষণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;

তথ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা

নং	কার্যাবলি
১	সিভিল রেজিস্ট্রেশন অ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (CRVS), স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) এবং ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (NPR) এর বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
২	জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়ন ও হালনাগাদ;
৩	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন প্রকাশিত যাবতীয় প্রকাশনা, প্রাপ্ত সরকারি গেজেটসমূহের সংরক্ষণ, তদারকি ও তথ্যানুসন্ধান;
৪	সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে নীতি নির্ধারণ ও গবেষণার কাজ এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং ব্যক্তি পর্যায়ে গবেষণার জন্য চাহিদা অনুযায়ী সঠিক, নির্ভরযোগ্য এবং ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
৫	ন্যাশনাল অ্যাডভাইজরি কমিটি অন স্ট্যাটিসটিক্স (NACS) বিষয়ক যাবতীয় কার্যক্রম;
৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন কার্যক্রম বিষয়ে আন্তর্জাতিক পর্যায়ে সভা/সেমিনার/কর্মশালা আয়োজন সংক্রান্ত কার্যক্রম;
৭	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক দেশি ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন সংক্রান্ত কার্যক্রম;
৮	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের লাইব্রেরি'র কার্যক্রম চালু রাখাসহ সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;

তথ্য ব্যবস্থাপনা-৩ অধিশাখা

নং	কার্যাবলি
১	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর শুমারি ও জরিপ কার্যক্রম আধুনিকীকরণে Geographical Information System (GIS) ব্যবহার নিশ্চিতকরণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদান;
২	বাংলাদেশ জিআইএস প্লাটফর্ম (BGISP) এর আওতায় জিও কোড সিস্টেম হালনাগাদকরণ, সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও সমন্বয় সাধন;
৩	ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (ICMS) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম বাস্তবায়নে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে সহায়তা প্রদান;
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;
৫	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জিআইএস অ্যান্ড জিও কোড সেল সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের সমন্বয়কারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন;

২.৩ বিগত ১৪ বছরের উল্লেখযোগ্য অর্জন

- পরিসংখ্যান কার্যক্রমকে গতিশীল, সমন্বিত, লক্ষ্যভিত্তিক ও প্রমিতকরণের জন্য পরিসংখ্যান আইন ২০১৩ প্রণয়ন করা হয়। পরিসংখ্যান আইন-২০১৩ -এর আওতায় বিবিএস ব্যতীত অন্যান্য সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ বিধিমালা-২০১৪ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা নীতিমালা-২০১৬ প্রকাশ করা হয়। বিবিএস-এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত গত ১৮ মে ২০১৯ খ্রি. তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৯ নামকরণে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

- বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (এনএসএস) কে শক্তিশালী ও যুগোপযোগী করার উদ্দেশ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক National Strategy for the Development of Statistics (NSDS) বা 'জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র প্রণয়ন করা হয়। ২৮ অক্টোবর ২০১৩ তারিখে মন্ত্রিপরিষদ কর্তৃক National Strategy for the Development of Statistics (NSDS) অনুমোদিত হয়। এনএসডিএস হচ্ছে পরিসংখ্যান ব্যবস্থার সামগ্রিক উন্নয়নের উদ্দেশ্য প্রণীত একটি বিস্তারিত, বাস্তবসম্মত, অংশগ্রহনমূলক, পরিবর্তনশীল এবং রাষ্ট্রীয় পরিকল্পনার দলিল।

- সরকারি উপাত্ত সংক্রান্ত কার্যক্রম সমন্বয়ের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবের নেতৃত্বে 'জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC)' নামে একটি উচ্চ পর্যায়ের অংশগ্রহণমূলক কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির প্রধান দায়িত্ব হলো, উপাত্ত প্রস্তুত কার্যক্রম গতিশীল করা, উপাত্ত প্রস্তুতের ক্ষেত্রে দ্বৈততা হ্রাসকরণ ও জরিপ পরিচালনার ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণ, উপাত্তের অভাব চিহ্নিতকরণ, মানসম্মত উপাত্তের প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং এসডিজিসহ আন্তর্জাতিক বিভিন্ন এজেন্ডা ও সূচকসমূহের উপাত্ত বিষয়ে অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে সমন্বয় সাধন করা।

৪.৪ ইনোভেশন প্রজেক্ট ভিজিট

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদক সূচক ২.২.৫ অনুযায়ী "উদ্ভাবক ও ইনোভেশন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ শিক্ষাসফরের নিমিত্ত বাংলাদেশের নিম্নোলিখিত স্থান পরিদর্শন করেন।

বিডিসিসিএলঃ বঙ্গবন্ধু হাইটেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর -এ ক্লাউড কম্পিউটিং ও জি-ক্লাউড প্রযুক্তিতে ডাটা সেন্টারটি গড়ে তোলা হয়েছে। এই ডাটা সেন্টার হতে ক্লাউড কম্পিউটিং, ক্লাউড ডেস্কটপ, ক্লাউড স্টোরেজ, ডাটা স্টোরেজ ও ব্যাকআপ, ডাটা সিকিউরিটি ও কো-লোকেশন সার্ভিস প্রদান করা হচ্ছে । ৯৯.৯৯৫% আপটাইম বিশিষ্ট এই ডাটা সেন্টার হতে ২৪×৭ সেবা নিশ্চিতের লক্ষ্যে প্রশিক্ষিত ও দক্ষ জনবল দ্বারা পরিচালিত হচ্ছে;

ওয়ালটন ডিজিটেকঃ ওয়ালটন হল একটি মর্যাদাপূর্ণ বাংলাদেশী টেক-জায়ান্ট, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, হোম, কিচেন এবং ইলেকট্রিক্যাল অ্যাপ্লায়েন্সেস ব্র্যান্ড যেখানে সবচেয়ে বড় এবং সবচেয়ে অত্যাধুনিক R এবং I সুবিধা রয়েছে। এটিতে একটি সুসজ্জিত উৎপাদন কারখানা রয়েছে যা বাংলাদেশের অন্যতম সেরা উৎপাদন কারখানা হিসাবে বিবেচিত। ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড ২০১৮ সালে ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, মোবাইল ফোন, নেটওয়ার্কিং ডিভাইস, মনিটর, প্রজেক্টর, মাদারবোর্ড, ডেটা স্টোরেজ, ডিভাইস, পেরিফেরাল, পরিধানযোগ্য, ওয়ার্কস্টেশন, ট্যাবলেট পিসি নামকরণে যাত্রা শুরু করে;

শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক: শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক যশোর শহরের নাজীর শংকর এলাকা অবস্থিত প্রথম আইটি পার্ক। ২০১৭ সালের ৫ অক্টোবর দেশের আইসিটি সেক্টরের বিকাশে শেখ হাসিনা সফটওয্যার টেকনোলজি পার্ক যাত্রা শুরু করে। ২০২১ সালের ৩০ সেপ্টেম্বর রেডডট ডিজিটাল লিমিটেড ও ফেলিসিটি বিগ ডাটা লিমিটেড কোম্পানি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে আগামী ৪০ বছরের জন্য বিনিয়োগের সুযোগ পাচ্ছে। প্রতিষ্ঠানরা হার্ডওয়্যার, সফটওয়্যার, আইওটি, বিপিও, গবেষণা ও উন্নয়ন, ডাটা সেন্টার ইত্যাদি নিয়ে কাজ করবে।

ডাটা প্রিজারভেশন সেন্টার: ভূমিকম্প মুক্ত এলাকা হিসেবে পরিচিত যশোর জেলায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান কার্যালয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে C3.S.P.E.A.R ডাটা প্রিজারভেশন সেন্টার স্থাপন করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কেন্দ্রীয় ডাটা সেন্টারের সাথে যশোর প্রিজারভেশন সেন্টারে Point to Point (P2P) সংযোগ স্থাপন করা হয়েছে।

এ সকল প্রযুক্তিনির্ভর প্রকল্পে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনীতিতে অবদান রাখার মাধ্যমে ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যপূরণে সহায়ক ভূমিকা বেড়ে চলেছে।

ইনোভেশন টিম কর্তৃক 'শেখ হাসিনা সফটওয্যার টেকনোলজি পার্ক' যশোর পরিদর্শন

পঞ্চম অধ্যায়

২০২২-২৩ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যক্রম

৫.১ প্রশিক্ষণ এবং কর্মশালা

৫.১.১ অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও কর্মশালা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা, সামর্থ্য ও কর্মসম্পাদনে ইতিবাচক প্রবণতা বৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণকে গুরুত্বের সাথে বিবেচনা করে প্রশিক্ষণ নির্দেশিকা, ২০২২ প্রণয়ন করা হয়। এ নির্দেশিকার আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ২০২২-২৩ অর্থবছরে নিম্নবর্ণিত প্রশিক্ষণ/কর্মশালা দিনব্যাপী অনুষ্ঠিত হয়:

ক্র. নং	প্রশিক্ষণ/কর্মশালা কোর্সের শিরোনাম	সময়কাল	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১০ আগস্ট ২০২২	২৫ জন
২	বার্ষিক গোপনীয় অনুবেদন পূরণ (১০ম-১৬শ গ্রেড)	২১ আগস্ট ২০২২	৩৫ জন
৩	আধুনিক অফিস ব্যবস্থাপনা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ (১৭শ-২০গ্রেড)	২৫ আগস্ট ২০২২	২৫ জন
৪	দুর্নীতি প্রতিরোধে স্বচ্ছতার সঙ্গে আয়কর রিটার্ন দাখিল বিষয়ক প্রশিক্ষণ (৫ম-তদূর্ধ্ব গ্রেড)	০৫ সেপ্টেম্বর ২০২২	১৬ জন
৫	Sustainable Development Goals and Official Statistics: A Nexus বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	০৬ সেপ্টেম্বর ২০২২	২৩ জন
৬	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় 4IR Technologies for Smart Data Management of Statistics Division বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১৯ সেপ্টেম্বর ২০২২	২৫ জন
৭	"তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা" বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১০ম-১৬শ গ্রেড)	২২ সেপ্টেম্বর ২০২২	৩৪ জন
৮	সচিবালয় নির্দেশমালা ২০১৪, সরকারি চাকরি আইন ২০১৮, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিষয়ে প্রশিক্ষণ (১৭শ-২০গ্রেড)	২৮ সেপ্টেম্বর ২০২২	২৫ জন
৯	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	০৮ নভেম্বর ২০২২	২৪ জন
১০	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১০ম-১৬শ গ্রেড)	১৪ নভেম্বর ২০২২	২৪ জন
১১	আর্থিক ব্যবস্থাপনায় শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	২২ নভেম্বর ২০২২	২১ জন
১২	NEXUS BETWEEN SDGS M&E FRAMEWORK AND DRY OF 8 FYP (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	২৭ নভেম্বর ২০২২	২২ জন
১৩	সচিবালয় নির্দেশমালা ২০১৪, সরকারি চাকরি আইন ২০১৮, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিষয়ে প্রশিক্ষণ (১০ম-১৬শ গ্রেড)	২৮ নভেম্বর ২০২২	৩৩ জন
১৪	এসডিজি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা (১০ম-১৬শ গ্রেড)	০১ ডিসেম্বর ২০২২	৩৩ জন
১৫	দুর্নীতি প্রতিরোধে স্বচ্ছতার সঙ্গে আয়কর রিটার্ন দাখিল বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৬ষ্ঠ-১০ম গ্রেড)	২২ ডিসেম্বর ২০২২	২৮ জন
১৬	অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১০ম-১৬শ গ্রেড)	২৬ নভেম্বর ২০২২	৩৩ জন
১৭	তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	২৯ নভেম্বর ২০২২	২২ জন

ক্র. নং	প্রশিক্ষণ/কর্মশালা কোর্সের শিরোনাম	সময়কাল	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১৮	সেবা প্রদান প্রতিশ্রুতি (১০ম-২০তম গ্রেড) (১ম ব্যাচ)	০৯ জানুয়ারি ২০২৩	২৬ জন
১৯	সেবা প্রদান প্রতিশ্রুতি (১০ম-২০তম গ্রেড) (২য় ব্যাচ)	১২ জানুয়ারি ২০২৩	৩২ জন
২০	'জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুসারে: সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯, গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২, নির্ধারিত ছুটি বিধিমালা-১৯৫৯, ভবিষ্য তহবিল, ভ্রমণ ভাতা ইত্যাদি' (১৭শ-২০তম গ্রেড)	১৭ জানুয়ারি ২০২৩	২২ জন
২১	বার্ষিক গোপনীয় অনুবেদন পূরণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১৯ জানুয়ারি ২০২৩	২৭ জন
২২	'জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুসারে: আধুনিক অফিস ব্যবস্থাপনা, শিষ্টাচার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১৭শ-২০তম গ্রেড)	২৫ জানুয়ারি ২০২৩	২২ জন
২৩	এসডিজি ট্র্যাকার বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	২৭ মার্চ ২০২৩	৩৩ জন
২৪	অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১২ এপ্রিল ২০২৩	২০ জন
২৫	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১০ম-১৬শ গ্রেড)	১৬ এপ্রিল ২০২৩	৩৮ জন
২৬	"তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা" বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১৭শ-২০গ্রেড)	০২ মে ২০২৩	১৮ জন
২৭	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	০৮ মে ২০২৩	৩৬ জন
২৮	এসডিজি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১১ মে ২০২৩	২০ জন
২৯	জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুসারে সচিবালয় নির্দেশমালা ২০১৪, সরকারি চাকরি আইন ২০১৮, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (১৭শ-২০গ্রেড)	১৬ মে ২০২৩	১৮ জন
৩০	এসডিজি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা (১০ম-১৬শ গ্রেড)	১৭ মে ২০২৩	৩৭ জন
৩১	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১৮ মে ২০২৩	২৩ জন
৩২	myGov প্ল্যাটফর্মে ভ্যালিডেশন বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	২২ মে ২০২৩	২৩ জন
৩৩	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	২৯ মে ২০২৩	৩৮ জন
৩৪	আধুনিক অফিস ব্যবস্থাপনা ও ই-নথি ব্যবস্থাপনা বিষয়ক (১৭শ-২০গ্রেড)	০১ জুন ২০২৩	১৮
৩৫	শিষ্টাচার ও আধুনিক অফিস ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা (১০ম-১৬তম গ্রেড)	১২ জুন ২০২৩	৩৫
৩৬	'পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮' বিষয়ক কর্মশালা (৯ম-তদূর্ধ্ব গ্রেড)	১৫ জুন ২০২৩	২৩

৫.২.২ বৈদেশিক প্রশিক্ষণ ও কর্মশালা

বৈশ্বিক কোভিড-১৯ মহামারীর কারণে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ২০২১-২২ অর্থবছরে বৈদেশিক প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠিত হয়নি।

৫.২.৩ জাতীয় পরিসংখ্যান দিবস পালন

পরিসংখ্যান ব্যবস্থাকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি মহান জাতীয় সংসদে 'পরিসংখ্যান আইন-২০১৩' পাস হয় এবং ৩ মার্চ ২০১৩ সালে গেজেট আকারে তা প্রকাশিত হয়। পরিসংখ্যান আইন পাশের ফলে জাতীয় পরিসংখ্যান সংস্থা (NSO) হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) একটি সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ঘোষিত ২৭শে ফেব্রুয়ারি "জাতীয় পরিসংখ্যান দিবস" যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এদিন আলোচনা সভাসহ র‍্যালির আয়োজন করা হয়।



৫.৩ ২০২২-২০২৩ অর্থবছরের বিভিন্ন দিবস পালনের প্রস্তুতকৃত ক্যালেন্ডার

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ঘোষিত জাতীয় দিবস পালনের নির্দেশনা যথাযথ ও সমন্বয়ের সাথে করা হয়। নিম্নরূপ ক্যালেন্ডার অনুযায়ী দিবসসমূহ পালন করা হয়।

দিবসের নাম	কার্যক্রম	কার্যক্রম	কার্যক্রম	মন্তব্য
১.০ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর জন্ম দিবস (৫ আগস্ট)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ : ২৮ জুলাই ২০২২ বৃহস্পতিবার সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ৪ আগস্ট ২০২২ বৃহস্পতিবার	(গ) দিবস পালন তারিখ: ৫ আগস্ট ২০২২ শুক্রবার	
১.১ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব-এঁর জন্মবার্ষিকী (৮ আগস্ট)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ : ২৮ জুলাই ২০২২ বৃহস্পতিবার সময়: বিকাল ৩.৩০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ৭ আগস্ট ২০২২ রবিবার	(গ) দিবস পালন তারিখ: ৮ আগস্ট ২০২২ সোমবার	
১.২ জাতীয় শোক দিবস (১৫ আগস্ট)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ : ২৮ জুলাই ২০২২, বৃহস্পতিবার সময়: বিকাল ৪.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ১৪ আগস্ট ২০২২ রবিবার	(গ) দিবস পালন তারিখ: ১৫ আগস্ট ২০২২ সোমবার	
১.৩ শেখ রাসেল দিবস (১৮ অক্টোবর)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২২, বুধবার সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ১৭ অক্টোবর ২০২২ সোমবার	(গ) দিবস পালন তারিখ: ১৮ অক্টোবর ২০২২ মঙ্গলবার	
১.৪ মহান বিজয় দিবস (১৬ ডিসেম্বর)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ : ১০ নভেম্বর ২০২২, বৃহস্পতিবার, সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ১৫ ডিসেম্বর ২০২২ বৃহস্পতিবার	(গ) দিবস পালন তারিখ: ১৬ ডিসেম্বর ২০২২ শুক্রবার	
১.৫ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস (২১ ফেব্রুয়ারি)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ: ১৮ জানুয়ারি ২০২৩, বুধবার সময়: বিকাল ৪.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৩ সোমবার	(গ) দিবস পালন তারিখ: ২১ ফেব্রুয়ারি ২০২৩ মঙ্গলবার	
১.৬ পরিসংখ্যান দিবস (২৭ ফেব্রুয়ারি)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ: ২৭ অক্টোবর ২০২২, বৃহস্পতিবার, সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৩ রবিবার	(গ) দিবস পালন তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৩ সোমবার	
১.৭ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন (১৭ মার্চ)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ: ৮ ফেব্রুয়ারি ২০২৩, বুধবার সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ১৬ মার্চ ২০২৩ বৃহস্পতিবার	(গ) দিবস পালন তারিখ: ১৭ মার্চ ২০২৩ শুক্রবার	
১.৮ মহান স্বাধীনতা দিবস (২৬ মার্চ)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ: ৮ ফেব্রুয়ারি ২০২৩, বুধবার সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ২৫ মার্চ ২০২৩ শনিবার	(গ) দিবস পালন তারিখ: ২৬ মার্চ ২০২৩ রবিবার	
১.৯ পহেলা বৈশাখ বাংলা নববর্ষ (১৪ এপ্রিল)	(ক) দিবস পালনের জন্য প্রস্তুতিমূলক সভা তারিখ: ২৯ মার্চ ২০২৩, বুধবার সময়: বিকাল ৩.০০ মিনিট	(খ) দিবস পালনে প্রস্তুতি সম্পন্ন তারিখ: ১৩ এপ্রিল ২০২৩ বৃহস্পতিবার	(গ) দিবস পালন তারিখ: ১৪ এপ্রিল ২০২৩ শুক্রবার	

ষষ্ঠ অধ্যায়
টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)

৬.১ টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) পরিবীক্ষণ ও মূল্যায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ভূমিকা ও অগ্রগতি

সূচনা:

অগ্রাধিকারভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের অবিচ্ছেদ্য অংশ হিসেবে সমায়ানুগ, প্রাসঙ্গিক, বস্তুনিষ্ঠ, ব্যবহার বান্ধব ও নির্ভরযোগ্য সরকারি পরিসংখ্যান হলো নীতিনির্ধারণের ক্ষেত্রে প্রধান অনুষঙ্গ। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) পরিবীক্ষণের জন্য মানসম্পন্ন, অভিগম্য, সময়োপযোগী ও নির্ভরযোগ্য এবং আয়, লিঙ্গ, বয়স, বর্ণ, নৃগোষ্ঠী, অভিবাসন মর্যাদা, প্রতিবন্ধিতা, ভৌগোলিক অবস্থান এবং জাতীয় প্রেক্ষিত বিবেচনায় অন্যান্য বৈশিষ্ট্যের ভিত্তিতে বিভাজিত উপাত্ত প্রয়োজন। নির্দিষ্ট উন্নয়ন লক্ষ্যমাত্রার আওতাভুক্ত জনগোষ্ঠীর ভিন্ন ভিন্ন গোষ্ঠী যারা প্রায় ক্ষেত্রেই উন্নয়নের মূল কেন্দ্রবিন্দুতে থাকা জাতীয় প্রবণতা ও গড়ের আড়ালে থেকে যায়, তাদেরকে দৃশ্যমান করতে বিভাজিত (Disaggregated Data) উপাত্তের কোনো বিকল্প নেই, যা এসডিজি'র মূলমন্ত্র "Leave No One Behind" নিশ্চিত করার জন্য অপরিহার্য।

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জন বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ (অঙ্গীকার: ৪) অর্থাৎ ভিশন ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫) বাস্তবায়নের সাথে সরাসরি সম্পৃক্ত। এছাড়াও এসডিজি সরাসরি অন্যান্য ধারাবাহিক নীতি ও কর্ম-পরিকল্পনার সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত।









17 PARTNERSHIPS FOR THE GOALS

এসডিজি'র ১৭টি অভীষ্টের মধ্যে অভীষ্ট ১৭-তে উপাত্ত, পরিবীক্ষণ ও মূল্যায়নে (Data, Monitoring &Evaluation) গুরুত্বারোপ করে এর আওতায় ০৫টি সূচক (১৭.১৮.১, ১৭.১৮.২, ১৭.১৮.৩, ১৭.১৯.১, ১৭.১৯.২) অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) কর্তৃক ২০২২ সালে প্রণীত “Revised Mapping of Ministries/Divisions and Custodian/Partner Agencies for SDG Implementation in Bangladesh” শীর্ষক প্রতিবেদন অনুযায়ী এসডিজি’র ২৪৭টি (৫.৩.২ বাদে, যা বাংলাদেশের জন্য প্রযোজ্য নয়) সূচকের মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মোট ১১৬টিসূচকের উপাত্ত প্রদান করবে। এর মধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ লিড মন্ত্রণালয় হিসেবে ০২টি লক্ষ্যমাত্রা (১৭.১৮ এবং ১৭.১৯) এবং ৪টি সূচকের (১৭.১৮.১, ১৭.১৮.২, ১৭.১৮.৩, ১৭.১৯.১ এর দায়িত্বপ্রাপ্ত।



সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত এসডিজির পথনকশার দলিলের উপর ভিত্তি করে পরবর্তীতে বিবিএস থেকে ডাটা প্রস্তুত সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন করে যা নিম্নের চিত্রে তুলে ধরা হয়েছে।

এসডিজি’র সূচকসমূহের তথ্য-উপাত্তের উৎস:

এসডিজি’র তথ্য-উপাত্তের উৎস বিবেচনায় নিলে ১২৪টি সূচকের ডাটা/উপাত্ত Administrative Record বা Management Information System- (MIS) হতে, ৬৯টি সূচকের উপাত্ত বিভিন্ন শুমারি ও জরিপ হতে এবং ০৯টি সূচকের উপাত্ত Big Data Analysis-এর মাধ্যমে পাওয়া যাবে। এছাড়া, ২৮টি সূচকের ডাটা/উপাত্ত Multiple Data Sources-এর সাথে সম্পৃক্ত নিম্নের চিত্রে তা তুলে ধরা হয়েছে।



এসডিজি কর্মপরিকল্পনা অনুযায়ী বিবিএস কর্তৃক গৃহীত/গৃহীতব্য প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমভিত্তিক এসডিজি সূচকসমূহের উপাত্ত প্রদানের অগ্রগতি নিম্নরূপ:

ক্রমিক	প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমের নাম	উদ্যোগী উইং	এসডিজি সূচকের সংখ্যা	বেইজলাইন উপাত্ত প্রদান করা হয়েছে	বেইজলাইন উপাত্ত এখনও প্রদান করা সম্ভব হয়নি
		সেন্সাস উইং			
১	Population and Housing Census 2022	সেন্সাস উইং	২০টি	৩ টি	১৭ টি
২	Literacy Assessment Survey (LAS) Project for Monitoring SDGs	সেন্সাস উইং	৮টি	৮টি	
৩	Survey on Access to Public Transport and Road Communications	সেন্সাস উইং	২টি		
৪	Citizen Perception Household Survey (CPHS)	সেন্সাস উইং	১৩টি		
৫	Census of Slum Areas and Counting of Floating Population	সেন্সাস উইং	১টি		
৬	Education Household Survey (EHS)	সেন্সাস উইং	৫টি		
		ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং			
৭	Health and Morbidity Status Survey(HMSS)	ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং	৮টি	--	৮টি
৮	Gender Based Violence Survey (GBVS)/Violence Against Women Survey (VAW)	ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং	৯টি	--	৯টি
৯	Sample Vital Registration System (SVRS)	ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং	২৭টি	২৩ টি	৪টি
১০	Multiple Indicator Cluster Survey	ডেমোগ্রাফি অ্যান্ড	২৩টি	১৯টি	৪টি

ক্রমিক	প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমের নাম	উদ্যোগী উইং	এসডিজি সূচকের সংখ্যা	বেইজলাইন উপাত্ত প্রদান করা হয়েছে	বেইজলাইন উপাত্ত এখনও প্রদান করা সম্ভব হয়নি
	(MICS)	হেলথ উইং			
১১	Time Use Survey	ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং	১টি	১টি	--
		ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং			
১২	Improving of Labor Statistics and Labor Market Information Project	ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং	১২টি	৪টি	৮টি
১৩	Child Labour Survey	ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং	১টি	১টি	
১৪	Cost of Migration Survey	ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং	১টি	১টি	
১৫	Survey on Manufacturing Industries (SMI)	ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং	৩টি	২টি	
১৬	Access and Use of ICT by Household and Individual Survey	ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং	৩টি	৩টি	-
		এগ্রিকালচার উইং			
১৭	Agriculture Sample Census	এগ্রিকালচার উইং	৬টি	৬টি	
১৮	Food Insecurity Experience Scale (FIES) Survey	এগ্রিকালচার উইং	১টি		
১৯	Agriculture Production Survey/Cost of Production Survey	এগ্রিকালচার উইং	৩টি		
২০	Agriculture Wing	এগ্রিকালচার উইং	১টি		
		ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং			
২১	Household Income and Expenditure Survey (HIES)	ন্যাশনাল অ্যাকাউন্টিং (মূল্য ও মজুরি) উইং	১৪টি	০৬টি	০৮টি
২২	Compilation of GDP/NAW	ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং	১৩টি	০৮টি	০৫টি
২৩	Surveys on Tourism Satellite Account	ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং	১টি	১টি	
		এফএ অ্যান্ড এমআইএস উইং			
২৪	পরিসংখ্যান আইন, ২০১৩ সংশোধন	এফএ অ্যান্ড এমআইএস উইং	১টি		
		ইসিডিএস সেল			
২৫	Bangladesh Disaster Related Household Survey	ইসিডিএস সেল	৫টি	৫টি	-
২৬	Bangladesh Waste Management Survey	ইসিডিএস সেল	৩টি	০৪টি	১টি
২৭	Data Compilation for SEA Accounts	ইসিডিএস সেল	৫টি		
		এসডিজি সেল			
২৮	Big Data Analysis	এসডিজি সেল	১টি (১১.৩.১)		

৬.১.১ এসডিজি পরিবীক্ষণ ও মূল্যায়নে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র ভূমিকা:

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র তথ্য-উপাত্ত প্রদানকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তথা 'জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা (NSS)'-এর আওতাভুক্ত সকলের সাথে সমন্বয়ের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব মহোদয়কে সভাপতি করে গত ০৪ মার্চ ২০১৮ তারিখে **৫৫** সদস্যবিশিষ্ট জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC) গঠন করা হয়। এসডিজি পরিবীক্ষণে সকলের অংশগ্রহণমূলক ভূমিকা নিশ্চিতকরণে এ কমিটি জাতীয় পর্যায়ে অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করছে। NDCC গঠনের পর এ পর্যন্ত ১৮টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হয়েছে।

এ কমিটি'র প্রধান দায়িত্ব হলো-

- উপাত্ত প্রস্তুত কার্যক্রম গতিশীল করা;
- উপাত্ত প্রস্তুতের ক্ষেত্রে দ্বৈততা হ্রাসকরণ ও উপাত্তের অভাব চিহ্নিতকরণ;
- মানসম্মত উপাত্তের প্রাপ্যতা নিশ্চিতকরণ এবং এসডিজিসহ আন্তর্জাতিক ২৪টি ইনডেক্সের উপাত্ত বিষয়ে অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে সমন্বয় সাধন করা;

NDCC-এর অষ্টাদশ সভায় সভাপতিত্ব করছেন ড. শাহনাজ আরেফিন, *এনডিসি,* সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

এছাড়াও অফিসিয়াল পরিসংখ্যান বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনে পর্যাপ্ত পর্যালোচনাপূর্বক তার আলোকে NDCC'কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার জন্য ৯টি বিষয়ভিত্তিক কারিগরি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিসমূহের মোট সদস্য সংখ্যা ১৫২ জন। কারিগরি কমিটিসমূহের সভাপতি হচ্ছেন এসআইডি'র অতিরিক্ত সচিব/যুগ্মসচিব এবং সদস্য-সচিব বিবিএস-এর সংশ্লিষ্ট উইং/সেল প্রধানগণ। নিম্নের চিত্রে বিষয়ভিত্তিক কারিগরি কমিটিসমূহ উল্লেখ করা হয়েছে:



এই কারিগরি কমিটিসমূহ এসডিজি'র সূচকসমূহ নিয়ে নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে হালনাগাদ তথ্য-উপাত্ত সরবরাহ করছে।



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জাতিসংঘ, বিশ্ব ব্যাংক, আইএমএফ, এডিবিসহ বিভিন্ন ইন্টারন্যাশনাল সংস্থায় উপাত্ত সরবরাহ করে থাকে। এ সূচকসমূহে হালনাগদ উপাত্ত সরবরাহের মাধ্যমে ইন্টারন্যাশনাল পরিমন্ডলে বাংলাদেশের যথাযথ অবস্থান নিশ্চিত করতে এসআইডি ভূমিকা পালন করছে। এরকম ২৪টি ইন্টারন্যাশনাল ইনডেক্স (Human Development Index, Global Huger Index, Human Capital Index, ICT Development Index, Global Index ইত্যাদি)-এর ৫৮৭টি ইনডিকেটরের মধ্যে বাংলাদেশের জন্য প্রযোজ্য সূচকসমূহ চিহ্নিতকরণ, সূচকভিত্তিক মেটাডাটা বা methodological concept প্রস্তুত, সেক্টরভিত্তিক সঠিক প্রতিনিধিদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান, সূচকসমূহ নিয়ে অধিকতর বিশ্লেষণপূর্বক একটি অর্জনযোগ্য ও সমন্বিত ভবিষ্যৎ কর্মপরিকল্পনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র একটি প্রধান দায়িত্ব।

২৪টি ইন্টারন্যাশনাল ইনডেক্স-এর ৫৮৭টি সূচকের জন্য জাতীয় উৎসের হালনাগাদ তথ্য-উপাত্ত নিশ্চিতকরণে সমন্বয় করা

১। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স
২। গ্লোবাল হাঙ্গার ইনডেক্স
৩। হিউম্যান ক্যাপিটাল ইনডেক্স
৪। আইসিটি ডেভেলপমেন্ট ইনডেক্স
৫। গ্লোবাল ইনডেক্স
৬। লজিস্টিক পারফরম্যান্স ইনডেক্স
৭। ই-কমার্স ইনডেক্স
৮। ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট ইনডেক্স
৯। গ্লোবাল সাইবার সিকিউরিটি ইনডেক্স
১০। হিউম্যান এসেট ইনডেক্স
১১। ফেডার ইনইকুয়ালিটি ইনডেক্স
১২। ইজ অফ ডুইং বিজনেস ইনডেক্স

INTERNATIONAL INDEXES

১৩। ওপেন ডেটা ইনডেক্স
১৪। নেটওয়ার্ক রেডিনেস ইনডেক্স
১৫। গ্লোবাল ইনোভেশন ইনডেক্স
১৬। এসডিজি ইনডেক্স
১৭। ওয়ার্ল্ড হ্যাপিনেস ইনডেক্স
১৮। ই-পার্টিসিপেশন ইনডেক্স
১৯। গ্লোবাল কম্পিটিটিভনেস ইনডেক্স
২০। গ্লোবাল কানেক্টিভিটি ইনডেক্স
২১। করাপশন পারসেপশন ইনডেক্স
২২। গ্লোবাল পিস ইনডেক্স
২৩। ট্রাভেল এন্ড ট্যুরিজম কম্পিটিটিভনেস ইনডেক্স
২৪। মাল্টিডাইমেনশনাল পোভার্টি ইনডেক্স

International Ranking-এ বাংলাদেশের হালনাগাদ অবস্থান তুলে ধরার জন্য Index-এর আওতাধীন সূচকের উপাত্ত প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধনের কাজটি NDCC করে থাকে। যা উক্ত কমিটি'র কার্যপরিধিতে উল্লেখ রয়েছে। এ লক্ষ্যে ২০১৯ সালে ২৪টি International Index নিয়ে কাজ করার বিষয়ে NDCC-এর ১০ম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ২৪টি Index-এর আওতায় ৫৮৭টি Indicator চিহ্নিত করে একটি Mapping Document প্রণয়ন করা হয়। ২৪টি Index-এর মধ্যে বিবিএস মোট ৬টি Index-এর জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা। বর্তমানে ২৪টি Index-এর মধ্যে ১৩টি Index-এর ফলাফল নিয়মিতভাবে প্রকাশ করা হয়, ৮টি Index-এর ফলাফল নিয়মিতভাবে প্রকাশ করা হয় না এবং ৩টি Index Custodian Agency কর্তৃক বাতিল করায় বিদ্যমান Mapping Document-টি হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এসডিজি ট্র্যাকার:

SDG বিষয়ক তথ্য উপাত্ত অনলাইনে পরিবীক্ষন ও প্রতিবেদনের জন্য এটুআই প্রোগ্রামের সহযোগিতায় SDG Tracker বা অনলাইন তথ্য বাতায়ন প্রণয়ন করা হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী ২০১৭ সালের ২০ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারন পরিষদে বিশ্ববাসীর কাছে তা উন্মুক্ত করেন।

SDG TRACKER
Bangladesh's Development Mirror
www.sdg.gov.bd

SDG Tracker এ যাতে যথাসময়ে হালনাগাদ Data প্রদান করা হয়, সেজন্য ডাটা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর ডাটা প্রদানকারী ও ডাটা অনুমোদনকারী কর্মকর্তাদেরকে এ বিষয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

বিবিএস এসডিজি ডাটা প্রস্তুত সংক্রান্ত কর্ম-পরিকল্পনা "Action Plan and Methodological Guidelines for Data Generation and Disaggregation for Monitoring and Evaluation of SDGs" শীর্ষক প্রতিবেদন সম্প্রতি জাতিসংঘের SDG Good Practices হিসেবে স্বীকৃতি লাভ করেছে, যা নিম্নের চিত্রে তুলে ধরা হয়েছে।

এসডিজি সূচকসমূহের হালনাগাদ তথ্য-উপাত্ত:

এসডিজি বাস্তবায়ন পর্যালোচনা সংক্রান্ত জাতীয় কমিটি'র সভায় বিবিএস-এর বাইরে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার আওতাধীন অন্যান্য সকল উৎস হতে তথ্য সংগ্রহ নিশ্চিত করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দায়িত্ব পালন করছে। জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র নিয়মিত সভা আয়োজনসহ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণের ফলশ্রুতিতে এসডিজি সূচকে ডাটা/উপাত্ত প্রাপ্তিতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। NDCC গঠনের প্রাক্কালে ১১২টি সূচকের Baseline ডাটা/উপাত্ত ছিল। NDCC গঠন পরবর্তী সময়ে অতিরিক্ত আরো ৮২টি সূচকের Baseline ডাটা সংগ্রহ করা হয়েছে। বর্তমানে এসডিজি'র ১৯৪টি সূচকের Baseline ডাটা রয়েছে। ২০১৬ সালে Baseline Data সংগ্রহের হার ছিল ৪৬% বর্তমানে তা ৭৯% এ উন্নীত হয়েছে। Baseline ডাটার বিপরীতে ৭১টি সুচকের হালনাগাদকৃত ডাটা প্রদান করা হচ্ছে। নিম্নের চিত্রে তা তুলে ধরা হয়েছে:



এছাড়াও নিম্নের অভীষ্টভিত্তিক সূচকসমূহের প্রাপ্যতা ও অপ্রাপ্যতার হালনাগাদ চিত্র তুলে ধরা হয়েছে।



উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে বর্তমান সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে বদ্ধপরিকর। ২০১৬ থেকে ২০৩০ সাল মেয়াদের বৈশ্বিক এ উন্নয়ন এজেন্ডা বাস্তবায়নে বাংলাদেশ ইতোমধ্যে যথেষ্ট অগ্রগতি সাধন করেছে। এসডিজি'র ১৭টি অভীষ্টের আওতায় ১৬৯টি লক্ষ্যমাত্রার বিপরীতে মন্ত্রণালয়/বিভাগসমূহ ইতোমধ্যে বিস্তারিত কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছে এবং তা বাস্তবায়ন করছে। এসডিজি'র স্থানীয়করণের লক্ষ্যে বিভাগীয় পর্যায় থেকে শুরু করে ওয়ার্ড পর্যায় পর্যন্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সমাজের বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষকে এ কাজের সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে নানাবিধ পদক্ষেপ নেয়া হয়েছে। জাতিসংঘের মহাসচিবের পৃষ্টপোষকতায় ও প্রখ্যাত মার্কিন অর্থনীতিবিদ Professor Jeffrey David Sachs-এর নেতৃত্বে গঠিত Sustainable Development Solutions Network (SDSN) কর্তৃক মূল্যায়নে এসডিজি বাস্তবায়নের ক্ষেত্রে ২০১৭ সালে বাংলাদেশ ১৫৭টি দেশের মধ্যে ছিল ১২০তম, আর অতি সম্প্রতি প্রকাশিত ২০২৩ সালের প্রতিবেদন অনুযায়ী ১৬৬টি দেশের মধ্যে বাংলাদেশের বৈশ্বিক অবস্থান ১০১তম অর্থাৎ এ সময়ে বাংলাদেশ র ্যাংকিং-এ ১৯ ধাপ অগ্রগতি করেছে।

সাল	২০১৭	২০১৮	২০১৯	২০২০	২০২১	২০২২	২০২৩
বাংলাদেশের Ranking	১২০	১১১	১১৬	১০৯	১০৯	১০৪	১০১
ইনডেক্স স্কোর	৫৬.২	৫৯.৩	৬০.৯	৬৩.৫	৬৩.৫	৬৪.২	৬৫.৯
মোট দেশের সংখ্যা	১৫৭	১৫৬	১৬২	১৬৬	১৬৫	১৬৩	১৬৬

সূত্র: SDSN কর্তৃক ২০১৭-২০২৩ সময়ে বাংলাদেশের এসডিজি বাস্তবায়নে বৈশ্বিক অবস্থান

৬.১.২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত সূচকসমূহের অগ্রগতি:

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ নিম্নলিখিত ০৫টি সূচকের দায়িত্বপ্রাপ্ত। সূচকসমূহের অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:



17.18.1 is Tier 3

- **এসডিজি সূচক ১৭.১৮.১** (সরকারি পরিসংখ্যান সংক্রান্ত মূলনীতি অনুযায়ী লক্ষ্যের সাথে সম্পর্ক রেখে পূর্ণ বিভাজনসহ জাতীয় পর্যায়ে টেকসই উন্নয়ন সূচক প্রস্তুতির অনুপাত)-এ পরিবর্তন (Replacement) আনা হয়েছে। বর্তমানে সূচকটি হলো "Statistical Capacity indicator for Sustainable Development Goal Monitoring" এবং এটি Tier II-তে রয়েছে, তবে Metadata এখনো প্রকাশিত হয়নি। এসডিজি সূচক ১৭.১৮.১ এর Metadata প্রকাশিত হলে কার্যক্রম শুরু করা হবে।

- **এসডিজি সূচক ১৭.১৮.২** (সরকারি পরিসংখ্যান সংক্রান্ত মূলনীতির সাথে সংগতিপূর্ণ জাতীয় পরিসংখ্যান আইন রয়েছে এমন দেশের সংখ্যা)- পরিসংখ্যান আইন, ২০১৩-তে Fundamental Principles of Official Statistics (FPOS)-এর ০৭ টি Principles অন্তর্ভূক্ত আছে। বাকী ০৩ টি Principles অন্তর্ভূক্ত করে আইন সংশোধনের কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য UNSD কর্তৃক প্রণীত ১০টি Fundamental Principles of Official Statistics সহ আরও ১৯ টি Principles সন্নিবেশ করে UNICEF-এর সহযোগিতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক 'National Data Quality Assurance Framework' চূড়ান্ত করা হয়েছে।

- **এসডিজি সূচক ১৭.১৮.৩** (তহবিলের উৎস অনুযায়ী, সম্পূর্ণভাবে তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন জাতীয় পরিকল্পনা বিদ্যমান এমন দেশের সংখ্যা)- National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support শীর্ষক প্রকল্প রয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় National Strategy for the Development of Statistics শীর্ষক কৌশলপত্রটি এসডিজি'র সাথে সমন্বয়পূর্বক হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- **এসডিজি সূচক ১৭.১৯.১** (উন্নয়নশীল দেশগুলোতে পরিসংখ্যানগত সক্ষমতা শক্তিশালী করার লক্ষ্যে বরাদ্দকৃত সকল সম্পদের ডলার মূল্য)- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে ডাটা সংগ্রহপূর্বক প্রাপ্ত ডাটা সংকলন শেষে এসডিজি ট্র্যাকারে প্রদান করা হয়। ইতোমধ্যে ২০১৬-২০২১ সাল পর্যন্ত ডাটা এসডিজি ট্র্যাকারে প্রদান করা হয়েছে। বর্তমানে এসডিজি ট্র্যাকারে ২০২২ সালের ডাটা প্রদানের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে তথ্য সংগ্রহ করা হচ্ছে।

- এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের জন্য উপাত্তের অভাব চিহ্নিত করা উপাত্ত প্রস্তুত কার্যক্রম গতিশীল করা, দ্বৈততা হ্রাস করা এবং প্রশাসনিক উৎসের পাশাপাশি পরিসংখ্যানিক জরিপ ও শুমারির উপাত্ত সংকলনের মাধ্যমে জাতীয় পরিসংখ্যানিক ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে এসআইডি কর্তৃক সম্প্রতি কারিগরি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জাতিসংঘ, বিশ্ব ব্যাংক, আইএমএফ, এডিবিসহ বিভিন্ন ইন্টারন্যাশনাল সংস্থায় উপাত্ত সরবরাহ করে থাকে। এ সূচকসমূহে হালনাগদ উপাত্ত সরবরাহের মাধ্যমে ইন্টারন্যাশনাল পরিমন্ডলে বাংলাদেশের যথাযথ অবস্থান নিশ্চিত করতে এসআইডি/বিবিএস ভূমিকা পালন করছে। এরকম ২৪টি ইন্টারন্যাশনাল ইনডেক্স (Human Development Index, Global Huger Index, Hunger Capital Index, ICT development Index, Global Index ইত্যাদি)-এর ৫৮৭টি ইনডিকেটরের মধ্যে বাংলাদেশের জন্য প্রযোজ্য সূচকসমূহ চিহ্নিতকরণ, সূচকভিত্তিক মেটাডাটা বা methodological concept প্রস্তুত, সেক্টরভিত্তিক সঠিক প্রতিনিধিদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান, সূচকসমূহ নিয়ে অধিকতর বিশ্লেষণপূর্বক একটি অর্জনযোগ্য ও সমন্বিত ভবিষ্যৎ কর্মপরিকল্পনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২৪টি ইন্টারন্যাশনাল ইনডেক্স-এর ৫৮৭টি সূচকের জন্য জাতীয় উৎসের হালনাগাদ তথ্য-উপাত্ত নিশ্চিতকরণে সমন্বয় করা

১। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স
২। গ্লোবাল হাঙ্গার ইনডেক্স
৩। হিউম্যান ক্যাপিটাল ইনডেক্স
৪। আইসিটি ডেভেলপমেন্ট ইনডেক্স
৫। গ্লোবাল ইনডেক্স
৬। লজিস্টিক পারফরম্যান্স ইনডেক্স
৭। ই-কমার্স ইনডেক্স
৮। ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট ইনডেক্স
৯। গ্লোবাল সাইবার সিকিউরিটি ইনডেক্স
১০। হিউম্যান এসেট ইনডেক্স
১১। জেন্ডার ইনইকুয়ালিটি ইনডেক্স
১২। ইজ অফ ডুইং বিজনেস ইনডেক্স

১৩। ওপেন ডেটা ইনডেক্স
১৪। নেটওয়ার্ক রেডিনেস ইনডেক্স
১৫। গ্লোবাল ইনোভেশন ইনডেক্স
১৬। এসডিজি ইনডেক্স
১৭। ওয়ার্ল্ড হ্যাপিনেস ইনডেক্স
১৮। ই-পার্টিসিপেশন ইনডেক্স
১৯। গ্লোবাল কম্পিটিটিভনেস ইনডেক্স
২০। গ্লোবাল কানেক্টিভিটি ইনডেক্স
২১। করাপশন পারসেপশন ইনডেক্স
২২। গ্লোবাল পিস ইনডেক্স
২৩। ট্রাভেল এন্ড ট্যুরিজম কম্পিটিটিভনেস ইনডেক্স
২৪। মাল্টিডাইমেনশনাল পোভার্টি ইনডেক্স

এসডিজি ট্র্যাকার:

SDG বিষয়ক তথ্য উপাত্ত অনলাইনে পরিবীক্ষন ও প্রতিবেদনের জন্য এটুআই প্রোগ্রামের সহযোগিতায় SDG Tracker বা অনলাইন তথ্য বাতায়ন প্রণয়ন করা হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী ২০১৭ সালের ২০ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারন পরিষদে বিশ্ববাসীর কাছে তা উন্মুক্ত করেন।

SDG TRACKER
Bangladesh's Development Mirror
www.sdg.gov.bd

SDG Tracker এ যাতে যথাসময়ে হালনাগাদ Data প্রদান করা হয়, সেজন্য ডাটা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর ডাটা প্রদানকারী ও ডাটা অনুমোদনকারী কর্মকর্তাদেরকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

UN Recognized as the 'SDG Good Practice'

SDG GOOD PRACTICES

Prime Minister Sheikh Hasina unveils the cover of a book titled ' Work Plan and Standard Guidelines' at the Executive Committee of the National Economic Council meeting at NEC Conference Room in the city's Sher-e-Bangla Nagar on Tuesday, virtually from her official residence Ganobhaban — Focus Bangla

এসডিজি সূচকসমহের হালনাগাদ তথ্য-উপাত্ত:

এসডিজি বাস্তবায়ন পর্যালোচনা সংক্রান্ত জাতীয় কমিটি'র সভায় বিবিএস-এর বাইরে জাতীয় পরিসংখ্যান ব্যবস্থার আওতাধীন অন্যান্য সকল উৎস হতে তথ্য সংগ্রহ নিশ্চিত করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বিবিএসকে দায়িত্ব প্রদান করা হয়েছে। জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি'র নিয়মিত সভা আয়োজনসহ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণের ফলশ্রুতিতে এসডিজি সূচকে ডাটা/উপাত্ত প্রাপ্তিতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। NDCC গঠনের প্রাক্কালে ১১২টি সূচকের Baseline ডাটা/উপাত্ত ছিল। NDCC গঠন পরবর্তী সময়ে অতিরিক্ত আরো ৮২টি সূচকের Baseline ডাটা সংগ্রহ করা হয়েছে। বর্তমানে এসডিজি'র ১৯৪টি সূচকের Baseline ডাটা রয়েছে। ২০১৬ সালে Baseline Data সংগ্রহের হার

ছিল ৪৬% বর্তমানে তা ৭৯% এ উন্নীত হয়েছে। Baseline ডাটার বিপরীতে ৭১টি সুচকের হালনাগাদকৃত ডাটা প্রদান করা হচ্ছে।





পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত সূচকসমূহের অগ্রগতির তথ্য:

- **এসডিজি সূচক ১৭.১৮.১** (সরকারি পরিসংখ্যান সংক্রান্ত মূলনীতি অনুযায়ী লক্ষ্যের সাথে সম্পর্ক রেখে পূর্ণ বিভাজনসহ জাতীয় পর্যায়ে টেকসই উন্নয়ন সূচক প্রস্তুতির অনুপাত)-এ পরিবর্তন (Replacement) আনা হয়েছে। বর্তমানে সূচকটি হলো "Statistical Capacity indicator for Sustainable Development Goal Monitoring" এবং এটি Tier II-তে রয়েছে, তবে Metadata এখনো প্রকাশিত হয়নি। এসডিজি সূচক ১৭.১৮.১ এর Metadata প্রকাশিত হলে কার্যক্রম শুরু করা হবে।

- **<u>এসডিজি সূচক ১৭.১৮.২</u>** (সরকারি পরিসংখ্যান সংক্রান্ত মূলনীতির সাথে সংগতিপূর্ণ জাতীয় পরিসংখ্যান আইন রয়েছে এমন দেশের সংখ্যা)- পরিসংখ্যান আইন, ২০১৩-তে Fundamental Principles of Official Statistics (FPOS)-এর ০৭ টি Principles অন্তর্ভূক্ত আছে। বাকী ০৩ টি Principles অন্তর্ভূক্ত করে আইন সংশোধনের কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য UNSD কর্তৃক প্রণীত ১০টি Fundamental Principles of Official Statistics সহ আরও ১৯ টি Principles সন্নিবেশ করে UNICEF-এর সহযোগিতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক 'National Data Quality Assurance Framework' চূড়ান্ত করা হয়েছে।

- **<u>এসডিজি সূচক ১৭.১৮.৩</u>** (তহবিলের উৎস অনুযায়ী, সম্পূর্ণভাবে তহবিলের অর্থায়নে বাস্তবায়নাধীন জাতীয় পরিকল্পনা বিদ্যমান এমন দেশের সংখ্যা)- National Strategy for the Development of Statistics (NSDS) Implementation Support শীর্ষক প্রকল্প রয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় National Strategy for the Development of Statistics শীর্ষক কৌশলপত্রটি এসডিজি'র সাথে সমন্বয়পূর্বক হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- **<u>এসডিজি সূচক ১৭.১৯.১</u>** (উন্নয়নশীল দেশগুলোতে পরিসংখ্যানগত সক্ষমতা শক্তিশালী করার লক্ষ্যে বরাদ্দকৃত সকল সম্পদের ডলার মূল্য)- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে ডাটা সংগ্রহপূর্বক প্রাপ্ত ডাটা সংকলন শেষে এসডিজি ট্র্যাকারে প্রদান করা হয়। ইতোমধ্যে ২০১৬-২০২১ সাল পর্যন্ত ডাটা এসডিজি ট্র্যাকারে প্রদান করা হয়েছে। বর্তমানে এসডিজি ট্র্যাকারে ২০২২ সালের ডাটা প্রদানের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে তথ্য সংগ্রহ করা হচ্ছে।

- **<u>এসডিজি সূচক ১৭.১৯.২-এর (ক)</u>** গত ১০ বছরে অন্তত একটি আদমশুমারি ও গৃহগণনা পরিচালিত হয়েছে এমন দেশের অনুপাত- এসডিজি সূচক ১৭.১৯.২-এর (ক) বাস্তবায়নে "জনশুমারি ও গৃহগণনা-২০২১" প্রকল্প বিদ্যমান। উক্ত প্রকল্পের আওতায় জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর মূল শুমারি ১৫-২১ জুন ২০২২ তারিখে সম্পন্ন হয়েছে। গত ২৭/০৭/২০২২ তারিখে প্রাথমিক প্রতিবেদন প্রকাশিত হয়েছে। প্রতিবেদন অনুযায়ী দেশের মোট জনসংখ্যা ১৬,৯৮,২৮,৯১১ জন।

সপ্তম অধ্যায়

বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা:
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

৭.১ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিচিতি

পরিসংখ্যান কোন একটি দেশের আর্থ-সামাজিক অবস্থা, অগ্রগতি ও বৈষম্যের চিত্র তুলে ধরে। সে লক্ষ্য ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের পর বাংলাদেশের সঠিক পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও অগ্রগতি পর্যবেক্ষণে পরিসংখ্যানের সম্যক গুরুত্ব উপলব্ধি করা হয়। ফলশ্রুতিতে বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর সুদূরপ্রসারী চিন্তাধারা এবং দিক-নির্দেশনায় ১৯৭৪ সালের আগস্ট মাসে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে থাকা ৪টি পরিসংখ্যান অফিস (পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন 'পরিসংখ্যান ব্যুরো', কৃষি মন্ত্রণালয়ের অধীন 'কৃষি পরিসংখ্যান ব্যুরো' ও 'কৃষি শুমারি কমিশন' এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন 'আদমশুমারি কমিশন')-কে একীভূত করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিষ্ঠা করা হয়। পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশের ক্ষেত্রে কোন সমন্বিত আইন, বিধি বা নীতিমালা না থাকায় কিছু আদেশ ও পরিপত্রের মাধ্যমে পূর্বে বিবিএস এর কাজ পরিচালিত হতো। ২০১৩ সালের ২৭ ফেব্রুয়ারি পরিসংখ্যান আইন মহান জাতীয় সংসদে পাশ হওয়ার মধ্য দিয়ে বিবিএস সত্যিকার অর্থে একটি আইনগত ভিত্তি পেয়েছে। উক্ত আইনের ৬ ধারা অনুযায়ী আইন পাশের পর একই বছর ৩ মার্চ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে বিবিএস এর ইতিহাসে একটি নতুন অধ্যায় সূচনা করেছে। এটি দেশের জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে কাজ করছে।

৭.১.১ ভিশন

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

৭.১.২ মিশন

- সঠিক ও মানসম্মত এবং সময়োপযোগী, পরিসংখ্যান সরবরাহ;
- নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীদের চাহিদা মাফিক উপাত্ত পরিবেশন;
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

৭.১.৩ কার্যাবলি

পরিসংখ্যান আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে বিবিএস এর কার্যাবলি নিম্নরূপ:

(ক) সঠিক, নির্ভুল, সময়োপযোগী এবং মানসম্মত পরিসংখ্যান প্রণয়ন ও সংরক্ষণ;
(খ) সঠিক, নির্ভুল ও সময়োপযোগী পরিসংখ্যান প্রণয়নের জন্য দেশের আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে জরিপ পরিচালনা;
(গ) জনশুমারি, কৃষি শুমারি, মৎস্য ও প্রাণিসম্পদ শুমারি, অর্থনৈতিক শুমারিসহ অন্যান্য শুমারি ও জরিপের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণ;
(ঘ) সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সহিত নির্ভরযোগ্য ও ব্যবহার বান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
(ঙ) পরিসংখ্যান বিষয়ক নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন;
(চ) শাখা কার্যালয়ের কার্যাদি সরেজমিনে তদারক এবং প্রযোজ্য ক্ষেত্রে এর প্রতিবেদন পর্যালোচনা ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ;
(ছ) জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics) প্রবর্তন এবং সময় সময় হালনাগাদকরণ;
(জ) পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ;
(ঝ) পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
(ঞ) পরিসংখ্যান কার্যক্রম সম্পাদনে তথ্য-প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;
(ট) যে কোন কর্তৃপক্ষ, পরামর্শ প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থার সাথে পরিসংখ্যান বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতা প্রদান;
(ঠ) ভোক্তার মূল্য-সূচকসহ অন্যান্য মূল্যসূচক এবং জাতীয় হিসাব প্রস্তুতকরণ;
(ড) অর্থনৈতিক, পরিবেশগত, সামাজিক ও জনমিতি সংক্রান্ত নির্দেশক প্রণয়ন ও প্রকাশকরণ;
(ঢ) ভূমি ব্যবহারসহ বিভিন্ন ফসলের উৎপাদন, উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ প্রাক্কলন;
(ণ) জিও-কোড সিস্টেম প্রণয়ন এবং একমাত্র সরকারি জিও-কোড সিস্টেম হিসেবে উহা হালনাগাদকরণ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারি সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;
(ত) জাতীয় জনসংখ্যা রেজিস্টার (National Population Register) প্রণয়ন ও সময় সময় হালনাগাদকরণ;
(থ) সমন্বিত সেন্ট্রাল জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) প্রণয়ন;
(দ) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তর্জাতিক মানে প্রমিতকরণ (Standardization);
(ধ) সংরক্ষণের বিকল্প ব্যবস্থাসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও আধুনিক পদ্ধতিতে আর্কাইভে সংরক্ষণ;

(ন) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য প্রণীত সরকারি পরিসংখ্যানের মান সত্যকরণ (Authentication);
(প) পরিসংখ্যান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান;
(ফ) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন; এবং
(ব) উপরিউক্ত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৭.১.৪ জনবল

	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	আউটসোর্সিং	মোট
অনুমোদিত	৪৬০	১২৪	২৮৮৪	৬৯৪	১৯০	৪৩৫২
কর্মরত	৩০৪	৪৭	১৫৪৬	৪০৬	১৮৫	২৪৮৮

৭.১.৫ সাংগঠনিক কাঠামো:



পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সৃষ্টির পর হতে দেশের পরিসংখ্যান কার্যক্রমে আরো গতি সঞ্চার হয়েছে। ইতোমধ্যে বিবিএসকে শক্তিশালী করার যে প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে তা সফলভাবে বাস্তবায়নের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ফলে, দেশের পরিসংখ্যানের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এ প্রেক্ষিতে অধিকতর মানসম্পন্ন তথ্য ও উপাত্ত দ্রুততম সময়ে সরবরাহের জন্য বিবিএস এর মাঠ পর্যায়ে তথা সকল বিভাগ ও জেলা পর্যায়ে অফিস স্থাপন এবং উপজেলা পর্যায়ের অফিসসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে বিবিএস এর সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বর্তমানে ৮টি বিভাগীয় শহরে বিভাগীয় অফিস এবং ৬৪ টি জেলায় জেলা অফিস স্থাপন করে চার স্তর বিশিষ্ট সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে।

৭.২ বিবিএস-এর উইং ভিত্তিক কার্যাবলি

৭.২.১ এগ্রিকালচার উইং

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এগ্রিকালচার উইং জাতীয় পর্যায়ে কৃষি বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং প্রকাশের দায়িত্ব পালন করে থাকে। এগ্রিকালচার উইং কর্তৃক প্রকাশিত পরিসংখ্যানের মধ্যে ৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) আবাদকৃত জমির পরিমাণ, একরপ্রতি ফলন হার এবং মোট উৎপাদন হিসাব সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ ছয়টি প্রধান ফসল ছাড়াও অপ্রধান প্রায় ১৪০টি ফসলের বছরভিত্তিক আবাদি জমির পরিমাণ এবং উৎপাদন হিসাব প্রস্তুত ও প্রকাশ

করে থাকে। ভূমি ব্যবহার, কৃষি মজুরি, সেচ পরিসংখ্যান, ফসলের ক্ষয়ক্ষতি ও অন্যান্য কৃষি পরিসংখ্যানও এ উইং কর্তৃক প্রস্তুত ও প্রকাশিত হয়ে থাকে। এছাড়া সেকেন্ডারি উৎস থেকে তথ্য সংকলন করে এ উইং "Yearbook of Agricultural Statistics" নামে একটি বার্ষিক প্রকাশনা নিয়মিতভাবে প্রকাশ করে আসছে। জিডিপি প্রাক্কলনসহ আমদানি-রপ্তানি নিয়ন্ত্রণে এবং পরিকল্পনা প্রণয়নে এসকল পরিসংখ্যান গুরুত্বপূর্ন ইনপুট হিসাবে ব্যবহার করা হয়।

কার্যাবলি

- ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, পাট ও আলু) এবং প্রায় ১৪০টি অপ্রধান ফসলের আয়তন ও উৎপাদন হিসাব প্রাক্কলন;
- ৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ;
- অস্থায়ী ফসলের ক্ষয়ক্ষতির হিসাব প্রাক্কলন;
- মাসিক কৃষি মজুরী হার নিরুপন;
- ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান;
- বার্ষিক কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ প্রণয়ন;

২০২০-২১ এবং ২০২১-২২ অর্থ বছরে ৬টি প্রধান ফসল (আউশ, আমন, বোরো, গম, আলু ও পাট) এর আবাদি জমির পরিমাণ ও উৎপাদনের হিসাবঃ

ফসলের নাম	২০২০-২১		২০২১-২২	
	আবাদিজমির আয়তন (লক্ষএকর)	উৎপাদন (লক্ষমে. টন)	আবাদিজমির আয়তন (লক্ষএকর)	উৎপাদন (লক্ষমে. টন)
আউশ	৩২.২৪	৩২.৮৪	২৮.৬৪	৩০.০০
আমন	১৩৮.৫৯	১৪৪.৩৭	১৪১.৩১	১৪৯.৫৮
বোরো	১১৮.২৯	১৯৮.৮৫	১১৮.৯৭	২০১.৮৫
গম	৮.১২	১০.৮৫	৭.৭৮	১০.৮৫
আলু	১১.৫৮	৯৮.৮৭	১১.৪৭	১০১.৪৪
পাট	১৬.৮৫	৭৭.২৫ (লক্ষ বেল)	১৭.৮৩	৮৪.৩২ (লক্ষ বেল)

২০২০-২১ এবং ২০২১-২২ অর্থ বছরে ১৪০টি অ-প্রধান (১৩টি গ্রুপ) ফসলের অধীন আবাদি জমির পরিমাণ ও উৎপাদন হিসাবঃ

ফসলের গ্রুপ	ফসলের নাম	২০২০-২১		২০২১-২২	
		আবাদি জমির আয়তন(একর)	উৎপাদন (মে.টন)	আবাদি জমির আয়তন(একর)	উৎপাদন (মে.টন)
দানা জাতীয়	যব	৪৬০	১৭৪	৪৫৩.১০	১৭২.৪২
	রবি জোয়ার	৪৪	২১	৪৪.২০	২১.৫৪
	গ্রীষ্মকালীন জোয়ার	৯০	৪২	১২০.৫০	৫৮.৪৭
	রবি ভুট্টা	৯৭৯২১০	৩৫৬৩৬৭৪	৯৮৪৪১৫.৫১	৩৭১৩৭৯৩.০৭
	খরিফ ভুট্টা	২০৬৪৪০	৫৫২৭৬৪	১৯৭২৮৩.৪০	৫৪৮০৫১.৬৭
	চিনা ও কাউন	১৯৮৮	৯৪২	১৭৯৮.১৬	৭৬৯.৭৬
ডাল জাতীয়	ছোলা	১১৩১৮	৫০০৮	১০৭১২.৬৬	৪৮৪৬.৬২
	অড়হর	১১০৬	৪৭৪	১০৭১.৪৬	৪৫৪.৪২
	মসুর	৩৬০৬৯৯	১৮৫৫০০	৩৫৬৯৪৬.১০	১৯০৭৪৩.৬১
	মটর	১৮৫০১	৮০৫১	১৮২৭৬.৬৫	৮১৩১.৯৯
	মুগ	১০৯৩০৪	৪১১৮৯	১১৩৯০৯.১৪	৪১৫৪৮.৪৮
	মাসকলাই	১০০৩৩৩	৩৭৩৪৪	১০২২১৯.৯৫	৩৯০০৫.৩৩
	খেসারি	২৮৬৩৩৫	১৩০৬২৯	২৯০৯০২.১৫	১৩১৯০৮.৪৫
তেল জাতীয়	শীতকালীন তিল	৭৯৮৩	৩৪৪৬	৬৬৭৯.৬৮	২৬৭১.০৩

ফসলের গ্রুপ	ফসলের নাম	২০২০-২১		২০২১-২২	
		আবাদি জমির আয়তন(একর)	উৎপাদন (মে.টন)	আবাদি জমির আয়তন(একর)	উৎপাদন (মে.টন)
	খরিফ তিল	৭৭৭৬৪	২৮৯৮৮	৭৪৯৮০.৪৫	২৮৩৮৯.২০
	রাই ও সরিষা (দেশী)	৮১৪২৮৮	৩৯৬৫৯৪	৮১৭২৩৫.০৫	৪০৯৬৫৯.০৬
	রবি চীনা বাদাম	৭৭০০৩	৫৯৫২৪	৮৯২৬১.৪৯	৬৬৮৪০.৭৬
	খরিফ চীনা বাদাম	৯৩৩৯	৭২২০	১০২৪২.৫১	৭৯০৭.৯১
	সয়াবিন	১৪২৪৪৭	৯১১৭৬	১৪৪৭১২.৭৫	৯৮৬৪৬.০৬
	নারিকেল	৮৯৩২২	৪০২৮৫২	৭৪০২৮.০০	৪১১৯৬৯.৫৬
	তিসি	১২৮৬৯	৩৭৩৫	১২৮২৫.২৭	৩৭৩৫.২৪
মশলা জাতীয়	রবি মরিচ	১৯৬৭৬৮	৩৯৩৫৫৫	১৯২৭০৯.৬৯	৪৯৬২২৩.৫৩
	খরিফ মরিচ	৫০৬৭১	৯৯১২৬	৫০২৯১.১৮	১২৮৬০২.২৪
	পেঁয়াজ	৪৮০১০৫	২২৬৮৭৫৪	৫০৭৫৫৭.০৫	২৫১৭০৭০.৭৬
	রসুন	১৮০০৩৪	৫০১৬১১	১৭৮৪৩৫.৫৬	৫২৬৮১৯.১৬
	হলুদ	৬৫২৩৩	২১৭৭৩৭	৩৫৩৬১.৪২	২৩২২১৯.৮০
	আদা	২৫৩৯৩	৮১৭১৫	২৫৭৭০.৪১	৮২১৫২.৭৩
	ধনিয়া	৫০০২০	২১৫১৮	৫০৯৫৬.৯৭	২২২৪৯.৮৯
	ক্যাপসিকাম	৫৪	১৭৬	৪৮.৮৭	১৫১.৩৮
সুগার জাতীয়	আখ	১৯২৩১০	৩৩৩২৫৪৬	১৭৮৫৬১.৪৩	৩০৮৭৪২৮.৪৭
	খেজুর	২৩৪৪১	৪০১৮৭	২১৬২৮.৫৬	৪০২০৯.৩৪
	খেজুরের রস	৬৮৪০০	১৪৯৭৬১	৩৯০৫৭.৭৪	১৫২৫৬৩.৬৩
	তালের শাস	১২২০৭	৭৯০৬০	১২৭০৮.৩৪	৭৬৯৫৭.৪০
	পাকা তাল(রস)	১০১০৬	৫৭৫৬৯	১০২৩৮.১৭	৫৬৯০০.২০
	পাকা তাল	৭৯৬৬৬	১৪৪৬৫৫	১৫৭৬৬	১৪৪৪৪৫
আঁশ জাতীয়	খরিফ তুলা (কুমিল্লা)	১৭৬৩১	১৬৫৫ (বেল)	১৭৪৭৯.৮০	১৭৭৫.১৩
	রবি তুলা (আমেরিকান)	১৩০২৮	৭০২২৮ (বেল)	১২৭৯৯.৫৩	৬৯১৯৬.৭৫
	শণ (শীতকালীন)	৫৮	৬৮	৫৮.৭০	৬৩.৫৫
	শিমুল তুলা	৮৪২৯	৩০০৪৩	৭৯৮৮.৪৯	৩১৬১৮.৩৯
নেশাজাতীয়	তামাক	৯৯৬০০.৫১	৮৯০০৭.২১	১০০৩৮৪.৮৫	৯২৩২৭.৭২
	যতি	১৯৮৩৪	১৩৭৭২	১৯৮৮০.৭৫	১৪০৬৩.২০
	মতিহার	৯৯০৯	৭০১৪	১০৩৯.৮৮	৭৫৬০.২৭
	ভার্জিনিয়া	৬৯৮৫৬	৬৮২১৫	৭০১০৬.২২	৭০৭০৪.২৫
	পান	৫৫৫২৬	২১৪৬৫২	৫৩৯৬৯.৩৪	২০৬৯৯৩.০০
	চা	১৩৫৭৪৮	৯০৩২৯	১৩৯৯৭৩.১১	৯৮১৪৬.৪৩
	সুপারি	১১৫১৭৪	৩৪৫৮০১	৯৬৭৫৭.১০	৩৩৩৭২৪.০৬
সবজী জাতীয় (গ্রীষ্মকালীন)	কাঁকরোল	১৩৫১৯	৩৩৮৫৮	১৩৪৬৯.৫৭	৪০৪৫০.৩৭
	মিষ্টি কুমড়া	৪৩৮৮৭	২১৫৫১৩	৩০১৬৪.২৪	১৪৫২০৫.৮৩
	বেগুন	৮৩২৭৭	৩৮৪৮৪১	৪৯৪০৬.৯২	২০৯৫৪১.১৭
	পটল	২৬০৫৪	৯৮৪৫১	২৫৭৭৯.৯৫	১১০৩৯৭.৫৯
	ঢেড়শ	৩০১১৮	৭০২৪২	৩০৩২০.৭৬	৮৫২৩২.৯২
	ঝিংগা	২৫৭৭৯	৫৫৯১৭	২৬১৯৪.০০	৬০৫৪৬.০০
	করলা	২৬৮১০	৫৯৩১৩	২৮৭৬১.১৫	৬৫৪২১.৭৯
	কাঁচা কলা	২৮৯২১	১৭৮৮৮৯	২৮৬৪০.২৬	১৮৩৪৩৮.৭৯
	চালকুমড়া	২৫৮১৬	৮৮০০১	২৬১৪৭.৬০	৯৪১৭২.৩৩
	শসা	২৫২৮৮	৯৪৯০০	২৫৬৪৫.৬৭	৯৯৯৮৪.৪৪
	খিরা	১৭২৩২	৬১৮৪৪	১৭০৩১.১৩	৬৪০৫২.৫৪
	পুঁই শাক	২৭২৯১	৯৮০১৫	২৮০৯৬.২৪	১০২৪৮০.৭৪
	চিচিংগা	১৯৪২৪	৪৬০৫৭	১৯৭২৮.৪৮	৪৮১৯২.৭৯
	ডাটা	২৭৩৯৭	৮৬৪৭৯	২৭৯৮৮.১৮	৮৮৬৫৯.৬৬
	বরবটি	১৭৬৮০	৩৩২৮১	১৭৭৩৮.২১	৩৯৫২৯.৩৩
	ধুন্দুল	১১১৪০	২৩৮৭৫	১১১৭৮.৩৮	২৬৯৪৫.৬৪
	কচুর লতি	২০১৩৭	৫৪০৬৭	১৮৯৬২.৬৪	৪৮৬০৯.০৮

ফসলের গ্রুপ	ফসলের নাম	২০২০-২১		২০২১-২২	
		আবাদি জমির আয়তন(একর)	উৎপাদন (মে.টন)	আবাদি জমির আয়তন(একর)	উৎপাদন (মে.টন)
সবজী জাতীয় (শীতকালীন)	সজিনা	৭৬১৩	২৮৫৮৪	৭৪৪৪.২০	২৯৮৮০.১৯
	কাঁচা পেঁপে	২৬৩৯৩	২৯২৩৪১	২১৯২৩.৯৪	৩০৭৯৩৫.২৬
	বেগুন	৮৩২৭৭	৩৮৪৮৪১	৮৪৫৩৬.৬৫	৪০৯০০১.৪৬
	মিষ্টি কুমড়া	৪৩৮৮৭	২১৫৫১৩	৪৪৫৩৭.৭২	২২৮৯৬০.০১
	ফুলকপি	৫৬০২৯	২৯৪৬৮৪	৫৬৪২৬.৬১	৩৪২৩০৬.০৩
	বাঁধাকপি	৫৫২০১	৩৮০২৫৯	৫৩১২৯.২৩	৩৯৫০৩৫.৬৫
	পানি লাউ	৫০১৫৫	২৫১৭৫৩	৫১১৭৬.১৪	২৮৩৯১৮.৪৫
	টমেটো	২৭৮৭৮	৪৪৭৮১৫	৭৩১৫১.৫৫	৪৪২২৯৯.৬০
	মুলা	৬৭২৪৪	৩১৫৬১২	৬৬৫৮২.৭৮	৩২১৭১২.৭৬
	সীম	৫৫০৭৬	১৬৯৬৫৫	৫৬৯৪০.৬২	১৭০০৬৬.৭৯
	গাজর	৫৭৩৬	২৭৫৬৭	৬১৮৪.৯৪	৩১১৪৯.৭৭
	পালং শাক	২৪৬৫১	৬০৫১৬	২৪৫০৯.৭৯	৬১৮৫৯.৪৯
	লাল শাক	৩১৬৮৪	৬৫৩৫৫	৩২২৪৫.৭৭	৭২৭১৬.২৪
	লাউ শাক	১৭৫১৩	৩২৩৮০	১৭৭২২.০৯	৩৫৬৩৮.২৪
ফল (অস্থায়ী)	পাকা কলা	১২২১৯২	৮২৬১৫১	১২২৫৮৫.৪৫	৮২৬১৭৯.৬২
	আনারস	৩৪২৪৬	২০৮১৪১	৩৩৫৮১.৮৭	২০৬১৬৪.৫১
	বাংগী	১০০৯৭	৪৭৪২০	১০২৬৪.০০	৪৯৫৭২.৭৮
	তরমুজ	৪০৮৬০	৩৪৫৯৫৫	৫৭৮৬৫.০৫	৫৫০৩৬৭.৫৩
	স্ট্রবেরী	৪১	১৩৯	৬৫.৮৩	১৬৭.৬৬
	পানি ফল	৪০৫	১৮৯৯	৪৫৩.২০	২০৩৭.০৩
ফল (স্থায়ী)	আম	২৮৬৮২৩	১২১৪৫৯৭	২৯৯০৫৪	১২০৭৪৪৬
	কাঁঠাল	৪৪৬৩০	১০৯৭০০১	৬৯১৬১	১০৪৯৮৯০
	কমলা	১৯২০	৩৭৩৯	২১৮৮.১৪	৩৫৫০.৬৮
	কুল	৩৮৬৫২	১০৭৯৫৮	৪০৪৩৬.৬২	৯৪৮৭৭.৪
	জামরুল	৬৬৪৯	১২৭৬৭	৬১৪৭.৪৭	১৩৩৬৩.১৮
	কামরাংগা	৪১৯৮	১৪৩০৭	৩৯৬১.১৬	১৪৯৩১.৫৭
	জলপাই	৫২০৫	১৪৪৪৮	৫১০১.২২	১৮৪৯৬.৪০
	আমড়া	১১৪১৭	৪২৫২৭	১১৭৩৭	৪৩৮০১.১২
	তেঁতুল	৬২৭৯	৯৫৫২	৬৩৭৭.০৩	১০২৩৮.৭৯
	লিচু	১৭২৭৯	৮৭১৮৩	২০৩৮৮.৫৩	৯২৯৫৮.৪১
	পেয়ারা	৫৮৬১৮	২৪৩৯৫৭	৪৪৭৪২.০০	২৪৪৮৫৭.০০
	লেবু	১৬২২৪২	৮১৬০৪	৩০২৪৮.২২	৯৫৪১১.৮৯
	জাম্বুরা/ বাতাবি লেবু	১৩৯৬৯	৭৮৬৬৫	১৩৯৮.১২	৭৬৩৬৪.৬৩
	পাকা পেঁপে	৮৪১৪	১২৫৭৫৮	১২২৯৯.৭৯	১৪৭৩৫০.৬৬
	ডাব	৬২৫৭৬	৪৪২৭০৮	৬১০৯৩.৮৯	৪৫৮৮৫৫.২৪
	বেল	১৭৯৯৫	৩০০০৯	১৭৯৭৫.৩৪	২৯৩০৫.৭৫
	কাল জাম	১৩৭৫১	৫৬৯২৮	১৩৩৫৭.২৯	৫৪১৩৫.৮৮
ফুল জাতীয়	গোলাপ ফুল	৬৫০	২১৯৮১	৬০৮.০৯	২২১৪০.১৪
	গাঁদা	১০২৫	১৮১২	১০২২.৭৬	১৭৭৭.৫৪
	রজনীগন্ধা	১২৩৫.৫৬	৪১২৯.৫৭	১২১৭.১৩	৪০৯৮.৪৩
	গ্লাডিওলাস	৯৪৩	৪১৫৯	৫৫৭.৫০	৩৭৯৩.৫৫
অন্যান্য ফসল	মিষ্টি আলু	৬৫৫২৪	২৭৯৪০০	৭১৫১০.৮১	৩০৩৭১০.০৫
	তুঁত	৯৩৪	৩০৫৩৪	৭৩৩.০০	২৯৪৩৫.০০
	গো-খাদ্য	৪৫৬০৩	২৮৪৪৪৯	৪৯১৪০.৮৪	৫৪১২৫৫.৬৬

কৃষি মজুরি হার:

বিবিএস মাসিক ভিত্তিতে কৃষি মজুরি হার সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করে থাকে। কৃষি মজুরি হার সংগ্রহের জন্য প্রতি উপজেলা হতে নমুনা ভিত্তিতে ১০ জন কৃষি দিনমজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে উপজেলার কৃষি মজুরের হার নিরূপণ করা হয়। কৃষি দিনমজুর পাওয়া না গেলে যারা কৃষি কাজের জন্য দৈনিক ভিত্তিতে মজুর নিয়োগ করেছেন এমন কৃষকের নিকট থেকে তথ্য নেয়া হয়। ১৫ বছর এবং তদূর্ধ্ব বয়সের পুরুষ এবং মহিলা শ্রমিকের মজুরি হার আলাদা আলাদা নেয়া হয়। সকল জেলার মজুরি হার পাওয়ার পর এর ভিত্তিতে বাংলাদেশের কৃষি মজুরি হার নিরূপণ করা হয়।

২০২২ সনের খোরাকী ছাড়া এবং খোরাকীসহ পুরুষ ও মহিলা ভেদে কৃষি মজুরির হার নিম্নরূপঃ

(টাকায়)

ক্র: নং	মাসের নাম	খোরাকীসহ						খোরাকী ছাড়া	
		একবেলা		দুইবেলা		তিনবেলা			
		পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা
০১.	জানুয়ারি/ ২০২২	৪৪২	৩৩০	৪৩৭	৩৩৮	৪৩৪	৩২৩	৪৭৪	৩৫৪
০২.	ফেব্রুয়ারি/২০২২	৪৪০	৩২৯	৪৪২	৩৩৩	৪৩৫	৩২৩	৪৭০	৩৪৯
০৩.	মার্চ/ ২০২২	৪৪৫	৩২৫	৪২৬	৩১০	৪৩৭	৩২৬	৪৭৬	৩৪৬
০৪.	এপ্রিল/ ২০২২	৪৭৯	৩৪৪	৪৭১	৩৩৯	৪৭৭	৩৪২	৫১২	৩৭৭
০৫.	মে/ ২০২২	৫১৫	৩৬৮	৫১৭	৩৭২	৫৪২	৪১০	৫৪৬	৩৯৭
০৬.	জুন/ ২০২২	৪৬৭	৩৪২	৪৭৮	৩৫৫	৪৭৮	৩৬৯	৫০৯	৩৭৪
০৭.	জুলাই/ ২০২২	৪৭০	৩৪৬	৪৫৬	৩২৬	৪৫৪	৩৬৩	৫০৬	৩৭৩
০৮.	আগস্ট/ ২০২২	৪৮২	৩৪৯	৪৬২	৩২৬	৪৬১	৩৬৭	৫০৯	৩৭৮
০৯.	সেপ্টেম্বর/ ২০২২	৪৬৮	৩৪৯	৪৪৫	৩২৯	৪৫৮	৩৪৭	৪৯৯	৩৭৫
১০.	অক্টোবর/ ২০২২	৪৬৭	৩৫৩	৪৪৫	৩৩২	৪৫৯	৩৫০	৫০২	৩৭৪
১১.	নভেম্বর/ ২০২২	৪৯২	৩৭০	৪৭৮	৩৬৪	৪২১	৩০৮	৫৩২	৩৮৯
১২.	ডিসেম্বর/ ২০২২	৪৮৫	৩৬৭	৪৭৪	৩৫৮	৪৬৫	৩৭০	৫২৭	৩৯৪

এগ্রিকালচার উইং কর্তৃক সম্পাদিত কার্যক্রম, ২০২১-২০২২অর্থ বছর

- ৬টি প্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- ১৪০টি অপ্রধান ফসলের উৎপাদন ও আয়তনের হিসাব প্রাক্কলন করা হয়েছে;
- "কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২২" ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

এ পর্যন্ত বিবিএস প্রকাশিত উল্লেখযোগ্য প্রতিবেদন/প্রকাশনার বিবরণঃ

ক্রঃ নং	প্রকাশনার নাম	প্রকাশের সন	প্রকাশ সংখ্যা	মন্তব্য
১.	কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ-২০২২	২০২৩ **(ওয়েবসাইটে প্রকাশিত)**	সিরিজ-৩৪	

৭.২.২ সেন্সাস উইং

সেন্সাস উইং, বাংলাদেশ পরিংসখ্যান ব্যুরোর অধীন আটটি উইং এর মধ্যে অন্যতম। দেশের জনসংখ্যা, গৃহগণনা সংক্রান্ত সময়াবদ্ধ শুমারি এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান সংক্রান্ত জরিপ পরিচালনা করে থাকে। এছাড়া শুমারির মধ্যবর্তী সময়ে বিভিন্ন বিষয়ে এডহক শুমারি ও জরিপ পরিচালনা করে। দুটি শুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার প্রক্ষেপণ ও পরবর্তী সময়ে দীর্ঘকালীন জনসংখ্যা প্রক্ষেপণ এ উইং করে। সেন্সাস উইং চাহিদার ভিত্তিতে জনসংখ্যা এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান সংক্রান্ত জরিপ আন্তর্জাতিক ক্ষেত্রে সরবরাহ করে থাকে।

কার্যাবলি:

- দেশের জনসংখ্যা ও গৃহগণনা periodical শুমারি এবং শিক্ষা ও সামাজিক পরিসংখ্যান জরিপ পরিচালনা;
- সরকারের বিভিন্ন চাহিদা অনুযায়ী বিষয়ভিত্তিক এডহক শুমারি ও জরিপ পরিচালনা;
- দুই শুমারির মধ্যবর্তী সময়ে জনতাত্ত্বিক সূচকের ভিত্তিতে জনসংখ্যার প্রাক্কলন এবং তৎপরবর্তী সময়ে দীর্ঘকালীন জনসংখ্যার প্রক্ষেপণ;
- পরিসংখ্যান আইন, ২০১৩ এর ধারা-১১ অনুযায়ী 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ নীতিমালা, ২০১৪' এবং 'সংস্থা কর্তৃক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ নীতিমালা, ২০১৬' এর আওতায় বিবিএস যে সকল বিষয়ে শুমারি ও জরিপ পরিচালনা করে না, সেসকল বিষয়ে সরকারের অন্য কোন সংস্থা শুমারি বা জরিপ পরিচালনা করার আবেদন করলে 'অনাপত্তি সনদ' প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;
- জনশুমারি ও গৃহগননা এবং খানার (Household) আয়-ব্যয় জরিপের তথ্যের ভিত্তিতে Small Area Estimation Methodology অনুসরণপূর্বক দেশের ক্ষুদ্র এলাকাভিত্তিক দারিদ্র মানচিত্র প্রণয়ন;
- সরকারের পরিকল্পনা ও নীতি নির্ধারণের জন্য মাঠপর্যায় হতে প্রশাসনিক তথ্য সংগ্রহ ও সংকলন ।

৭.২.৩ কম্পিউটার উইং

কম্পিউটার উইংয়ের ২০২২-২৩ সালে সম্পাদিত কার্যাবলিঃ

(১) জনশুমারি ও গৃহগণনা- ২০২২

(ক) শুমারি অনুষ্ঠানের জন্য প্রণীত Computer Assisted Personal Interviewing (CAPI) Application এর প্রিটেস্টিং, পাইলটিং এবং ভ্যালিডেশন চূড়ান্তকরণ।

(খ) মূল শুমারিতে তথ্য-সংগ্রহ কার্যক্রমে হার্ডওয়্যার ও অ্যাপস সংক্রান্ত সাপোর্ট সার্ভিস প্রদান।

(গ) শুমারি পরবর্তী ডাটা যাচাই-বাছাই, এডিটিং, ক্লিনিং কার্যক্রমে সহযোগীতা প্রদান ।

(২) খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২

(ক) শুমারি অনুষ্ঠানের জন্য প্রণীত Computer Assisted Personal Interviewing (CAPI) Application এর প্রিটেস্টিং, পাইলটিং এবং ভ্যালিডেশন চূড়ান্তকরণ।

(খ) মূল শুমারিতে তথ্য-সংগ্রহ কার্যক্রমে হার্ডওয়্যার ও অ্যাপস সংক্রান্ত সাপোর্ট সার্ভিস প্রদান।

(গ) শুমারি পরবর্তী ডাটা যাচাই-বাছাই, এডিটিং, ক্লিনিং কার্যক্রমে সহযোগীতা প্রদান ।

(৩) বিবিএস এর চাহিদা মাফিক বিভিন্ন জরিপের CAPI Application প্রস্তুত এবং বিদ্যমান অ্যাপস এর পরিবর্তন, পরিবর্ধন এবং সাম্প্রতিকীকরণ করা। এছাড়া বিবিএস এর অন্যান্য উইং কর্তৃক মাঠ পর্যায় হতে আহরিত তথ্য উপাত্ত ইলেকট্রনিক প্রযুক্তিতে ধারণ ও প্রক্রিয়াকরণ করা।

(৪) নবসৃষ্ট বিভিন্ন প্রশাসনিক ইউনিটের জিও কোড (Geo-Code) প্রদান সহ বিদ্যমান Geo-code হালনাগাদ এবং রক্ষণাবেক্ষণ করা।

(৫) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে স্থাপিত Data Centre পরিচালনা করা, Network System, Hardware, Software, Database সুষ্ঠুভাবে পরিচালনা ও মনিটরিং করা।
(৬) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে স্থাপিত Internet ও Website পরিচালনা, রক্ষণাবেক্ষণ করা।
(৭) শুমারি ও জরিপ পরিচালনার জন্য ডিজিটাল ম্যাপ প্রস্তুত, সাম্প্রতিকীকরণ ও সংরক্ষণ করা।
(৮) ব্যবহারকারীদের মাইক্রোডাটা সরবরাহে দ্রুত সেবা প্রদান করা।

(৯) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে বিবিএস-এর জন্য দক্ষ জনবল তৈরি করা, হার্ডওয়্যার ও সফট্ওয়্যার সেবা প্রদান নিশ্চিত করা।

কম্পিউটার উইং এর আওতায় ২০২৩ সালের চলমান প্রকল্প/ কার্যক্রম/কর্মসূচি সমূহের বিবরণঃ

উইং এর নাম	: কম্পিউটার উইং
কার্যক্রমের নামঃ	: বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট।
বাস্তবায়নকারী সংস্থাঃ	: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বাস্তবায়নকালঃ	: জুলাই/২০২০ হতে জুন/২০২৩ পর্যন্ত
কার্যক্রমের ব্যয় (লক্ষ টাকায়)	: ৩ কোটি ২৯ লক্ষ ৫০ হাজার টাকা।
কার্যক্রমের মেয়াদ	: জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩
কার্যক্রমের বর্তমান অবস্থা	: সফলভাবে সমাপ্ত
প্রকল্পের মাধ্যমে সম্পাদিত কার্যাবলী	: (ক) বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি/জরিপের মাইক্রোডাটা অনলাইনে সরবরাহ ও বিক্রয়; (খ) কৃষি উইংয়ের ২(দুই)টি নিয়মিত জরিপ (প্রধান ও অপ্রধান ফসল জরিপ) এর ডাটা online এ সংগ্রহ ও প্রক্রিয়াকরণ; (গ) জনসংখ্যা প্রত্যয়ন পত্র প্রদান; (ঘ) প্রকাশনা বিক্রয়; এবং (ঙ) এসএসটিআই এর ট্রেনিং প্রোগ্রাম ম্যানেজমেন্ট সংক্রান্ত সফ্টওয়্যার।

.

৭.২.৪ ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং দেশের স্বাস্থ্যসেবা, জনতত্ত্ব, পুষ্টি, আর্থ-সামাজিক ইত্যাদি বিষয়ক বিভিন্ন তথ্য সংগ্রহপূর্বক পরিসংখ্যান প্রণয়ন করে। দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পর্যায়ক্রমিক দুটি জনশুমারির মধ্যবর্তী সময়ে জনসংখ্যার হিসাব প্রাক্কলন, বার্ষিক ও ষান্মাসিক জনতত্ত্ব ও জনমিতি বিষয়ক পরিবর্তন সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে। এছাড়াও অত্র উইং এর মাধ্যমে জেন্ডার স্ট্যাটিস্টিক্স প্রণয়ন; গড় আয়ু প্রাক্কলন; জন্ম, মৃত্যু, বিবাহ, মাইগ্রেশন, জন্ম নিয়ন্ত্রণ, প্রতিবন্ধী, রোগ-ব্যাধি, দুর্ঘটনা, মা ও শিশুদের শিক্ষা, স্বাস্থ্য, বাল্য বিবাহ, চাইল্ড ডেভলপমেন্ট ও চাইল্ড ডিসিপ্লিন, স্যানিটেশন ব্যবস্থা ইত্যাদি তথ্য সংগ্রহ ও সংকলনপূর্বক প্রতিবেদন প্রকাশ করা হয়। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস-এর ২০২২-২৩ অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নে তুলে ধরা হলো:

কার্যাবলি

Survey on Children's Education in Bangladesh 2021

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস কর্তৃক Survey on Children's Education in Bangladesh 2021 এর রিপোর্ট প্রকাশ করা হয়েছে। ইউনিসেফ বাংলাদেশ এর আর্থিক ও কারিগরী সহায়তায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে 'Survey on Children's Education in Bangladesh 2021' শীর্ষক জরিপ পরিচালিত হয়েছে। খানা জরিপ হিসেবে এই জরিপটিতে ০৮ টি মডিউল এর মাধ্যমে Probability proportional to size (PPS) পদ্ধতি অনুসরণ করে সারাদেশে ৮টি বিভাগে ৪৫০টি প্রাইমারি স্যাম্পল ইউনিট (PSU) থেকে পদ্ধতিগত দৈবচয়ন এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়। প্রতিটি PSU হতে ২০ টি খানা নির্বাচন করে মোট ৯০০০ খানা থেকে সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে মাঠ পর্যায় হতে ২৬ টি টিমের মাধ্যমে (প্রতিটি টিমে ১জন সুপারভাইজার ও ৩ জন গণনাকারী) তথ্য সংগ্রহ করা হয়েছে।

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং ও ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে পরিচালিত'Survey on Children's Education in Bangladesh 2021' এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মো: মাসুদ আলম, পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস।

কোভিড ১৯ এর প্রভাবে শিশুদের ড্রপ আউট, শিক্ষা ক্ষতি, বাল্য বিবাহ এবং শিশুর প্রতি সহিংসতা সম্পর্কিত বর্তমান অবস্থা পরিমাপ করা এই জরিপের মূল উদ্দেশ্য ছিল, বিশেষ করে গত ১৮ মাসে দীর্ঘ সময় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার ফলে শিশু ও কিশোরীদের শিক্ষা থেকে ঝরে পড়া ও শিক্ষা ক্ষতি বা কি প্রভাব পড়েছে তা জানা এবং গত ১৮ মাসে লকডাউনের কারণে বাল্য বিবাহ এবং শিশুর আচরণ সম্পর্কিত তথ্য সংগ্রহ করা এই জরিপের বিশেষ উদ্দেশ্য।

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং ও ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে পরিচালিত 'Survey on Children's Education in Bangladesh 2021' এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মো: মতিয়ার রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জনাব মো: মাসুদ আলম, পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং। স্থান: বিবিএস, অডিটরিয়াম।

পথশিশু জরিপ ২০২২ পরিচালনার জন্য দেশের ৮টি বিভাগ এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনসহ মোট ১০টি ডোমেইন নির্ধারণ করে জরিপের স্যাম্পলিং ফ্রেম প্রস্তুত এবং মূল তথ্য সংগ্রহের কাজ সম্পাদন করা হয়। জরিপটি দুই ধাপে সম্পন্ন করা হয়। প্রথম ধাপে পথশিশুদের সংখ্যা ও অবস্থান নিরূপণ করার জন্য ২৩ ফেব্রুয়ারি, ২০২২ হতে ২০ মার্চ, ২০২২ খ্রি. পর্যন্ত দেশের সকল জেলা ও উপজেলা শহর, পৌরসভা এবং সিটি কর্পোরেশন এলাকাসমূহে পথশিশু কুইক কাউন্ট কার্যক্রম পরিচালনার করা হয়। দ্বিতীয় ধাপে ৪ এপ্রিল, ২০২২ হতে ২০ এপ্রিল, ২০২২ পর্যন্ত জরিপের মূল তথ্য সংগ্রহের কাজ সম্পাদন করা হয় ।

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর রিপোর্ট প্রকাশ করা হয়েছে। এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিসংখ্যান প্রস্তুত করা যার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল ধারায় নিয়ে আসা এবং তাদের জীবনের সকল ক্ষেত্রে সমান অধিকার প্রতিষ্ঠা করা। চূড়ান্ত রিপোর্ট ২৭ ডিসেম্বর, ২০২২ প্রকাশনা অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশ করা হয়েছে।

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে ড. শাহনাজ আরেফিন *এনডিসি,* সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, কাজী নুরুল ইসলাম, উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জনাব মো: মাসুদ আলম, পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং প্রকল্প পরিচালক, জনাব ইফতেখাইরুল

Making Every Woman and Girl Count Bangladesh (MEWGC)

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে জাতিসংঘের মহিলা বিষয়ক সংস্থা UN Women জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে একটি ফ্লাগশীপ ইনিশিয়েটিভ বাস্তবায়ন করা করেছে। UN Women এই ফ্লাগশীপ প্রোগ্রাম ‘Making Every Woman and Girl Count’ এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশে জেন্ডার স্ট্যাটিস্টিক্স প্রস্তুত , ব্যবহার ও তা প্রচারের ক্ষেত্রে প্রয়োজনীয় ,বিশ্লেষণ সহযোগিতা প্রদান করছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় বর্ণিত জেন্ডার সংবেদনশীল সূচকের নিরিখে সঠিক ও সময়োপোযোগী প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রস্তুত, প্রণয়ন ও প্রাপ্তির নিশ্চয়তা বৃদ্ধি করা এ প্রোগ্রামের একটি অন্যতম লক্ষ্য।

‘Making Every Woman and Girl Count (MEWGC)’ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং UN Women এর যৌথ প্রচেষ্টায় Time Use Survey 2021 পরিচালিত হয়েছে। MEWGC কার্যক্রমটি এগিয়ে নেয়ার লক্ষ্যে এর ২য় দফা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় প্রস্তুতিমুলক কার্যক্রম চলমান রয়েছে। এ ধারাবাহিকতায় বর্তমানে একই প্রোগ্রামের আওতায় ২য় পর্যায়ে (2nd Phase) বাংলাদেশের জিডিপি’তে নারীদের অবৈতনিক কাজের অবদান পরিমাপ করা হবে।

ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং ও UN Women এর যৌথ উদ্যোগে পরিচালিত 'Time Use Survey 2021' এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জনাব মো: মাসুদ আলম, পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস।

মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) ২০২৪

মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) ২০২৪ পরিচালনার লক্ষ্যে ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো Concept Note ডেভেলপমেন্টের জন্য কাজ করছে। সার্ভে পরিচালনার লক্ষ্যে মেথডোলজি প্রণয়নের নিমিত্ত ইতোমধ্যে ওয়ার্কিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এসডিজি সংশ্লিষ্ট বিভিন্ন ইনডিকেটর নিয়ে এ জরিপটি পরিচালনা করা হবে।

মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) একটি বিশ্বব্যাপী পরিচালিত খানা জরিপ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৯৩ সাল থেকে 'মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS)' পরিচালনা করে আসছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ উদ্যোগে ৭ম রাউন্ড 'মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS 2024) পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ২০২৪ সালে জরিপের মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে। MICS এর তথ্য দেশের বিভিন্ন কৌশলগত পরিকল্পনা প্রণয়নসহ দেশের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

Urban Child Wellbeing Survey (UCWS) 2023

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউনিসেফ বাংলাদেশ কর্তৃক যৌথভাবে 'Urban Child Well-being Survey (UCWS) 2023' কার্যক্রম পরিচালনার নিমিত্ত ম্যাথডোলজি ও সার্ভে টুলস চূড়ান্তকরণের কার্যাবলী সম্পাদন করা হয়েছে। 'Urban Child Well-being Survey (UCWS) 2023' কার্যক্রমের ম্যাথডোলজি ও সার্ভে টুলস চূড়ান্তকরণ সংক্রান্ত একটি *Stakeholder Meeting* ও বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। শহরে শিশুদের সুস্থ বৃদ্ধিকে প্রভাবিত করার ক্ষেত্রে মা এবং শিশু লালন-পালনকারীগণের মনোভাব এবং অনুশীলন পরিমাপ করা, পুষ্টি, স্বাস্থ্য, শিক্ষা, সুরক্ষা, পানি প্রাপ্তি এবং স্যানিটেশন সুবিধার বিবেচনায় শহরে শিশুদের সুস্থতার মাত্রা নিরূপন করা *হচ্ছে* এ জরিপের অন্যতম উদ্দেশ্য।

Urban Child Well-being Survey (UCWS) 2023 এর Stakeholder's Consultation Meeting এ উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন *এনডিসি,* সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, জনাব মো: মতিয়ার রহমান, মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জনাব মো: মাসুদ আলম, পরিচালক, ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং, বিবিএস। স্থান: বিবিএস, *সম্মেলন কক্ষ*।

'Urban Child Well-being Survey (UCWS)' শীর্ষক জরিপ পরিচালনার জন্য বাংলাদেশে বিদ্যমান ৮টি বিভাগ এবং সিটি কর্পোরেশনগুলোকে ডোমেইন হিসেবে বিবেচনায় নিয়ে জরিপের Survey Methodology নির্ধারন করা হয়েছে। জরিপে জনশুমারি ও গৃহগণনা-২০২২ কে Sampling Frame হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও জরিপে ৪টি মডিউলে প্রশ্নপত্র (হাউজহোল্ড প্রশ্নপত্র, উইমেন প্রশ্নপত্র এবং তণূর্ধ্ব-৫ বছর বয়সী শিশুর প্রশ্নপত্র এবং ৫-১৭ বছর বয়সী শিশুর প্রশপত্র) চূড়ান্ত করা *হয়েছে*।

Violence Against Women (VAW) Survey 2023

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এবং ইউএনএফপিএ কর্তৃক যৌথভাবে 'Violence Against Women (VAW) Survey 2023' কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জরিপের মাধ্যমে নারীর প্রতি সহিংসতার ব্যাপ্তি পরিমাপ করা, নারীর প্রতি সহিংসতার ধরণ বা প্রকৃতি নিরূপণ করা, নারীর প্রতি সহিংসতা মূলক আঘাত পরিমাপ করা, ও নারীর প্রতি সহিংসতার কারণ, প্রভাব ও গৃহীত পদক্ষেপ সম্পর্কিত পরিসংখ্যান প্রণয়ন করা হবে। ২০২৩ সালে জরিপের মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে।

জরিপ পরিচালনার লক্ষ্যে ম্যাথডোলজি ও সার্ভে টুলস চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে। ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কিত কাজের সাথে সম্পৃক্ত রয়েছেন। 'Violence Against Women (VAW) Survey 2023' কার্যক্রমের ম্যাথডোলজি ও সার্ভে টুলস চূড়ান্তকরণ এবং জরিপ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে।

ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো *(বিবিএস)* এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩ পরিচালনা করা হচ্ছে। দেশে ১৪ থেকে ৩০ বছর বয়সী জনগনের মধ্যে থ্যালাসেমিয়া রোগের বাহকের ব্যাপকতা (Prevalence) নিরূপণ, বয়স (গ্রুপভিত্তিক), লিঙ্গ ও এলাকাভিত্তিক থ্যালাসেমিয়া রোগের বাহকদের বিষয়ে প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে থ্যালাসেমিয়া রোগের বাহকদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার লক্ষ্যে এ জরিপটি পরিচালনা করা হবে। জরিপ পরিচালনার লক্ষ্যে ২০২২-২৩ অর্থ-বছরে ওয়ার্কিং কমিটির সভাসমুহ অনুষ্ঠিত হয়েছে এবং জরিপের *Methodology* প্রণয়নের কাজ চলমান রয়েছে। ২০২৩ সালে জরিপের মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হবে।

বাংলাদেশ থ্যালাসেমিয়া সমিতি কর্তৃক পূর্বে দেশের কয়েকটি জেলার কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উপর থ্যালাসেমিয়া বিষয়ে জরিপ পরিচালিত হলেও জাতীয় পর্যায়ে কোনো জরিপ কার্যক্রম এখন পর্যন্ত পরিচালিত হয়নি। দেশে দিনদিন থ্যালাসেমিয়া রোগীদের সংখ্যা বেড়ে চলেছে, আর এজন্যই থ্যালাসেমিয়া রোগের বাহকদের সঠিক পরিকল্পনার আওতায় আনার জন্য তাদের সঠিক সংখ্যা জানা অত্যন্ত জরুরী। ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩ থ্যালাসেমিয়া রোগের বাহকের সংখ্যা নির্ণয়ের মাধ্যমে সরকারকে সঠিক ও সময়োপযোগী পরিকল্পনা গ্রহন ও বাস্তবায়নে সহায়তা করবে। এ সংক্রান্ত তথ্য জনসচেতনতা মূলক বিভিন্ন পরকল্পনা প্রণয়নে সহায়ক হবে যা থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত হবার সম্ভাবনা কমাবে।

৭.২.৫ ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং

বর্তমান বিশ্ব প্রেক্ষাপটে বাংলাদেশ দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে। দেশের টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সুদৃঢ় উন্নয়ন সুনিশ্চিত করার ক্ষেত্রে শিল্পখাতের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং দেশের সামষ্টিক অর্থনীতিতে বিদ্যমান শিল্পের ধরন এবং কার্যাবলী বিশ্লেষণ, উৎপাদনশীলতা, প্রযুক্তিগত অগ্রগতি, কর্মসংস্থান এবং এ সংক্রান্ত সঠিক পরিসংখ্যান নিয়মিত প্রস্তুত ও প্রকাশ করে থাকে।

কার্যাবলি

- অর্থনৈতিক শুমারি পরিচালনা;
- বিজনেস রেজিস্টার (BR) প্রণয়ন ও হালনাগাদকরণ;
- উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI);
- বার্ষিক প্রতিষ্ঠান ও সংস্থা জরিপ (AEIS) পরিচালনা;
- জাতীয় পরিসংখ্যান প্রস্তুতের নিমিত্ত সকল ধরণের শিল্প, পেশা ও পণ্যের শ্রেণি বিন্যাস সর্ম্পকিত কোড প্রণয়ন;
- পাইকারি ও খুচরা ব্যবসা জরিপ পরিচালনা;
- হোটেল এবং রেস্টুরেন্ট জরিপ পরিচালনা;
- কুটির শিল্প জরিপ পরিচালনা;
- হস্ত ও কারুশিল্পজাত প্রতিষ্ঠান জরিপ পরিচালনা;
- অনানুষ্ঠানিক খাত জরিপ (ISS) পরিচালনা;
- Census on Technical and Vocational Education and Training Industries Survey পরিচালনা;

ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং কর্তৃক বাস্তবায়িত শুমারি / জরিপসমূহের গুরুত্ব ও উদ্দেশ্য:

অর্থনৈতিক শুমারি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো শিল্প সংক্রান্ত শক্তিশালী পরিসংখ্যান প্রণয়নের লক্ষ্যে প্রতি দশ বছর অন্তর অর্থনৈতিক শুমারি পরিচালনা করে থাকে। কৃষি বহির্ভূত সকল ধরনের প্রতিষ্ঠান ও খানা (যে সকল খানায় নিজস্ব ব্যবহারের জন্য পণ্য উৎপাদন/সেবা প্রদান করা হয় তা ব্যতীত) অর্থনৈতিক শুমারির আওতাভূক্ত হয়। দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরন, উৎপাদিত পণ্য বা সেবার ধরন, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত তথ্য অর্থনৈতিক শুমারির মাধ্যমে পাওয়া যায়। সর্বশেষ ২০১৩ সালে অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। তারই ধারাবাহিকতায় ২০২৩ এ অর্থনৈতিক শুমারি কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়।

"অর্থনৈতিক শুমারি এর মাধ্যমে জাতিসংঘ প্রণিত আন্তর্জাতিক গাইডলাইন System of National Accounts (SNA) এবং International Standard of Industrial Classification (ISIC): Rev.4 এবং জাতীয় শিল্পনীতি ২০২২ অনুযায়ী দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকান্ডের ধরন, উৎপাদিত পন্য বা সেবার ধরন, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত তথ্য সংগ্রহ করা।

অর্থনৈতিক শুমারি ২০২৩ এর প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- SNA এবং ISIC Rev.4 ও জাতীয় শিল্পনীতি ২০২২ অনুসরণে প্রতিষ্ঠানসমূহকে শ্রেণিবদ্ধকরণ;
- দেশের বৃহৎ, মাঝারি, ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শ্রেণিবিন্যাস অনুযায়ী সকল অর্থনৈতিক প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ করা;

- ধরন অনুযায়ী অর্থনৈতিক প্রতিষ্ঠানের (স্থায়ী/অস্থায়ী) পাশাপাশি মোট হাউজহোল্ড/খানা এর মধ্যে কতগুলো অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত তার হিসাব নিরূপণ করা;
- বিভিন্ন ধরনের অর্থনৈতিক কর্মকান্ডে কর্মরত জনবলের (কর্মরত মালিক/সহযোগি, অবৈতনিক পারিবারিক কর্মী, পূর্ণকালীন ও খন্ডকালীন কর্মী এবং সাময়িক/দৈনিক মজুর) পূর্ণাঙ্গ তালিকা নিরূপণ করা;
- অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত নারী উদ্যোক্তার সংখ্যা নিরূপণ করা;
- অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত অর্থনৈতিক প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ করা;
- সময়ের বিবর্তনে অর্থনীতির কাঠামোগত পরিবর্তনের স্বরূপ নির্ধারণ করা।

Labour Force Survey (LFS):

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। উক্ত জরিপের মাধ্যমে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং শ্রমবাজারের সাথে কর্মসংস্থান সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ বের করা হয়। শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে লিঙ্গভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক ও অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা ও মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। বিবিএস'র ইন্ডাস্ট্রি অ্যান্ড লেবার উইং বর্তমানে শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন শীর্ষক জরিপের কার্যক্রম পরিচালনা করছে।

গোপালগঞ্জ জেলায় চলমান শ্রমশক্তি জরিপের কাজ পরিদর্শন করছেন ড. মোঃ কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), সাধারণ অর্থনীতিবিদ ভাগ, পরিকল্পনা কমিশন; পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন,

শ্রমশক্তি জরিপের মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ নিরূপণ করা হয়:

- বেকারত্ব (Unemployment)
- শিল্প সেক্টর অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Industry)
- পেশাভিত্তিক কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Occupation)
- কর্মমর্যাদা অনুযায়ী কর্মসংস্থান এর পরিমাণ (Number of Employment by Job Status)
- অনানুষ্ঠানিক কর্মসংস্থান (Employment in the Informal Economy)
- জনসংখ্যা ও কর্মসংস্থান অনুপাত (Employment Population Ratio)
- যুব বেকারত্ব (Youth Unemployment)
- দীর্ঘ মেয়াদী বেকারত্ব (Long Term Unemployment)
- সময় নির্ভর অনিয়োজন (Time related Underemployment)
- শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার (Labor force Participation Rate)
- শ্রমশক্তিতে প্রতিবন্ধী জনসংখ্যার হার (Disable Population Rate in Labor Force)
- কর্মঘন্টার পরিমাণ (Horus of Work)
- মাসিক আয় উপার্জন (Monthly Wage Earned)
- খন্ডকালীন কর্মীর সংখ্যা (Part Time Workers)

Survey of Manufacturing Industries (SMI):

উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি নিয়মিত কাজ এবং বাংলাদেশের শিল্প পরিসংখ্যান প্রাপ্তির অন্যতম প্রধান উৎস। জরিপটি ১০ বা তার অধিক জনবল বিশিষ্ট উৎপাদন শিল্প প্রতিষ্ঠান সমূহের অর্থনৈতিক কর্মকান্ডের তথ্য সংগ্রহ করে পরিসংখ্যানিক রিপোর্ট প্রকাশের নিমিত্ত পরিচালিত হয়। উৎপাদন শিল্প প্রতিষ্ঠানের মালিকানার ধরন, আইনগত প্রকার, স্থায়ী সম্পদের হিসাব, লিঙ্গভিত্তিক নিয়োজিত মোট জনবল, উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল, জ্বালানি ও অনান্য খরচ এবং জাতীয় অর্থনীতিতে উৎপাদন শিল্পখাতের অবদান নির্ণয়ের জন্য Gross output ও Gross Value Addition সংক্রান্ত তথ্য

এই জরিপের মাধ্যমে পাওয়া যায়। উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) ২০১৯ এ অনুষ্ঠিত হয়। বর্তমানে এই জরিপের গুরুত্ব অনুধাবন করে পুনরায় তা বাস্তবায়নের যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) মাধ্যমে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ নির্দেশকসমূহ জানা সম্ভব হয়: উৎপাদন শিল্পের ১০+ কর্মরত জনবল বিশিষ্ট প্রতিষ্ঠানের সংখ্যা নিরূপণ; শিল্প শ্রেণিবিভাগ অনুযায়ী প্রতিষ্ঠানের মালিকানা এবং আইনগত প্রকার; কর্মের প্রকারভেদে লিঙ্গভিত্তিক নিয়াজিত জনবল; কর্মের প্রকারভেদে নিয়োজিত জনবলের বেতন-ভাতা, মজুরি ও প্রাপ্ত সুবিধাদি; শিল্পের প্রকারভেদে নিট স্থায়ী সম্পদের হিসাব ; উৎপাদনে ব্যবহৃত কাঁচমাল ও কাঁচামালের উৎস; শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতার ব্যবহার; Industrial & Non-Industrial cost এবং Gross output and Gross Value Addition নির্ণয়।



২০১৯ সালে পরিচালিত উৎপাদন শিল্প জরিপের তথ্য অনুযায়ী দেশে বিদ্যমান শিল্পের ধরণ অনুযায়ী মোট শিল্পের সংখ্যা এবং মোট স্থুল মূল্য সংযোজন

Business Directory:

শিল্প সংক্রান্ত জরিপের Sampling Frame প্রস্তুত করার জন্য প্রতিষ্ঠানগুলোর তথ্য হালনাগাদ করা প্রয়োজন যা নমুনা জরিপ পরিচালনার জন্য নমুনা কাঠামো হিসেবে ব্যবহৃত হয়। বিজনেস ডিরেক্টরি হালনাগাদকরণ কার্যক্রমের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত রয়েছে।

১) প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা;
২) প্রতিষ্ঠানের অবস্থান;
৩) আরম্ভের বছর;
৪) অফিসের ধরণ;
৫) প্রধান অর্থনৈতিক কর্মকান্ড;
৬) প্রধান উৎপাদিত দ্রব্য/সেবা;
৭) উৎপাদিত পণ্যের বাজারজাত ব্যবস্থা;
৮) রেজিস্ট্রেশনের ধরণ;
৯) প্রাতিষ্ঠানিক সেক্টর;
১০) প্রতিষ্ঠানের মালিকানার ধরণ; এবং
১১) লিঙ্গভেদে স্থায়ী, অস্থায়ী মোট কর্মরত জনবল।
তাছাড়া ১০ ও তদুর্ধ্ব জনবল বিশিষ্ট সকল ধরনের শিল্প ও সেবা প্রতিষ্ঠানের হালনাগাদ ডেটাবেইজ প্রণয়ন করা।

Statistical Classification:

পরিসংখ্যানিক শ্রেণীবিন্যাস (Statistical Classification) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বর্তমানে International Standard Industrial Classification (ISIC) Rev-4 অনুসরণে Bangladesh Standard Industrial Classification (BSIC) 2020 এবং International Standard Classification of Occupations (ISCO)-2008 অনুসরণে Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2020 প্রকাশ করে। BCPC (Bangladesh Central Product Classification) 2012 পণ্য ও সেবার শ্রেণিবিন্যাসের জন্য প্রস্তুত করা হয় । শিল্প ও শ্রম সংক্রান্ত জরিপে যে সকল শিল্প কোড ব্যবহৃত হয় তা Bangladesh Standard Industrial Classification (BSIC) 2020 থেকে দেয়া হয় এবং পেশা সংক্রান্ত সমস্ত কোড Bangladesh Standard Classification of Occupations (BSCO) 2020 অনুসারে দেয়া হয়। পরিসংখ্যানের প্রকাশিত তথ্যাবলী আর্ন্তজাতিকভাবে তুলনাযোগ্য করার জন্য Statistical Classification জরুরি।

ক. শিল্পজাত শ্রেণিবিভাগ (**BSIC**)

- আন্তর্জাতিক শ্রেণিবিভাগের নিয়মানুযায়ী দেশের সকল অর্থনৈতিক কার্যক্রমের শিল্পজাত শ্রেণিবিভাগ

খ. পেশাভিত্তিক শ্রেণিবিভাগ (**BSCO**) আন্তর্জাতিক তুলনাযোগ্যতা বজায় রেখে অর্থনীতিতে অন্তর্ভুক্ত সকল পেশাগত কার্যক্রমের পেশাভিত্তিক শ্রেণিবিভাগ;

গ. পণ্য শ্রেণিবিভাগ (**BCPC**)

- পণ্য ও সেবার শ্রেণিবিভাগ।

৭.২.৬ ফিন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম উইং (এফএ অ্যান্ড এমআইএস)

বিবিএস এর সদর দপ্তর এবং মাঠ পর্যায়ের প্রশাসনিক ও আনুষাংগিক সকল কার্যক্রম এ উইং এর মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। এছাড়া প্রাতিষ্ঠানিক উন্নয়ন, জনবল কাঠামো পুনর্বিন্যাস, পরিসংখ্যানিক অবকাঠামো উন্নয়ন, আইন সংক্রান্ত কার্যক্রম, (১১-২০তম) গ্রেডের (নিয়োগ/পদায়ন/বদলির কাজ করা হয়, নিয়োগ বিধি প্রণয়ন করা, সদর দপ্তর ও মাঠ পর্যায়ের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা, পরিসংখ্যান প্রকাশনা, বিবিএস-এর মানবসম্পদ ব্যবস্থাপনা ও প্রশাসন, বাজেটের প্রাক্কলন এবং হিসাবের যথাযথ রক্ষণাবেক্ষণ প্রস্তুত করা, বিভিন্ন শাখা এবং উন্নয়ন প্রকল্পের সাথে যোগাযোগ রক্ষা করা এবং বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সমন্বয়ক হিসেবে কাজ করা, সাধারণ পরিষেবা এবং পরিবহন সুধিবা প্রদান, নিয়মিতভাবে বার্ষিক নিরীক্ষা করা, কর্মকর্তা ও কর্মচারীদের PDS আপডেট করা, মাঠ অফিসের প্রশাসন, সমন্বয় ও মনিটরিং-এর কাজ করা, বিবিএস কর্মীদের মানবসম্পদ উন্নয়নের জন্য স্থানীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণের সুবিধা প্রদান করা, মুদ্রণ, প্রকাশনা, ডকুমেন্টেশন, লাইব্রেরী অটোমেশন সিস্টেম উদ্ভাবন করা। বিবিএস-এ লাইব্রেরীকে ডিজিটাল লাইব্রেরি হিসেবে গড়ে তোলা ও বিভিন্ন বিষয়গুলো এফএ অ্যান্ড এমআইএস উইং-এর মাধ্যমে সম্পন্ন করা।

এফএ অ্যান্ড এমআইএস উইং-এর প্রধান কাজসমূহ

- পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন উইং এবং উন্নয়ন প্রকল্পসহ বিভিন্ন সরকারি/বেসরকারি ও বিভিন্ন সংস্থা সাথে সমন্বয় সাধন করা;
- মুদ্রণ ও প্রকাশনাসহ প্রশাসনিক ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা;
- নিয়োগ, পদোন্নতি, পদায়ন, বদলিসহ বিবিএস এর কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত তথ্য (পিডিএস) সংরক্ষণ করা;
- পরিসংখ্যান ভবনের সংরক্ষণ ও নিরাপত্তা গ্রহণসহ পরিবহন ও অফিস ব্যবস্থাপনা;
- অডিট সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা;
- বিবিএস এর আর্কাইভ ও লাইব্রেরির ব্যবস্থাপনা ও সংরক্ষণ করা;
- বার্ষিক কর্মপরিকল্পনাসহ বিবিএসকে শক্তিশালীকরণ কার্যক্রম সম্পাদন করা;
- বাংলাদেশের সকল বিভাগীয়, জেলা এবং উপজেলা অফিসের প্রশাসন, বাজেট ব্যবস্থাপনা ও কাজের সমন্বয় সাধন এবং নিয়ন্ত্রণ করা;

প্রশাসন শাখা (১০-২০ গ্রেডের):

- বিবিএস এর দ্বিতীয় শ্রেণির গেজেটেড ও ননগেজেটেড কর্মকর্তা/কর্মচারীদের আন্তঃ উইং/শাখা/ফিল্ড কার্যালয়ে বদলি/প্রেষণ/সংযুক্তি, ফিল্ড কার্যালয় হতে সদর দপ্তরে বদলি/প্রেষণ/সংযুক্তি প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে;
- মন্ত্রণালয় ও বিভিন্ন সরকারি/বেসরকারি/বিদেশী সংস্থার সাথে যোগাযোগ রক্ষা সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে;
- ১ম শ্রেণির কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি/বিভাগীয় পরীক্ষা/বুনিয়াদি প্রশিক্ষণ, স্বাস্থ্য পরীক্ষা, জিপিএফ মঞ্জুর সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে;
- ১ম শ্রেণির কর্মকর্তাদের পিআরএল, পেনশন মঞ্জুর প্রক্রিয়াকরণ সম্পন্ন করার জন্য SID-এ প্রেরণ করা হয়েছে,
- বিবিএস এর ২য় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল, পেনশন ও প্রশাসনিক যাবতীয় কাজ সম্পন্ন করা হয়েছে;
- বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের অফিসসমূহের ২য় শ্রেণির কর্মকর্তাদের এসিআর সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- বিবিএস এর এফএ অ্যান্ড এমআইএস উইং এর (১০-২০ তম) ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদের ছুটি সংক্রান্ত কার্যাদি সম্পন্ন হয়েছে;
- কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ, মোটর সাইকেল, বাইসাইকেল, কম্পিউটার, মোটরকার ইত্যাদি অগ্রিমের আবেদন, সরকারি বাসা বরাদ্দের আবেদন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে;
- বিবিএস এর বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় কমিটি গঠন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে;

- নীতিগত/আর্থিক বিষয়ে সরকারের জারীকৃত স্মারক/পরিপত্র বিবিএস এর সকল উইং ও কার্যালয়ে অগ্রায়ণের কাজ সম্পন্ন হয়েছে;
- বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বিভিন্ন কমিটিতে চাহিদা অনুযায়ী বিবিএস এর প্রতিনিধি মনোনয়নের কাজ সম্পন্ন হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের দেশ ও বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের ২য় শ্রেণির কর্মকর্তা এবং কর্মচারীগণের ইস্তফা প্রদান সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের সকল পর্যায়ের অফিসসমূহ বেতন ভাতাদি ও অফিস পরিচালনা ব্যয়ের বরাদ্দ প্রদান করা হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির জন্য সদর দপ্তর হতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ পৃথকভাবে স্ব স্ব কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে;
- বিবিএস এর মাঠ পর্যায়ের অফিসসমূহের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক ব্যয়ের হিসাব ও তদারকি সংক্রান্ত কার্যাবলী সম্পন্ন করা হয়েছে;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলার অভিযোগ সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে; এবং
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ এবং শূন্য পদের হিসাব সংক্রান্ত কাজ সম্পন্ন করা হয়েছে।

বাজেট শাখা:

- বিবিএস এর সদর দপ্তর, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয় ও মেট্রোপলিটন থানা পরিসংখ্যান কার্যালয় ও রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির বাজেট প্রস্তুত করা হয়েছে।
- বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- বিবিএস এর সদর দপ্তরের সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতার বিল, আনুষঙ্গিক বিল ইত্যাদি পরিশোধ করা হয়েছে।
- সিএও অফিসের সাথে আয়-ব্যয়ের হিসাবের সমন্বয় সাধন এবং মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক হিসাবের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ ও ব্যয়ের হিসাব।

২০২২-২২ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের হিসাব

বিবরণ	২০২২-২৩ অর্থবছর	
	বরাদ্দ	ব্যয়
অনুন্নয়ন ব্যয়	**(অংকসমূহ লক্ষ টাকায়)**	
১১৬০২০১-বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সদর দপ্তর	৬৫৭১.৯৯	৫৩৩৪.১৪
১১৬০২০২-বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়সমূহ	৪২৫.৫০	৩২৭.৫৯
১১৬০২০৩-জেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ	৩১৭২.২০	২৩২০.৫৯
১১৬০২০৪-উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ	৮১১২.৫০	৬৩৪০.১০
১১৬০২০৫-মেট্রোপলিটন পরিসংখ্যান কার্যালয়সমূহ	৭০৫.৮০	৫১৫.৩৪
১১৬০২০১-রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচি	২০৭.৩৬	২০১.৮৯
সর্বোমোট অনুন্নয়ন ব্যয়	১৯১৯৫.৩৫	১৫০৩৯.৬৫

বিনিক শাখা:

- যুগ্মপরিচালক (কাডার) পদে ০৪ জন কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- উপপরিচালক (ক্যাডার) ০৪ জন কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- প্রোগ্রামার পদ হতে সিনিয়র সিস্টেম এনালিষ্ট পদে ০১ জন কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পদোন্নতি প্রদান করা হয়েছে;

- পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার) পদে ১৩ জন কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- প্রশাসনিক কর্মকর্তা পদে ০৩ জন কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- পরিসংখ্যান তদন্তকারি/থানা পরিসংখ্যানবিদ পদে ৬২ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- ক্যাশ সরকার পদে ০৩ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- ০৬ জন কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে;
- ২য় শ্রেণির (১০ম গ্রেড) ১১ জন কর্মকর্তার চাকুরি প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে স্থায়ীকরণ করা হয়েছে;
- এএসও/ইউএও পদের জ্যেষ্ঠতা তালিকা খসড়া এবং চূড়ান্তকরণ করা হয়েছে;
- নক্সাবিদ পদের জ্যেষ্ঠতা তালিকা খসড়া এবং চূড়ান্তকরণ করা হয়েছে;
- সাঁটমুদ্রাক্ষরিক পদের জ্যেষ্ঠতা তালিকা খসড়া এবং চূড়ান্তকরণ করা হয়েছে;
- অফিস সহকরী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডুয়েল ডাটা অপারেটর, কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর পদের সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা খসড়া এবং চূড়ান্তকরণ করা হয়েছে;
- ৩য় ও ৪র্থ শ্রেণীর ৯০ জন কর্মচারীর চাকরি স্থায়ী করা হয়েছে;
- ৩য় ও ৪র্থ শ্রেণির ০৫ জন কর্মচারীকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে;
- ১২৯টি পদের মেয়াদ সংরক্ষন কর হয়েছে;
- নবসৃষ্ট ০৩ টি উপজেলায় ৯ টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- ১ম শ্রেণির ১৫ জন কর্মকর্তাগণের চাকুরি স্থায়ীকরণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে;
- পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার) পদে পদোন্নতির নিমিত্ত ১৬ জন এর প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- কার্টোগ্রাফার পদে পদোন্নতির নিমিত্ত ০১ জন এর প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির নিমিত্ত ০১ জন এর প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- "বাংলাদেশ কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর সংশোধন এর প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- নবসৃষ্ট ০৩ টি উপজেলায় আউটসোর্সিং এর মাধ্যমে ০৩ টি চেইনম্যান পদ সৃজন এর প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- উচ্চতর গ্রেড (১০ম হতে ৯ম) এর প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদ হতে সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদে পদোন্নতির প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

সমন্বয় শাখা

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান ভবনের বিদ্যুৎ, পানি, টেলিফোন, গ্যাসসহ অন্যান্য সেবার বিল যথারীতি পরিশোধ করা হয়েছে;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরের কর্মকর্তাদের দাপ্তরিক ও আবাসিক টেলিফোন বিল যথারীতি পরিশোধে করা হয়েছে।
- বিবিএস এর পরিসংখ্যান ভবনের পৌর কর, ভূমি কর ও LEASE LINE INTERNET এর MBPS SPEED এর বিল যথারীতি পরিশোধ করা হয়েছে।
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন তোপখানা রোডস্থ আনছারী ভবনের বিদ্যুৎ, পানি, টেলিফোন ও অন্যান্য সেবার বিল যথারীতি পরিশোধ করা হয়েছে;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান ভবনে অবস্থিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান ভবনে স্থাপিত ০৬ (ছয়)টি লিফট ও ২টি ১৫০ কেভিএ অটোমেটিক ভোল্টেজ ষ্ট্যাবিলাইজার বাৎসরিক ভিত্তিতে পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের বিল যথারীতি পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, লিফট পরিচালনা ও সার্ভিসিং কাজের চুক্তি ০১ (এক) বছরের জন্য (০১/০৫/২৩ হতে ৩১/০৪/২০২৪) সম্পাদন করা হয়েছে।
- পরিসংখ্যান ভবনের পরিস্কার-পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ এবং ১২৫০ কেভিএ বিদ্যুৎ সাব-ষ্টেশন কাজের জন্য ০১ (এক) বছরের জন্য (০১/০৪/২০২৩ হতে ৩১/০৩/২০২৪) চুক্তি সম্পাদন করা হয়েছে এবং বিল যথারীতি পরিশোধ করা হয়েছে।
- পিএবিএক্স এর রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কাজের বিল যথারীতি পরিশোধ করা হয়েছে।
- পরিসংখ্যান ভবনের নিরাপত্তা ও যাবতীয় অন্যান্য কাজ যথারীতি চলছে।

- যানবাহন মেরামত, যন্ত্রাংশ সংযোজন ও সার্ভিসিং সংক্রান্ত কাজ যথারীতি সম্পাদন করা হয়েছে। বিবিএস সদর দপ্তরে রাজস্ব খাতের আওতায় সচল ৩০টি গাড়ীর মধ্যে ২৩টি গাড়ির কাগজপত্র হালনাগাদ করণ সম্পন্ন হয়েছে ,বাকী ০৭টি গাড়ির কাগজপত্র হালনাগাদ করণের জন্য গত ২৪ জুলাই ২০২২ খ্রি. তারিখে জনাব কাজী নুরুল ইসলাম ,মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বিবিএস মহোদয়ের স্বাক্ষরে বিআরটিএ চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয় । কিন্তু অদ্যাবদি উক্ত চিঠির কোন জবাব অথবা প্রতিউত্তর পাওয়া যায়নি।

অডিট শাখা:

- ৮৩ টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়;
- অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে ৩৯টি;
- অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন প্রমাণাদি সংগ্রহের জন্য সংশ্লিষ্ট পক্ষে পত্র প্রেরণ করা হয়;
- বিভাগীয়/জেলা পরিসংখ্যান অফিসের বিভিন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রমাণাদি সংগ্রহপূর্বক ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের চাহিদা মত অডিট সংক্রান্ত তথ্য প্রেরণ করা হয়।

উন্নয়ন শাখা:

- প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রম তদারকীকরণ;
- বিভিন্ন উইং কর্তৃক দাখিলকৃত প্রকল্প দলিলের যথার্থতা সভার মাধ্যমে সঠিকতা যাচাই করে প্রেরণ;
- প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক আইএমইডি সংক্রান্ত প্রতিবেদন ও অন্যান্য প্রণয়ন ও বিভাগে প্রেরণ;
- উন্নয়ন প্রকল্প/কর্মসূচীসমূহে অগ্রগতি সংক্রান্ত ক্রম পরিবীক্ষণ করা এবং প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;
- জাতীয় সংসদে প্রশ্নোত্তর জবাব প্রদান ও সংসদীয় কমিটির সিদ্ধান্তের অগ্রগতি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- বিবিএস এর বাস্তবায়ধীন প্রকল্প সমূহের মাসিক সমন্বয় সভা আয়োজন করা;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে আসা বিভিন্ন পত্রের জবাবে সকল উইং, উন্নয়ন প্রকল্প এবং শাখা হতে তথ্য ও রিপোর্ট সংগ্রহপূর্বক সমন্বয় করে তা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ;
- মন্ত্রীপরিষদ বিভাগে বিবিএস এর প্রতিবেদন প্রেরণ;
- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাসিক সমন্বয় সভার মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রদান;
- ডিসি সম্মেলনের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ;
- সচিব কমিটির সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ;
- মহান জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত ভাষণের বিবিএস এর প্রতিবেদন প্রেরণ;
- মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে চিঠি/নোট সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ;
- বৈদেশিক সাহায্য পুষ্ট প্রকল্প সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ;
- বিভিন্ন মতামত সংক্রান্ত তথ্যের জবাব প্রেরণ।

প্রকাশনা শাখা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ অ্যান্ড এমআইএস (প্রকাশনা) শাখায় জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত মুদ্রিত প্রকাশনার তালিকাঃ

ক্র: নং	প্রকাশনার নাম	সংখ্যা		
		মূল্যকপি	সৌজন্যকপি	মোট
১	Yearbook Of Agricultural Statistics 2021	160	940	1100
২	Statistical Yearbook Bangladesh 2021	200	700	900

ক্র: নং	প্রকাশনার নাম	সংখ্যা		
		মূল্যকপি	সৌজন্যকপি	মোট
৩	Statistical Pocketbook 2021	600	3000	3600
৪	Monthly Statistical Bulletin,Febuary,2022	75	75	150
৫	Monthly Statistical Bulletin,April,2022	75	75	150
৬	Monthly Statistical Bulletin,June,2022	75	75	150
৭	Monthly Statistical Bulletin, August 2022	75	75	150
৮	Monthly Statistical Bulletin, October 2022	75	75	150
৯	Monthly Statistical Bulletin, December 2022	75	75	150
১০	Monthly Statistical Bulletin, February 2023	100	75	175
১১	Monthly Release (FTS),April,2022	0	40	40
১২	Monthly Release (FTS),May,2022	0	40	40
১৩	Monthly Release (FTS),June,2022	0	30	30
১৪	Monthly Release (FTS), July 2022	0	30	30
১৫	Monthly Release (FTS), August 2022	0	30	30
১৬	Monthly Release (FTS), September 2022	0	30	30
১৭	Monthly Release (FTS), October 2022	0	30	30
১৮	Monthly Release (FTS), November 2022	0	30	30
১৯	Monthly Release (FTS), December 2022	0	30	30
২০	Monthly Release (FTS), January 2023	0	30	30
২১	Monthly Release (FTS), February 2023	0	30	30
২২	Monthly Release (FTS), March 2023	0	30	30
২৩	Monthly Release (IPS) ,Febuary,2022	0	70	70
২৪	Monthly Release (IPS) ,March,2022	0	70	70
২৫	Monthly Release (IPS) ,April,2022	0	70	70
২৬	Monthly Release (IPS) ,May,2022	0	70	70
২৭	Monthly Release (IPS) ,June,2022	0	70	70
২৮	Monthly Release (IPS) ,July,2022	0	70	70
২৯	Monthly Release (IPS) ,August,2022	0	70	70
৩০	Monthly Release (IPS) ,September 2022	0	70	70
৩১	Monthly Release (IPS) ,October 2022	0	70	70
৩২	Monthly Release (IPS) ,November 2022	0	70	70
৩৩	Monthly Release (IPS) ,December 2022	0	70	70
৩৪	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,March,2022	0	250	250

ক্র: নং	প্রকাশনার নাম	সংখ্যা		
		মূল্যকপি	সৌজন্যকপি	মোট
৩৫	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,April,2022	0	250	250
৩৬	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,May,2022	0	250	250
৩৭	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,June,2022	0	250	250
৩৮	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,July,2022	0	250	250
৩৯	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,August 2022	0	250	250
৪০	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,September 2022	0	250	250
৪১	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,October 2022	0	250	250
৪২	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,November 2022	0	250	250
৪৩	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,December 2022	0	250	250
৪৪	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,January 2023	0	250	250
৪৫	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,February 2023	0	250	250
৪৬	Monthly Release (CPI) & (WRI) in Bangladesh ,March 2023	0	250	250
৪৭	National Accounts Statistics provisional Est. of GDP 2021-22 and final est. of GDP2020-21	200	300	500
৪৮	Tourism Satellite Account 2020	60	440	500
৪৯	বেসরকারি হিমাগার এবং গুদাম জরিপ-২০১৯	60	440	500
৫০	Business Directory- Barisal	0	120	120
৫১	Business Directory- Sylhet	0	120	120
৫২	Business Directory- Mymensingh	0	120	120
৫৩	Business Directory- Khulna Vol-1	0	120	120
৫৪	Business Directory- Khulna Vol-2	0	120	120
৫৫	Business Directory- Rangpur Vol-1	0	120	120
৫৬	Business Directory- Rangpur Vol-2	0	120	120
৫৭	Business Directory- Chattogram Vol-1	0	120	120
৫৮	Business Directory- Chattogram Vol-2	0	120	120
৫৯	Business Directory- Chattogram Vol-3	0	120	120
৬০	Business Directory- Chattogram Vol-4	0	120	120

ক্র: নং	প্রকাশনার নাম	সংখ্যা		
		মূল্যকপি	সৌজন্যকপি	মোট
৬১	Business Directory- Dhaka Vol-1	0	120	120
৬২	Business Directory- Dhaka Vol-2	0	120	120
৬৩	Business Directory- Dhaka Vol-3	0	120	120
৬৪	Business Directory- Dhaka Vol-4	0	120	120
৬৫	Business Directory- Dhaka Vol-5	0	120	120
৬৬	Business Directory- Dhaka Vol-6	0	120	120
৬৭	Business Directory- Dhaka Vol-7	0	120	120
৬৮	নির্বাচিত অর্থনৈতিক কর্মকাণ্ড বিষয়ক ছয়টি সমীক্ষার প্রতিবেদন -২০২০	50	150	200
৬৯	Foreign Trade Statistics of Bangladesh 2020-21 (Set)	180	240	420
৭০	Business Directory- Rajshahi Vol-1	0	120	120
৭১	Business Directory- Rajshahi Vol-2	0	120	120
৭২	Business Directory- Rajshahi Vol-3	0	50	50
৭৩	Business Directory- Rajshahi Vol-4	0	50	50
৭৪	বাংলাদেশের জাতীয় হিসাব পরিসংখ্যানঃউপাত্তের উৎস এবং প্রাক্কলন পদ্ধতি	100	400	500
৭৫	Agriculture census 2019 Analytical Report National series Volume -1	200	1800	2000
৭৬	Agriculture census 2019 Analytical Report National series Volume -6	200	800	1000
৭৭	Bangladesh Standard Clasicatifation Of Occupation 2022	200	600	800
৭৮	জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ স্মরণিকা, উত্তরণ	0	2000	2000
৭৯	বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ (SID)	0	400	400
৮০	Report on Wholesale & Retail Trade Survey 2021	50	250	300
৮১	Fifty Years of National Accounts Statistics of *Bangladesh*	100	400	500
৮২	Report on Hotel & Restaurant Survey 2021	100	200	300

বিবিএস লাইব্রেরি:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি পরিসংখ্যান বিষয়ক একটি বিশেষায়িত লাইব্রেরি। প্রায় ৩৩ হাজার সংগ্রহ, রেফারেন্স ও দুষ্প্রাপ্য পুস্তকসহ পরিসংখ্যান ভবনের ২য় তলায় নতুন লাইব্রেরি এবং তোপখানা রোড, আনসারি ভবন, ঢাকা, ২য় তলায় পুরাতন লাইব্রেরি অবস্থিত। আধুনিক সকল ধরণের সুযোগসুবিধা সম্বলিত সরকারি পর্যায়ে এটি একটি অন্যতম লাইব্রেরি। লাইব্রেরিতে এক সাথে প্রায় শতাধিক পাঠকের পড়ার ব্যবস্থা আছে। বর্তমানে লাইব্রেরিতে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধুর জীবনী পুস্তক প্রকাশনা সম্বলিত একটি কর্ণার, আর্ন্তজাতিক মানের ৪০০টি ই-বুক এবং বিবিএস প্রকাশিত সকল (২৬৮১টি) বইয়েরই-বুক সম্বলিত ডিজিটাল তথ্য সেবা প্রদান করা হয়। এ ছাড়াও রেফারেন্স সেবা, ফটোকপি সেবা, দশটি জাতীয় দৈনিক পত্রিকা, মাসিক

পত্রিকা এবং ইন্টারনেট সেবা প্রদান করা হয়। বিবিএস প্রকাশিত (২৬৮১) টি বইয়ের PDF ও e-Book কপি লাইব্রেরিতে সংরক্ষিত আছে। সকল স্তরের পাঠক এ লাইব্রেরি ব্যবহারের সুযোগ পেয়ে থাকেন।

২০২২-২০২৩ সালে লাইব্রেরি কার্যক্রমঃ

- পাঠকদের চাহিদা অনুসারে বই, ফটোকপি, ইন্টারনেট ও ডিজিটাল তথ্য সেবা প্রদান করা হয়;
- পাঠকদের জন্য নিয়মিত ভাবে ১০টি সংবাদপত্র ও ৩টি সাময়িকী রাখা হয়;
- জাতীয় সংবাদপত্রে প্রকাশিত বিবিএস সম্পর্কিত নিউজ ক্লিপিং করে সচিব মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়;
- বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীদের না-দাবী সনদ প্রদান করা হয়;
- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে চাহিদা অনুসারে বই ইস্যু-গ্রহণ করা হয়;
- গত এক বছরে বিবিএস বহির্ভূত ১৬৫ জন পাঠককে সেবা প্রদান করা হয়েছে;

৭.২.৭ ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং নিয়মিতভাবে জিডিপি, মাথাপিছু আয়, ভোগ, সঞ্চয়, বিনিয়োগসহ বিভিন্ন সামাজিক নির্দেশক প্রাক্কলন ও প্রকাশ করে থাকে। এছাড়া অত্র উইং মাস ভিত্তিক মূল ও মজুরি, বৈদেশিক বাণিজ্য, শিল্প উৎপাদন ইত্যাদি বিষয়ক বিস্তারিত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করে থাকে।

২০২২-২৩ অর্থবছরের উইং কর্তৃক সম্পাদিত শাখাভিত্তিক উল্লেখযোগ্য কার্যক্রম:

জাতীয় আয় শাখা:

- ২০২১-২২ অর্থ বছরের চূড়ান্ত এবং ২০২২-২৩ অর্থ বছরের সাময়িক জিডিপি অনুমোদিত এবং প্রকাশিত হয়েছে। অনুমোদনের পর যথারীতি বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে;
- 'জাতীয় হিসাব পরিসংখ্যান (২০২২-২৩ অর্থবছরের জিডিপির সাময়িক হিসাব এবং ২০২১-২২ অর্থবছরের জিডিপির চূড়ান্ত হিসাব)' শীর্ষক প্রকাশনাটি প্রকাশ করা হয়েছে এবং কপিসমূহ সংশ্লিষ্ট অংশীজনদের বিতরণ করা হয়েছে;
- বাংলাদেশ এলডিসি দেশ থেকে উত্তোরণের নিমিত্ত IPoA (Istanbul Programme of Action) এর সকল সূচকসমূহ জুন ২০২৩ পর্যন্ত হালনাগাদ করে ও প্রয়োজনীয় বিভিন্ন তথ্য উপাত্ত প্রাক্কলনপূর্বক সরবরাহ করা হয়েছে;
- পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংকসহ জাতীয় পর্যায়ে এবং SAARC, UN, UNSD, WB, ESCAP, IMF, ADB IEA সহ বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের চাহিত তথ্যাদি নিয়মিত প্রেরণ করা হচ্ছে;
- ত্রৈমাসিক ভিত্তিতে মোট দেশজ উৎপাদ (QGDP) বাস্তবায়নার্থে ২০১৫-১৬ থেকে ২০২১-২২ পর্যন্ত এ সংক্রান্ত প্রাক্কলের খসড়া IMF এর গাইডলাইন অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। শীঘ্রই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চূড়ান্ত করা হবে। এ ছাড়া QGDP ও DGDP সংক্রান্ত একটি DPP পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে;
- জাতিসংঘের পরিসংখ্যান বিভাগের (UNSD) চাহিত National Accounts Questionnaire (NAQ) 2022 Bangladesh এর জন্য জাতীয় আয়ের তথ্য ও উপাত্ত প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে;
- এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর Key Indicator for Asia and the Pacific 2022 এর তথ্য ও উপাত্ত সররাহ করা হয়েছে।
- অষ্টম পঞ্চম বার্ষিক পরিকল্পনার জন্য বাংলাদেশ পরিকল্পনা কমিশন হতে চাহিত তথ্য ও উপাত্ত হালনাগাদ পূর্বক প্রেরণ করা হয়েছে এবং অষ্টম পঞ্চম বার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামো (DRF) এর জন্য হালানাগাদ তথ্য-উপাত্ত প্রেরণ করা হয়েছে;
- অর্থনৈতিক সম্পর্ক বিভাগের চাহিত তথ্য উপাত্তের (জিডিপি ২০২২-২৩) সাময়িক হিসাব সরবরাহ করা হয়েছে;
- অর্থ বিভাগ কর্তৃক প্রণীতব্য Economic Review এর প্রয়োজনীয় তথ্য উপাত্ত প্রেরণ করা হয়েছে; এবং
- ন্যাশনাল অ্যাকাউন্টিং উইংয়ের অধীন জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (NDCC) এর অর্থনীতি বিষয়ক কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

চলতি উৎপাদন শাখা:

- Quantam Index of industrial Production (QIIP)-Large and Medium Scale Industries এর ১২টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- Quantam Index of industrial Production (QIIP)-Small Industries 2021-22 বছরের ১টি কোয়ার্টার ও ২০২২-২৩ অর্থ বছরের ৩টি কোয়ার্টারের সূচকসমূহ প্রণয়ন করা হয়েছে (ত্রৈমাসিক)। উক্ত সূচকসমূহ Monthly Statistical Bulletin-Bangladesh শীর্ষক প্রকাশনায় প্রকাশিত হয়েছে;
- Industrial Production Statistics (IPS) শীর্ষক মাসিক প্রকাশনাটির ১২টি সংখ্যা প্রকাশিত হয়েছে (মাসিক);
- Producer Price Index (PPI) এর মোট ১২টি সংখ্যা প্রণয়ন করা হয়েছে (মাসিক)। উক্ত সূচকসমূহ Monthly Statistical Bulletin-Bangladesh শীর্ষক প্রকাশনায় প্রকাশিত হয়েছে;
- Quantum Index of Industrial Production-Large and Medium Scale Industries এর ভিত্তি বছর ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ এ পরিবর্তন করা হয়েছে;
- Quantam Index of Industrial Production (QIIP)-Small Scale Industries এর ভিত্তি বছর ১৯৯৫-৯৬ হতে ২০১৫-১৬ এ পরিবর্তন করা হয়েছে। বর্তমানে ইহা মাসিক ভাবে প্রকাশ করা হবে; এবং
- Producer Price Index (PPI) এর ভিত্তি বছর ২০০৫-০৬ হতে ২০১৫-১৬ এ পরিবর্তন করা হয়েছে।

মূল্য ও মজুরি পরিসংখ্যান শাখা

২০২২-২৩ অর্থবছরে নির্ধারিত দর ছকসমূহের মাধ্যমে ৬৪টি জেলার বিভিন্ন হাট-বাজার/মার্কেট হতে নির্দিষ্ট দ্রব্য ও সেবার মূল্য ও মজুরি সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত সূচকসমূহ প্রণয়ন ও প্রকাশ করা হয়েছে:

ক) মাসিক ভিত্তিক ১২ মাসের ভোক্তা মূল্য সূচক (Consumer Price Index-CPI) ও মূল্যস্ফীতির হার (Inflation Rate-IR)
খ) মাসিক ভিত্তিক ১২ মাসের মজুরি হার সূচক (Wage Rate Index-WRI)
গ) মাসিক ভিত্তিক ১২ মাসের গৃহ নির্মাণ সামগ্রির মূল্য সূচক (Building Materials Price Index- BMPI)
ঘ) ত্রৈমাসিক ভিত্তিক চার কোয়ার্টারের বাড়ি ভাড়া সূচক (House Rent Index-HRI)

Consumer Price Index (CPI), Inflation Rate and Wage, Rate Index (WRI) in Bangladesh শীর্ষক মাসিক প্রকাশনার ১২টি সংখ্যা মুদ্রণ ও বিবিএস ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

বৈদেশিক বাণিজ্য শাখা:

- জাতীয় রাজস্ব বোর্ড হতে অনলাইনের মাধ্যমে July/22 to June/2023 এর ১২ মাসের আমদানি ও রপ্তানী সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হয়েছে;
- Monthly Release (FTS) এর প্রকাশনাটি July/22 to May/2023 এর ১১ মাসের মোট ১১টি সংখ্যা বিবিএস এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে;
- Foreign Trade Statistics of Bangladesh 2021-22 প্রকাশিত হয়েছে;

পান্ডুলিপি (প্রকাশনা) শাখা:

- পরিসংখ্যান পকেটবই ২০২২ প্রকাশিত হয়েছে;
- বাংলাদেশ পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২২ প্রকাশিত হয়েছে;
- 'মাসিক পরিসংখ্যান বুলেটিন- বাংলাদেশ' প্রকাশনার ৭টি সংখ্যা প্রকাশিত হয়েছে; এবং
- 'Selected Statistics of Bangladesh' শীর্ষক ফ্লায়ার প্রকাশিত হয়েছে।

৭.২.৮ স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে স্ট্যাটিস্টিক্যাল স্টাফ ট্রেনিং ইনস্টিটিউট (এসএসটিআই) নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। এসএসটিআই বেসিক অফিস ম্যানেজমেন্ট, বেসিক ফিন্যানসিয়াল ম্যানেজমেন্ট, শুমারি ও জরিপ, PPR With e-GP, ইনোভেশন, তথ্য অধিকার, এপিএ, শুদ্ধাচার, জিওকোড ও জিআইএস ইত্যাদি কোর্সসমূহ আয়োজন করে আসছে।

২০২২-২০২৩অর্থ বছর এসএসটিআই কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের বিবরণ:

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	সময়	মেয়াদ	প্রশিক্ষণার্থীদের গ্রেড	প্রশিক্ষণার্থীর সংখ্যা
০১	ই-ফাইলিং প্রশিক্ষণ	০৪-০৬ জুলাই,২০২২	৩ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	২৪ জন
০২	Basic Financial Management	১৭-২১ জুলাই,২০২২	৫ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	৩০ জন
০৩	Introductio to MS Excel	২৪-২৮ জুলাই,২০২২	৫ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	২৪ জন
০৪	বেসিক অফিস ম্যানেজমেন্ট	৩১ জুলাই-০৪ আগস্ট,২০২২	৫ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	৩০ জন
০৫	Data Visualization Using ArcGIS pro	০৭-১১ আগস্ট,২০২২	৫ কর্ম দিবস	৯ম গ্রেড এবং তদূর্ধ্ব	২৪ জন
০৬	Introduction to CAPI Application Development	২১-২৫ আগস্ট,২০২২	৫ কর্ম দিবস	৯ম গ্রেড এবং তদূর্ধ্ব	২৪ জন
০৭	তথ্য অধিকার, শুদ্ধাচার, এপিএ, জিআরএস এবং ইনোভেশন এবং সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা	২৮ আগস্ট-০১ সেপ্টেম্বর,২০২২	৫ কর্ম দিবস	১০-১৬ গ্রেড	৩০ জন
০৮	Statistical Classification: পেশা ও শিল্পের শ্রেণিবদ্ধকরণ	২০-২২ সেপ্টেম্বর,২০২২	৩ কর্ম দিবস	১০-১৬ গ্রেড	৩০ জন
০৯	"টেকসই উন্নয়ন অভীষ্ট, তথ্য অধিকার, এপিএ এবং শুদ্ধাচার"	০২-০৬ অক্টোবর,২০২২	৪ কর্ম দিবস	১০-১৬ গ্রেড	৩০ জন
১০	"শুদ্ধাচার, জিআরএস, ইনোভেশন এবং Computer Training	১৮-২০ অক্টোবর,২০২২	৫ কর্ম দিবস	১১-১৬ম গ্রেড	২৪ জন
১১	"ই-ফাইলিং, টেকসই উন্নয়ন অভীষ্ট, তথ্য অধিকার, এপিএ, শুদ্ধাচার, জিআরএস, কৃষি পরিসংখ্যান এবং ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ স্ট্যাটিসটিক্স "	২৩-২৭ অক্টোবর,২০২২	৫ কর্ম দিবস	১০-১৬ গ্রেড	২৪ জন
১২	আয়কর রিটার্ন দাখিল	৩০ অক্টোবর-০৩ নভেম্বর,২০২২	৪কর্ম দিবস	০৩-১৬ গ্রেড	২৫০ জন (৫০ জন ×৫ ব্যাচ)
১৩	গাড়ি চালকদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	০৬-১০ নভেম্বর,২০২২	৫ কর্ম দিবস	১৭ গ্রেড	৩০ জন
১৪	"শুদ্ধাচার, তথ্য অধিকার, জিআরএস	১৩-১৭	৫ কর্ম দিবস	১৭-২০ গ্রেড	২৪ জন

	এবং **Computer Literacy**	নভেম্বর,২০২২			
১৫	"শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন এবং National Accounts Statistics"	২০-২৪ নভেম্বর,২০২২	৫ কর্ম দিবস	৯ম গ্রেড এবং তদূর্ধ্ব	৩০ জন
১৬	"শুদ্ধাচার, তথ্য অধিকার, জিআরএস এবং Staff Development	২৭ নভেম্বর -১ ডিসেম্বর,২০২২	৫ কর্ম দিবস	১৭-২০ গ্রেড	৩০ জন
১৭	বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) লিখন+ শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন, তথ্য অধিকার	৪-৮ ডিসেম্বর, ২০২২	৫ কর্ম দিবস	৯ম গ্রেড তদূর্ধ্ব ৩দিন এবং ১০ম গ্রেড ২ দিন	১৫০ জন
১৮	শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, কৃষি পরিসংখ্যান, **Industrial Statistics** এবং ডেমোগ্রাফি এন্ড হেলথ স্ট্যাটিসটিকস	১১-১৫ ডিসেম্বর,২০২২	৫ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	৩০ জন
১৯	শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেন চার্টার এবং মৌলিক পরিসংখ্যান"	১৮-২২ ডিসেম্বর,২০২২	৫ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	৩০ জন
২০	"শুদ্ধাচার, সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা, ইনোভেশন, বাংলা বানান রীতি এবং **ই-ফাইলিং"**	২৬-২৯ ডিসেম্বর ২০২৩	৪ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	২৪ জন
২১	তথ্য অধিকার, এপিএ, শুদ্ধাচার, National Accounts Statistics, কৃষি পরিসংখ্যান এবং ডেমোগ্রাফি এন্ড হেলথ স্ট্যাটিসটিকস	০৮-১২ জানুয়ারি,২০২৩	৫ কর্ম দিবস	১০ম গ্রেড	৩০ জন
২২	শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেন চার্টার, এবং মৌলিক পরিসংখ্যান	১৬-২৩ ফেব্রুয়ারি, ২০২৩	৫ কর্ম দিবস	১১-১৬ গ্রেড	৩০ জন
২৩	ডি- নথি প্রশিক্ষণ	০৬-১১ জুন,২০২৩	৪ কর্ম দিবস	৯ম গ্রেড তদূর্ধ্ব ২দিন এবং ১০-১৬ গ্রেড ২ দিন	৪৮ জন (২৪ জন ×২ ব্যাচ)

কর্মকর্তা/কর্মচারিদের জন্য আয়োজিত মৌলিক প্রশিক্ষণ কোর্সে বক্তব্য রাখছেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, SID

৭.৩ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেলসমূহ

৭.৩.১ এসডিজি সেল

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর এসডিজি সেল জাতিসংঘ কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) পরিবীক্ষণে মানসম্মত ডাটা প্রস্তুত নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এসডিজি সেল, বিবিএস SDG বাস্তবায়নের অংশ হিসেবে এটুআই-এর তথ্য-প্রযুক্তিগত সহায়তায় এসডিজি ট্র্যাকার ব্যবস্থাপনা করে থাকে। তাছাড়া, বিবিএস বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ-এর এসডিজি সংশ্লিষ্ট মনোনীত ডাটা অনুমোদনকারী ও ডাটা প্রদানকারী কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করে থাকে। পাশাপাশি এসডিজি সেল হতে এসডিজি সংশ্লিষ্ট সময়োপযোগী বিভিন্ন কর্মশালা আয়োজন করে হয়ে থাকে। এসডিজি সেল বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ-এর এসডিজি সংশ্লিষ্ট কারিগরি সহযোগিতা প্রদান এবং এসডিজি স্থানীয়করণ বিষয় নিয়ে কাজ করে থাকে।

এসডিজি সেল, বিবিএস-এর ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ সময়ের উল্লেখযোগ্য কার্যক্রম

- এসডিজি সূচক সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত প্রস্তুতকারী মন্ত্রণালয়/বিভাগসহ এর অধীনস্ত অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং বিবিএস-এর উইং/প্রকল্পসমূহ হতে SDG সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, সংকলন, প্রকাশসহ সত্যকরণ ও সমন্বয়ের নিমিত্ত গঠিত 'এসডিজি বিষয়ক টেকনিক্যাল ওয়ার্কিং কমিটি কর্তৃক ০১ জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময়ে মোট ৩টি সভার মাধ্যমে সর্বমোট ৫২টি সূচকের ডাটা সত্যকরণ করা হয়েছে;
- UNDP বাংলাদেশ-এর কারিগরি সহায়তায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক ১৩-১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ ভাওয়াল রিসোর্ট অ্যান্ড স্পা, গাজীপুর-এ এসডিজি সূচক 2.c.1 (Indicator of food price anomalies)-এর উপাত্ত বিশ্লেষণ বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়;

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন ও সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

- UNICEF বাংলাদেশ-এর কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক গত ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখ এসডিজি ট্র্যাকারে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে মনোনীত ডাটা প্রদানকারী ও অনুমোদনকারী কর্মকর্তাদের সমন্বয়ে 'এসডিজি ট্র্যাকার' বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন, এনডিসি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. কাউসার আহাম্মদ, সদস্য (সচিব), পরিকল্পনা কমিশন ও সভাপতিত্ব করেন জনাব মো. মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

- এসডিজি সেল, বিবিএস হতে 'জেলা ও উপজেলা পর্যায়ে এসডিজি +১ অগ্রাধিকার সূচকের উপাত্তের উৎস ম্যাপিং' সংক্রান্ত একটি প্রকাশনা গত ২৯/১২/২০২২ খ্রি. তারিখ প্রকাশিত হয়;

- এছাড়া, এসডিজি সেল, বিবিএস হতে বাংলাদেশের সরকারি পরিসংখ্যানের গুণগত মান নিশ্চিকরণের ভিত্তি গাইডলাইন 'National Quality Assurance Framework for Official Statistics of Bangladesh' শীর্ষক প্রকাশনা গত ২৬/০৬/২০২৩ খ্রি. তারিখ প্রকাশিত হয়। উল্লিখিত প্রকাশনাটির খসড়া পর্যালোচনা বিষয়ে UNICEF বাংলাদেশ-এর কারিগরি সহযোগিতায় এসডিজি সেল, বিবিএস কর্তৃক গত ১৯/০৩/২০২৩ খ্রি. তারিখ মতবিনিময় কর্মশালা আয়োজন করা হয়।

৭.৩.২ পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেল

জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক চাহিদার কথা বিবেচনা করে পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ বিষয়ে পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ প্রভৃতির জন্য তথ্য উপাত্তের ভিত্তি মজবুতকরণ, জাতিসংঘ কর্তৃক প্রস্তুতকৃত বৈশ্বিক নীতিমালা হিসেবে Sustainable Development Goals (SDGs) এর লক্ষ্যমাত্র অনুযায়ী ইন্ডিকেটর চিহ্নিতকরণ, Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR), The Paris Agreement, Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP) প্রভৃতির জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নকল্পে পরিবেশ সংক্রান্ত পরিসংখ্যান সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংকলন, বিশ্লেষণ ও প্রকাশের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় "পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ পরিসংখ্যান (ইসিডিএস) সেলের আওতায় পরিসংখ্যান উন্নয়নে জাতীয় কৌশলপত্রে (NSDS) ০৪ টি গোলের আওতায় ১৩টি উন্নয়নমূলক ইন্ডিকেটর, পঞ্চবার্ষিক পরিকল্পনার অগ্রাধিকারমূলক সংশ্লিষ্ট পারফরম্যান্স ইন্ডিকেটর, সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকসন (SFDRR) এর ০৪টি অগ্রাধিকারমূলক পরিকল্পনার (Priorities for Action) ০৭ টি টার্গেট, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এর ক্রস কাটিং ইস্যু হিসেবে ৯৩টি ইন্ডিকেটরস্ প্রভৃতি অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করার দায়বদ্ধতা রয়েছে।

ক. কর্মপরিধি:

- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থার সাথে এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয়পূর্বক দলিল দস্তাবেজ এবং তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, জরিপ অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর, স্পার্সো প্রভৃতির সাথে যোগাযোগ ও সমন্বয়পূর্বক এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রকাশ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;

- আন্তর্জাতিক/ আঞ্চলিক উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারী সংস্থা (এনজিও), বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট গবেষক, পরিবেশবিদ প্রভৃতির সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় সমন্বয় ও সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ গ্রহণ করা;
- পরিবেশ, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন নিয়ে উন্নয়ন সহযোগী সংস্থাসহ অংশিজনদের (Stakeholder) সমন্বয়ে সুবিধাজনক সময়ে কর্মশালা/ সেমিনার/ সভা প্রভৃতির আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা; এবং
- জাতীয়/ আঞ্চলিক/ আন্তর্জাতিক দলিল দস্তাবেজের উপর ভিত্তি করে যথাযথ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাপূর্বক উন্নয়ন সহযোগী সংস্থা ও অংশিজনদের সাথে পরামর্শক্রমে এ সংক্রান্ত পরিসংখ্যানের ভিত্তি-উপাত্ত স্থির করাসহ প্রকল্প দলিল প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বাস্তবায়ন করা।

৭.৩.৩ প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল

২০২২-২৩ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্যক্রম :

০১ প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ কার্যক্রম তদারকীকরণ;
০২ বিভিন্ন উইং কর্তৃক দাখিলকৃত প্রকল্প দলিলের যথার্থতা সভার মাধ্যমে সঠিকতা যাচাই করে প্রেরণ;
০৩ প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক আইএমইডি সংক্রান্ত প্রতিবেদন ও অন্যান্য প্রণয়ন ও বিভাগে প্রেরণ;
০৪ উন্নয়ন প্রকল্প/কর্মসূচীসমূহে অগ্রগতি সংক্রান্ত ক্রম পরিবীক্ষণ করা এবং প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ;
০৫ জাতীয় সংসদে প্রশ্নোত্তর জবাব প্রদান ও সংসদীয় কমিটির সিদ্ধান্তের অগ্রগতি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
০৬ বিবিএস এর বাস্তবায়ধীন প্রকল্প সমূহের মাসিক সমন্বয় সভা আয়োজন করা;
০৭ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে আসা বিভিন্ন পত্রের জবাবে সকল উইং, উন্নয়ন প্রকল্প এবং শাখা হতে তথ্য ও রিপোর্ট সংগ্রহপূর্বক সমন্বয় করে তা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ;
০৮ মন্ত্রীপরিষদ বিভাগে বিবিএস এর প্রতিবেদন প্রেরণ;
০৯ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাসিক সমন্বয় সভার মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রদান;
১০ ডিসি সম্মেলনের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ;
১১ ডিসি সম্মেলনের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ;
১২ সচিব কমিটির সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ;
১৩ মহান জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত ভাষণের বিবিএস এর প্রতিবেদন প্রেরণ;
১৪ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে চিঠি/নোট সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ;
১৫ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সম্পর্কিত প্রতিবেদন প্রের; এবং
১৬ বিবিধ মতামত সংক্রান্ত তথ্যের জবাব প্রেরণ।

৭.৩.৪ জেন্ডার সেল

জেন্ডার স্ট্যাটিসটিক্স বিষয়ে বিভিন্ন দপ্তরের সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ ও সমন্বয়পূর্বক তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ, পরিসংখ্যান প্রণয়ন ও প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এর আওতায় ৭ ফেব্রুয়ারি, ২০১৭ সময়ে জেন্ডার স্ট্যাটিসটিক্স সেল গঠন করা হয়। উল্লিখিত উইং কর্তৃক সেল এর সকল কার্যক্রম পরিচালিত হয়। বর্তমানে ডেমোগ্রাফি অ্যান্ড হেলথ উইং এ জেন্ডার সম্পর্কিত কার্যক্রম চলমান রয়েছে।

সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যাবলী

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং UN Women Bangladesh এর যৌথ উদ্যোগে বিবিএস এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং এর আওতায় জেন্ডার স্ট্যাটিসটিক্স সেল কর্তৃক 'Making Every Woman and Girl Count Bangladesh (MEWGC) Phase II' পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের আওতায় টাইম ইউজ সার্ভে ২০২১ এর তথ্য ব্যবহার করে স্যাটেলাইট একাউন্ট প্রস্তুত করে নারীদের গৃহস্থালী অবৈতনিক কাজে অবদান পরিমাপ করা হবে। জেন্ডার সংবেদনশীল বিষয়ের উপর বিভিন্ন দপ্তর থেকে তথ্য সংগ্রহ ও সংকলন এবং বিবিএস কর্তৃক পরিচালিত শুমারি ও জরিপে সংগৃহীত Sex Disagregated Data বিশ্লেষণ করে বাংলাদেশের নারীদের অবস্থান তুলে ধরার লক্ষ্যে জেন্ডার প্রোফাইল প্রস্তুত করা হবে। জেন্ডার সম্পর্কিত বিভিন্ন বিষয়ভিত্তিক ওয়ার্কশপ, সেমিনার প্রশিক্ষণ ও সভা আয়োজন করা হবে। এছাড়াও এ কার্যক্রমের

আওতায় প্রথমবারের মত Qualitative Survey of Violence Against Women (VAW) পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। Violence Against Women (VAW) Survey 2023 (Quantitative Survey)পরিচালনার লক্ষ্যে প্রাথমিক কাজ সম্পাদন ও প্রশ্নপত্র প্রণয়নে জেন্ডার স্ট্যাটিসটিক্স সেল কর্তৃক ইউএনএফপি এর সহযোগিতায় ওয়ার্কশপ, প্রশিক্ষণ ও সভা আয়োজন করা হয়েছে এবং বিভিন্ন দপ্তরের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় অব্যাহত রয়েছে।

৭.৩.৫ রিসার্চ সেল

রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (আরঅ্যান্ডডি) সেলের কার্যপরিধি

- পরিসংখ্যান ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে রিসার্চ প্লান এবং বিবিএস ও অন্যান্য সংস্থা কর্তৃক পরিচালিত শুমারি/জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি প্রস্তুত করা;
- তথ্য-উপাত্ত বিশ্লেষণের জন্য আন্তর্জাতিক মানদন্ড ও টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর মেটাডাটা অনুযায়ী বিভিন্ন শুমারি/জরিপের সংজ্ঞা, শ্রেণিকরণ, কনসেপ্ট, প্রশ্নপত্র প্রস্তুতে সহায়তা করা;
- Thematic Area ভিত্তিক প্যানেল ডাটা বিশ্লেষণ, প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করা;
- তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি প্রস্তুতপূর্বক জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশের উদ্যোগ করা;
- শুমারি/জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, অভিক্ষেপ, প্রবণতা, পূর্বাভাস প্রভৃতি প্রস্তুতে সভা, কর্মশালা, সেমিনার প্রভৃতির আয়োজন করা;
- বিবিএস এর সকল উইং এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/বেসরকারি সংস্থা/উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সমন্বয়ের নিমিত্ত একই প্লাটফর্মে আনার জন্য উদ্যোগ গ্রহণ করা;
- এ সংক্রান্ত গঠিত টেকনিক্যাল উপদেষ্টা কমিটি-কে সাচিবিক সহায়তা প্রদান করা।

৭.৪ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহ

৭.৪.১ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০১৯ হতে জুন ২০২৪ পর্যন্ত
প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়): ১৫৭৫৬৮.০২

উদ্দেশ্য

- একটি নির্দিষ্ট রেফারেন্স তারিখে দেশের প্রতিটি খানা ও খানার সদস্যগণকে গণনায় অন্তর্ভুক্ত করা;
- মূল শুমারির সম্পূরক হিসেবে বিশদ প্রশ্নপত্রের মাধ্যমে নির্বাচিত নমুনা এলাকা হতে বিস্তারিত আর্থসামাজিক তথ্য সংগ্রহ করা;
- বাংলাদেশি নাগরিকদের পাশাপাশি বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিকদের গণনায় অন্তর্ভুক্ত করা;
- ব্যষ্টিক ও সামষ্টিক পর্যায়ে পরিকল্পনা গ্রহণ ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার নিমিত্ত বেঞ্চমার্ক তথ্য সংগ্রহ করা;
- সকল ধরনের খানা ভিত্তিক আর্থসামাজিক জরিপের জন্য নমুনা ফ্রেম (Integrated Multi-Purpose Sample-IMPS) প্রস্তুত করা;
- জেলা ভিত্তিক জনসংখ্যার দীর্ঘমেয়াদি প্রক্ষেপণ করা;
- জাতীয় ও স্থানীয় পর্যায়ে সকল নির্বাচনের জন্য নির্বাচনী এলাকা নির্ধারণে যথাযথ তথ্য সরবরাহ করা;
- জাতীয় সম্পদের বণ্টন ও সরকারি চাকুরিতে কোটা নির্ধারণে তথ্য সরবরাহ করা;

জনশুমারি ও গৃহগণনা ২০২২

জাতীয় ও স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রণয়নে নিয়োজিত পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, সরকারি-অসরকারি গবেষণা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও এবং সর্বোপরি জনসাধারণের ব্যবহারের জন্য আর্থসামাজিক, জনতাত্ত্বিক, শিক্ষা, স্বাস্থ্য, বাণিজ্য, জাতীয় হিসাব নিরূপণসহ বিভিন্ন ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন ও প্রকাশের গুরুদায়িত্ব জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিবিএস নিয়মিতভাবে পালন করে আসছে। নিয়মিত এসকল কার্যক্রমের মধ্যে জনশুমারি ও

গৃহগণনা অন্যতম। জনশুমারি ও গৃহগণনা বাংলাদেশসহ বিশ্বের প্রায় সকল দেশে পরিচালিত সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ব্যাপকভিত্তিক পরিসংখ্যানিক কার্যক্রম। জাতিসংঘের ২০১৭ সালের গাইডলাইন অনুযায়ী জনশুমারি হচ্ছে 'একটি দেশ বা সীমানাবেষ্টিত অঞ্চলের সকল ব্যক্তির জন্য নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট বিষয় সম্পর্কিত সামাজিক ও অর্থনৈতিক তথ্য সংগ্রহ, সংকলন এবং প্রকাশের সার্বিক প্রক্রিয়া'। জনশুমারি ও গৃহগণনায় মূলত দু'টি প্রধান অংশ রয়েছে:

(১) জনশুমারি-যা নির্দিষ্ট সময়ে একটি দেশের সকল ব্যক্তির আর্থসামাজিক ও জনমিতিক উপাত্ত ক্ষুদ্রতর ভৌগোলিক/প্রশাসনিক স্তর পর্যন্ত সরবরাহ করে;

(২) গৃহগণনা-যা নির্দিষ্ট সময়ে একটি দেশের সকল আবাসিক ইউনিটের সংখ্যা, অবস্থা এবং আবাসিক ইউনিটগুলোতে বিদ্যমান সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য উপাত্ত ক্ষুদ্রতর ভৌগোলিক/প্রশাসনিক স্তর পর্যন্ত সরবরাহ করে। সরকার, নীতিনির্ধারক, প্রশাসক, গবেষক, ও উন্নয়ন সহযোগীসহ অন্যান্য ব্যবহারকারীগণ যাতে জাতীয় ও স্থানীয় পর্যায়ে উন্নয়ন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে শুমারির তথ্য ব্যবহার করতে পারেন, সে লক্ষ্যে শুমারি হতে প্রাপ্ত তথ্য শ্রেণিবিন্যস্ত ও সারণিভুক্ত করে প্রকাশ করা হয়।

জনশুমারি ও গৃহগণনা ২০২২ দেশের প্রথম ডিজিটাল শুমারি হলেও জনশুমারি ও গৃহগণনা'র সকল মৌলিক উদ্দেশ্য/বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখা হয়েছে। জনশুমারি ও গৃহগণনা ২০২২ মোডিফাইড ডি-ফ্যাক্টো (modified de facto) পদ্ধতি অনুসারে পরিচালনা করা হয়েছে। এই পদ্ধতিতে খানার সদস্যগণকে শুমারি মুহূর্তে তাদের অবস্থানে গণনাভুক্ত করার পাশাপাশি শুমারি মুহূর্তে যারা ভ্রমণরত, হাসপাতাল ও হোটেলে থাকবেন বা কর্মরত থাকবেন তাদেরকে স্ব স্ব খানায় গণনাভুক্ত করা হয়।

স্বাধীন বাংলাদেশে ১৯৭৪ সালে প্রথম আদমশুমারি পরিচালনা করা হয়। এরপর ১৯৮১ সালে দ্বিতীয় এবং তারপরে প্রতি দশ বছরের ধারাবাহিকতায় নিয়মিত শুমারি অনুষ্ঠিত হয়ে আসছে। পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা ২০১১ সালে অনুষ্ঠিত হয়। ২০১৩ সালে প্রণীত পরিসংখ্যান আইন অনুযায়ী ইতিপূর্বে পরিচিত 'আদমশুমারি'-কে 'জনশুমারি' হিসেবে অভিহিত করা হয়। সে অনুসারে আদমশুমারি ও গৃহগণনার পরিবর্তে ২০২২ সালের জুন মাসে ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়। ১৪ জুন ২০২২ তারিখ দিবাগত রাত ১২.০০ টা (শূন্য মুহূর্ত ১৫ জুন) 'শুমারি রেফারেন্স পয়েন্ট/সময়' এবং ১৫ থেকে ২১ জুন ২০২২ 'শুমারি সপ্তাহ' হিসেবে নির্ধারণ করা হয়। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫ হতে ২১ জুন ২০২২ সময়ে দেশব্যাপী পরিচালিত হয়, তবে আকস্মিক বন্যার কারণে শুমারির আন্তর্জাতিক প্রটোকল প্রতিপালনপূর্বক সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও নেত্রকোণা জেলায় তথ্যসংগ্রহের সময়সীমা ২৮ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতির মাধ্যমে ডিজিটাল শুমারি সম্পন্ন করা হয়েছে।

মাঠ পর্যায়ে শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমে প্রায় ৩ লক্ষ ৬৬ হাজার গণনাকারী ও প্রায় ৬৪ হাজার সুপারভাইজার নিয়োজিত ছিলেন, যারা স্থানীয় শিক্ষিত যুবক/যুব মহিলা। সারাদেশের গণনাকারী ও সুপারভাইজারদের কার্যক্রম তদারকির জন্য ৩৭৭৯ জন জোনাল অফিসার নিয়োজিত ছিলেন, যারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পাশাপাশি সরকারের অন্যান্য দপ্তরের নিয়মিত কর্মচারী। জোনাল অফিসারদের কার্যক্রম তদারকির জন্য ৫৬৩ জন উপজেলা শুমারি সমন্বয়কারী, উপজেলা শুমারি সমন্বয়কারীর কার্যক্রম তদারকির জন্য ১৬৩ জন জেলা শুমারি সমন্বয়কারী, জেলা শুমারি সমন্বয়কারীর কার্যক্রম তদারকির জন্য ১২ জন বিভাগীয় শুমারি সমন্বয়কারী নিয়োজিত ছিলেন সকল পর্যায়ের সমন্বয়কারীগণ বিবিএস-এর সদরদপ্তর ও মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা। অর্থাৎ শুমারির গুণগতমান নিশ্চিতকল্পে ০৬ স্তর বিশিষ্ট মনিটরিং ব্যবস্থা রাখা হয়েছিল।

ডিজিটাল শুমারির অন্যতম প্রধান বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

- Geographic Information System (GIS) ও Geocode সমন্বয় করে প্রস্তুতকৃত ডিজিটাল ম্যাপের মাধ্যমে সুনির্দিষ্ট ও সহজভাবে গণনা এলাকা চিহ্নিতকরণ;
- ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে তথ্যসংগ্রহ;
- সংগৃহীত তথ্য সংরক্ষণ ও নিরাপত্তা নিশ্চিতে TIER IV Security সমৃদ্ধ ডাটা সেন্টারের ব্যবহার, যেখানে তথ্য হ্যাকিং প্রতিরোধে Multilayer Firewall ব্যবহার করা হয়েছে;
- ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা নিশ্চিতে মাঠ পর্যায় থেকে সংগৃহীত সকল তথ্য encrypted অবস্থায় সার্ভারে প্রেরণ;

- শুমারির যাবতীয় কার্যক্রম ব্যবস্থাপনার জন্য একটি ওয়েবভিত্তিক Integrated Census Management System (ICMS) এর ব্যবহার;
- মাঠপর্যায়ের তথ্যসংগ্রহ কার্যক্রম রিয়েল টাইম মনিটরিং-এর পাশাপাশি তথ্যের গতিবিধি সরাসরি পর্যবেক্ষণের লক্ষ্যে Network Operations Centre (NOC) স্থাপন, যা তথ্যের গুণগত মান নিশ্চিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে;
- তথ্যসংগ্রহের সময় মাঠ পর্যায়ে উদ্ভূত বিভিন্ন সমস্যার দ্রুত সমাধান প্রদান এবং দেশের নাগরিকগণ যেন নিজ উদ্যোগে শুমারিতে গণনাভুক্তির বিষয়ে যোগাযোগ করতে পারে সে লক্ষ্যে কল সেন্টার স্থাপন;
- প্রচলিত প্রচার মাধ্যমের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সকল অনলাইন মাধ্যমে শুমারির প্রচারণা;

ডিজিটাল ম্যাপ প্রস্তুত ও জিওকোড হালনাগাদকরণ: শুমারি ও জরিপ পরিচালনার লক্ষ্যে বিবিএস নিজস্ব ব্যবস্থাপনায় দেশের প্রশাসনিক এলাকার সর্বনিম্ন স্তর গ্রাম পর্যন্ত স্বতন্ত্র কোড তৈরি করেছে, যা জিওকোড হিসেবে পরিচিত। উল্লিখিত জিওকোডসমূহ শুমারির পূর্বে জোনাল অপারেশনের মাধ্যমে হালনাগাদ করা হয়। ডিজিটাল ম্যাপ প্রস্তুতে মাঠ পর্যায় হতে প্রস্তুতকৃত গণনা এলাকার স্ক্যাচ ম্যাপ সংশ্লিষ্ট এলাকার স্যাটেলাইট ইমেজ এর উপর সুপারইমপোজ করা হয়। পরবর্তীতে শুমারির গণনা এলাকা সঠিকভাবে চিহ্নিত করার লক্ষ্যে জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) ও জিওকোড এর সমন্বয়ে ডিজিটাল ম্যাপ প্রস্তুত করা হয়। তথ্যের গুণগতমান বজায় রাখা এবং শুমারিতে সকলের গণনাভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে এবারই প্রথম বিভিন্ন স্তরভিত্তিক ডিজিটাল ম্যাপ, যেমন- গণনাকারীর ম্যাপ, সুপারভাইজার কন্ট্রোল ম্যাপ, জোনাল অফিসার কন্ট্রোল ম্যাপ, উপজেলা শুমারি সমন্বয়কারী (ইউসিসি) কন্ট্রোল ম্যাপ, জেলা শুমারি সমন্বয়কারী (ডিসিসি) কন্ট্রোল ম্যাপ, ও বিভাগীয় শুমারি সমন্বয়কারী (ডিভসিসি) কন্ট্রোল ম্যাপ প্রস্তুত করা হয়।

ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (ICMS) ও নেটওয়ার্ক অপারেশন সেন্টার (NOC): দেশের প্রথম ডিজিটাল শুমারি পরিচালনার জন্য একটি ওয়েবভিত্তিক ইন্টিগ্রেটেড সেন্সাস ম্যানেজমেন্ট সিস্টেম (আইসিএমএস) প্রস্তুত করা হয়। শুমারি কাজে নিয়োজিত জনবল ব্যবস্থাপনা, জিওকোড ব্যবহার করে গণনা এলাকা চিহ্নিতকরণ, ডিজিটাল ম্যাপ ব্যবস্থাপনাসহ শুমারির যাবতীয় কার্যক্রম আইসিএমএস এর মাধ্যমে ডিজিটালি পরিচালনা করা হয়েছে। এছাড়াও শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম কেন্দ্রীয়ভাবে সরাসরি পর্যবেক্ষণের লক্ষ্যে সদর দপ্তরে একটি নেটওয়ার্ক অপারেশন সেন্টার (NOC) স্থাপন করা হয়। নেটওয়ার্ক অপারেশন সেন্টার (NOC) এ আইসিএমএস ব্যবহার করে শুমারিতে সংগৃহীত ডাটা ভিজুয়ালাইজেশন, মাঠপর্যায়ের তথ্যসংগ্রহ কার্যক্রম রিয়েল টাইম মনিটরিং-এর পাশাপাশি তথ্যের গুণগতমান ও গতিধারা (Trend) সরাসরি পর্যবেক্ষণ করা হয়।

আইসিটি অবকাঠামো ও ব্যবস্থাপনা: জনশুমারি ও গৃহগণনা ২০২২ এ ডিজিটাল ডিভাইস ট্যাবলেট ব্যবহার করে খানার তথ্য সংগ্রহপূর্বক প্রথমে মোবাইল নেটওয়ার্কের মাধ্যমে বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (বিডিসিসিএল) এর TIER IV Data Center (বঙ্গবন্ধু হাইটেক পার্ক, কালিয়াকৈর, গাজীপুর) এ প্রেরণ করা হয়। উক্ত ডাটা সেন্টারে স্থাপিত Multilayer Firewall হয়ে তথ্যগুলো লোড ব্যালান্সারের মাধ্যমে অ্যাপ্লিকেশন সার্ভারে সংরক্ষণ করা হয়। ট্যাব হতে অ্যাপ্লিকেশন সার্ভার পর্যন্ত তথ্যগুলো ক্লাউড এর মাধ্যমে প্রেরণ করা হয় এবং গোপনীয়তা নিশ্চিতে তথ্যগুলো encrypted অবস্থায় সংরক্ষণ করা হয়। পরবর্তীতে Tier IV Data Center এ স্থাপিত Oracle Exadata এর মাধ্যমে তথ্যগুলো ক্লাউড থেকে অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে বিবিএস এর ডাটা সেন্টারে আনা হয় যা নেটওয়ার্ক অপারেশন্স সেন্টার (NOC) এর সহায়তায় রিয়েল টাইম ভিজুয়ালাইজেশন হয়। বর্ণিত ডিজিটাল আর্কিটেকচার এর মাধ্যমে শুমারির সার্বিক কার্যক্রম পরিচালনা করা হয়।

জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক ফলাফল এবং শুমারি পরবর্তী জরিপ (পিইসি): ডিজিটাল পদ্ধতিতে জনশুমারি ও গৃহগণনা ২০২২ সম্পন্ন করার ফলে মাত্র ০১ মাসের মধ্যে ২৭ জুলাই ২০২২ তারিখে প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করা সম্ভব হয়েছে। প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী দেশের গণনাকৃত মোট জনসংখ্যা ছিল ১৬ কোটি ৫১ লক্ষ ৫৮ হাজার ৬১৬ জন। শুমারি পরবর্তী জরিপ (পিইসি) তে প্রাপ্ত ২.৭৫ শতাংশ Net Coverage Error (NCE) যা শুমারির ইতিহাসে সর্বনিম্ন। ডিজিটাল পদ্ধতিতে শুমারিতে তথ্য সংগ্রহ করা হয়েছে বিধায় ভূলের মাত্রা অত্যন্ত কম হয়েছে ও শুমারির তথ্যের গ্রহণযোগ্যতাও বৃদ্ধি পেয়েছে। পিইসি পরবর্তীতে দেশের সমন্বয়কৃত মোট জনসংখ্যা হলো ১৬ কোটি ৯৮ লক্ষ ২৮ হাজার ৯১১ জন। সমন্বয়কৃত মোট জনসংখ্যার ৬৮.৩৪ শতাংশ পল্লিতে এবং ৩১.৬৬ শতাংশ শহরে বাস করে। প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী দেশে পুরুষের সংখ্যা

ছিল ৮ কোটি ১৭ লক্ষ ১২ হাজার ৮২৪ জন, মহিলার সংখ্যা ৮ কোটি ৩৩ লক্ষ ৪৭ হাজার ২০৬ জন এবং হিজড়ার সংখ্যা ১২ হাজার, ৬২৯ জন। পিইসি জরিপ অনুসারে পুরুষের NCE ২.৮১ শতাংশ, সে হিসেবে সমন্বয়কৃত পুরুষের সংখ্যা ৮ কোটি ৪০ লক্ষ ৭৭ হাজার ২০৩ জন; মহিলার NCE ২.৬৯ শতাংশ, সে হিসেবে সমন্বয়কৃত মহিলার সংখ্যা ৮ কোটি ৫৬ লক্ষ ৫৩ হাজার ১২০ জন। ২০১১ সালে বাংলাদেশে জনসংখ্যার বৃদ্ধির হার ছিল ১.৩৭% (গণনাকৃত জনসংখ্যা অনুযায়ী ১.৪৬%) এবং সর্বশেষ ২০২২ সালে ১.২২% এ উপনীত হয়।

আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩: জনশুমারি ও গৃহগণনা বাংলাদেশসহ বিশ্বের প্রায় সকল দেশে পরিচালিত সবচেয়ে গুরুত্বপূর্ণ ও ব্যাপকভিত্তিক পরিসংখ্যানিক কার্যক্রম, যা নির্দিষ্ট সময়ে একটি দেশ বা নির্ধারিত সীমানার মধ্যে বসবাসকারী সকল ব্যক্তি বা জনসাধারণের জনমিতিক, অর্থনৈতিক ও সামাজিক তথ্যসংগ্রহ, সংকলন এবং প্রকাশের সার্বিক প্রক্রিয়া। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশের মতো জনবহুল দেশে শুমারি একটি বৃহৎ কর্মযজ্ঞ হওয়ায় এর মাধ্যমে বিস্তারিত আর্থসামাজিক ও জনমিতিক তথ্যাদি সংগ্রহ প্রায় অসম্ভব। অন্যদিকে শুমারিতে অনেক বেশি বিষয় বিশদভাবে অন্তর্ভুক্ত করা হলে বিষয়টি বেশ দুরূহ/জটিল, ব্যয়বহুল ও সময়সাপেক্ষ হয়ে যাবে, যা তথ্যের গুণগতমানকে প্রভাবিত করবে। এ কারণেই প্রায় প্রতিটি দেশ জনশুমারি শেষ করার পরপরই একটি দীর্ঘ প্রশ্নপত্র ব্যবহার করে বিশদ আকারে একটি জরিপ করে থাকে। এই জরিপটি নমুনা শুমারি বা আর্থসামাজিক ও জনমিতিক জরিপ নামে পরিচিত। এর মাধ্যমে আর্থসামাজিক ও জনমিতিক বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা হয়, যা দেশের নীতি নির্ধারণ ও পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক দেশের প্রথম ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা ১৫-২১ জুন ২০২২ সময়ে পরিচালনা করা হয়। এটি দেশের ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা। এরই ধারাবাহিকতায় গত ২১ মে হতে ২২ জুন ২০২৩ সময়ে দেশের ১২,০৪০টি নির্বাচিত নমুনা এলাকায় (প্রায় তিন লক্ষ খানা) ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ পরিচালিত হয়েছে। আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর প্রশ্নপত্রে ১৩টি বিষয়ভিত্তিক মডিউলের (খানার পরিচিতি, গৃহ, খানা, ব্যক্তি, অর্থনৈতিক কর্মকান্ড, ব্যাংকিং সুবিধা, জন্ম, মৃত্যু, বিবাহ, অভ্যন্তরীণ অভিবাসন, বিদেশ ফেরত সদস্য, আন্তর্জাতিক অভিবাসন এবং খানার পরিসম্পদ সংক্রান্ত) আওতায় ১২১টি প্রশ্নের মাধ্যমে মোট ১৯৪টি সূচকের তথ্য সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্য সঠিকতা ও গুণগত মান নিশ্চিতে কোডিং, এডিটিং ও ডাটা ভ্যালিডেশনের কার্যক্রম চলমান রয়েছে, যা শেষ করার পর দ্রুতই প্রাথমিক ফলাফল প্রকাশ করা হবে।

৭.৪.২ পরিবেশ, জলবায়ু, পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: ০১ এপ্রিল ২০১৯ হতে ৩০ জুন ২০২৫

উদ্দেশ্য

১) জলবায়ু পরিবর্তন জনিত কারণে সংগঠিত বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের প্রত্যক্ষ প্রভাব পরিবীক্ষণের জন্য মাঠ পর্যায় হতে খানাভিত্তিক তথ্য-উপাত্ত সংগ্রহ করা;

২) প্রাতিষ্ঠানিক পরিবেশগত সুরক্ষা, সম্পদ, মানব সম্পদ, বর্জ্য ব্যবস্থাপনা, গবেষণা ও উন্নয়ন প্রভৃতির ব্যয় নিরূপণের লক্ষ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ করা;

৩) সিটি কর্পোরেশন ও পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা (সংগ্রহ, অপসারণ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ প্রভৃতি) বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করা;

৪) পরিবেশ, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্রা, জলবায়ু দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সেক্টরাল তথ্য-উপাত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর/সংস্থা হতে সংগ্রহপূর্বক 'কমপাইলেশন অব এনভায়রনমেন্টাল স্ট্যাটিসটিক্স' প্রণয়ন করা;

৫) ইউনাইটেড ন্যাশনস 'সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং (SEEA)' অনুসরণক্রমে ল্যান্ড, ফরেস্ট এন্ড ইকো-সিস্টেম এবং ফিজিক্যাল ফ্লোওয়াটার এন্ড ওশান অ্যাকাউন্টস্ প্রণয়ন কর;

৬) জনমিতিক, আর্থ-সামাজিক ও পরিবেশগত তথ্য-উপাত্তের সাথে স্থানিক (জিআইএস) তথ্যের সাথে সমন্বিতপূর্বক বিডি জিআইএস ওয়েব অ্যাপলিকেশন প্রস্তুত এবং প্রস্তুতকৃত সকল জরিপসহ কার্যক্রমের জন্য প্রণীত মোবাইল ও ওয়েব অ্যাপলিকেশনসমূহ একত্রিত করে মোবাইল রেসপনসিভ কেন্দ্রিয় লাইভ ওয়েব অ্যাপলিকেশ প্রস্তুত করা;

৭) দেশব্যাপী খানাভিত্তিক পরিবেশগত জরিপ [হাউজহোল্ড এনভাইরনমেন্টাল সার্ভে (এইচইএস)] পরিচালনা করা;

৮) সিস্টেম অব ইনভায়রনমেন্টাল ইকোনমিক একাউন্টিং অনুসরণক্রমে মেটারিয়াল ফুট প্রিন্ট এন্ড ডোমেস্টিক মেটারিয়াল কনজাম্পশন অ্যাকাউন্টস্ প্রণয়ন করা;

৯) টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি), ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা প্রভৃতিসহ আন্তর্জাতিক রিপোর্টিং (ডিএনআরসহ) এর জন্য পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়ন ও পরিবীক্ষণে সহায়ক হিসেবে প্রণীত পরিবেশগত তথ্য-উপাত্ত সরবরাহ নিশ্চিত করা; এবং

১০) আন্তঃমন্ত্রণালয়/আন্তঃসংস্থার কর্মকর্তাগণের পরিবেশগত পরিসংখ্যান প্রণয়ন, বিশ্লেষণ ও প্রতিবেদন লিখনে দক্ষতা উন্নয়নকল্পে প্রশিক্ষণ প্রদান করা।

ইসিডিএস সেল ও ইসিডিএস প্রকল্পের কর্মসম্পাদনের সার্বিক চিত্র:

গত ১৬ হতে ১৯ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ইসিডিএস প্রকল্প এবং বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে 'Environmental Statistics and GIS Integration for Natural Resource (Capital) Accounts to Measure Green Growth in Bangladesh' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে **ড. শাহনাজ আরেফিন, এনডিসি** সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ উপস্থিত ছিলেন। টাঙ্গাইলের করটিয়ায় অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে **ড. আহসান এইচ মনসুর**, নির্বাহী পরিচালক, বাংলাদেশ পলিসি রিসার্চ ইন্সটিটিউট এবং গেস্ট অব অনার হিসেবে বিশ্বব্যাংকের সিনিয়র এনভায়রনমেন্টাল স্পেশালিস্ট **Ms. Eun Joo Allison Yi** উপস্থিত ছিলেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার কর্মকর্তাগণও উক্ত কর্মশালায় অংশগ্রহণ ছিলেন।

৭.৪.৩ ন্যাশনাল হাউজহোল্ড ডেটাবেইজ প্রকল্প (NHD) (সাবেক বিপিডি)

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০২২

উদ্দেশ্য

ক) বিভিন্ন আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিক তথ্যের সমন্বয়ে দেশের সকল খানার ডাটাবেইজ তৈরি, যা দারিদ্র্য হ্রাসে সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ অন্যান্য পরিকল্পনা প্রণয়নে সহায়তা করবে।

খ) সামাজিক নিরাপত্তা/ক্ষমতায়ন কর্মসূচি প্রণয়নের নিমিত্ত দরিদ্র খানার বিস্তারিত তালিকা তৈরি করা, যা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উপকারভোগী নির্ণয়ের ক্ষেত্রে Overlapping দূর করবে।

৭.৪.৪ খানার আয় ও ব্যয় জরিপ (HIES) ২০২০-২১ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত
প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) (১ম সংশোধিত): ১৪১২.৮০ লক্ষ টাকা

উদ্দেশ্য

দারিদ্র্য দূরীকরণ, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ পরিবীক্ষণে উপাত্ত চাহিদা পূরণের লক্ষ্যে দারিদ্র্য পরিসংখ্যান ও এতদসংক্রান্ত জরিপ পরিচালনার মাধ্যমে তথ্য সরবরাহ করা।

প্রকল্পের প্রধান কার্যক্রম

- HIES 2022 জরিপ কাজটি সুচারুভাবে পরিচালনার নিমিত্ত একটি পাইলট জরিপ পরিচালনা করা (2 Days dairy vs 7 Days Recall Method Check করা জন্য);
- HIES 2022 জরিপ পরিচালনার লক্ষ্যে একটি হালনাগাদ Sampling Frame প্রণয়ন করা;
- HIES 2022 জরিপ পরিচালনার জন্য নমুনায়নকৃত এলাকার (PSU) সম্পূর্ণ খানা তালিকা প্রণয়ন করা;
- প্রণয়নকৃত খানা তালিকা হতে SRS পদ্ধতি বিবেচনায় প্রতিটি PSU হতে ২০ টি করে খানা নির্বাচন করা;
- তথ্য সংগ্রহ কাজের জন্য অস্থায়ী ভিত্তিতে (০১ বছরের জন্য) Enumerator Cum Data Entry Operator (স্নাতক/স্নাতকোত্তর পাশ) নিয়োগ ও তাদের প্রশিক্ষণ প্রদান করা;
- একাজে নিয়োজিত Enumerator Cum Data Entry Operator -দের সহযোগিতা প্রদানের লক্ষ্যে একটার্মের জন্য প্রতিটি PSU –তে (২০ দিনে এক টার্ম, মোট টার্ম সংখ্য ১৮ টি) স্থানীয় ০২ জন মহিলা Facililator নিয়োগ প্রদান করা;
- তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত CAPI সফটওয়ার প্রস্তুত করা;
- ০১ জানুয়ারি ২০২২ হতে ৩১ ডিসেম্বর ২০২২ সময় পর্যন্ত HIES 2022 জরিপের মাঠ পর্যায় হতে তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ পরিচালনা করা;
- তথ্য-উপাত্ত অ্যানালাইসিস করে তা ফলাফল আকারে প্রকাশ ও প্রকাশনা প্রস্তুত কাজ সম্পন্ন করা।

২০২১-২২ অর্থবছরে প্রকল্পের সম্পাদিত কার্যক্রম

- Enumerator Cum Data Entry Operator-গণকে (আগস্ট, ২০২২) ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুরে Refresher আবাসিক প্রশিক্ষণ প্রদান;
- মোট ১৮ টি টার্মের মাধ্যমে ৭২০ টি পিএসইউ থেকে ১৪৪০০ টি খানার তথ্য সংগ্রহ কার্যক্রম ৩১ ডিসেম্বর ২০২২ এ শেষ হয়েছে;
- গত ১২ এপ্রিল, ২০২৩ তারিখে HIES ২০২২ জরিপের Key Findings: HIES 2022 প্রকাশিত হয়েছে।
- গত ২৫ জুন, ২০২৩ তারিখে HIES ২০২২ জরিপের Preliminary Report : HIES 2022 প্রকাশিত হয়েছে।

মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম রাজধানীর সবুজবাগ এলাকায় HIES ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রকল্প পরিচালক, খানা আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ প্রকল্প ও প্রকল্পের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সাধারন অর্থনীতি বিভাগের সম্মানিত সদস্য ড. মো: কাউসার আহাম্মদ রাজধানীর আদাবর এলাকায় HIES ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, খানা আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ প্রকল্প ও প্রকল্পের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

Key Findings: HIES 2022 এর প্রকাশনা অনুষ্ঠানে মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম এ মান্নান এমপি, মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন এনডিসি, সাধারন অর্থনীতি বিভাগের সম্মানিত সদস্য ড. মো: কাউসার আহাম্মদ, বিবিএস এর সম্মানিত মহাপরিচালক মো: মতিয়ার রহমান, খানার আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মহিউদ্দিন আহমেদ *এমপিএইচ* ও প্রকল্প টিমের অন্যান্য সদস্যগণ।

৭.৪.৫ ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন অ্যান্ড রিবেজিং অব ইন্ডিসিস প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস

বাস্তবায়নকাল: মার্চ ২০১৮ থেকে জুন ২০২৩

উদ্দেশ্য

ক) মোট দেশজ উৎপাদন (GDP) এর ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণের পদ্ধতিগত উন্নয়ন সাধন

খ) জিডিপির সাথে সংশ্লিষ্ট সূচকসমূহের ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণ

গ) নতুন জরিপের মাধ্যমে জিডিপির পরিধি বৃদ্ধি এবং হালনাগাদকরণ

(ঘ) গ্রাম-শহরের জিডিপি প্রাক্কলন
(ঙ) সঞ্চয় ও বিনিয়োগের সরাসরি প্রাক্কলন পদ্ধতির উন্নয়ন

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

ক) জিডিপির সাথে সংশ্লিষ্ট সূচকসমূহ যথা:

1. Consumer Price Index (CPI),
2. Quantum Index of Industrial Production (QIIP),
3. Producer Price Index (PPI),
4. House Rent Index (HRI),
5. Building Metarial Price Index(BMPI) ও
6. Wage Rate Index(WRI) এর ভিত্তি বছর পরিবর্তন ও হালনাগাদকরণ

খ) নতুন জরিপের মাধ্যমে জিডিপির পরিধি বৃদ্ধি এবং হালনাগাদকরণ

প্রাক্কলিত ব্যয়: ৯৮৬.৪৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)
২০২১-২২ অর্থবছরে আরএডিপি বাস্তবায়নে অগ্রগতি: ক) আর্থিক ৯১.৬৩ % খ) বাস্তব ১০০%

৭.৪.৬ জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২২
আরম্ভ: জুলাই ২০১৯ সমাপ্তি: ডিসেম্বর ২০২২

উদ্দেশ্য

প্রকল্পের প্রধান উদ্দেশ্য প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিসংখ্যান প্রস্তুত করা, যার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল ধারায় নিয়ে আসা এবং তাদের জীবনের সকল ক্ষেত্রে সমান অধিকার প্রতিষ্ঠায় সহায়তা করা।

জরিপের সুনির্দিষ্ট (Specific) উদ্দেশ্যসমূহ:

- বাংলাদেশে প্রতিবন্ধিতার বিভিন্ন ধরনের প্রবণতা নির্ধারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- শারীরিক ও সামাজিক প্রেক্ষাপটে প্রতিবন্ধিতার কারণ এবং বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের পারিবারিক ও সামাজিক গ্রহণযোগ্যতা নিরূপণ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের শ্রমশক্তি, শিক্ষা ও সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ সম্পর্কিত তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের সেবাপ্রাপ্তি সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্বাস্থ্যখাতের সম্পৃক্ততা নিরুপণ;
- জীবনমান উন্নয়ন ও সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিবন্ধিতার প্রভাব; এবং

প্রতিবন্ধী ব্যক্তিদের সুস্বাস্থ্য ও অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় নীতি নির্ধারণের জন্য গবেষক, পরিকল্পনাবিদ ও নীতি নির্ধারকদের তথ্য সরবরাহ।

২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ড

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ প্রকল্পের অধীনে পরিচালিত জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১ এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশ করা হয়েছে।

৭.৪.৭ কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: মে ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত।
আরম্ভ: মে ২০১৭ সমাপ্তি: ডিসেম্বর ২০২২

উদ্দেশ্য

ক) শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ এবং পোল্ট্রি সাব সেক্টরের পরিসংখ্যান তৈরি করা।
খ) কৃষি খাতের কাঠামোগত পরিবর্তন সংক্রান্ত উপাত্ত প্রদান করা।
গ) ভূমি ব্যবহার, জমি চাষের প্রকার ও ফসল বৈচিত্র্যের পরিসংখ্যান প্রদান করা।
ঘ) সেচ, কৃষি উপকরণ, যন্ত্রপাতি সংক্রান্ত উপাত্ত প্রদান করা।
প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (সম্পূর্ণ জিওবি)

২০২১-২২ অর্থবছরে আরএডিপি বাস্তবায়নে অগ্রগতি (%): ২৮.৩৮%

২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম:

বর্ণিত প্রকল্পের আওতায় কৃষি শুমারি ২০১৯ এর পূরণকৃত প্রশ্নপত্র ICR পদ্ধতিতে স্ক্যানিং ক্যাপারিং, এডিটিং, অ্যানালাইসিস সম্পন্ন পরবর্তী জেলা রিপোর্ট ৬৪ টি, ন্যাশনাল রিপোর্ট, ক্রপিং প্যাটার্ন রিপোর্ট, অ্যানালিটিক্যাল রিপোর্ট পিইসি রিপোর্ট, প্রশাসনিক রিপোর্ট এবং কৃষি নমুনা শুমারি ২০২০ এর মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য ম্যানুয়াল এডিট, ডাটা এন্ট্রি, অ্যানালাইসিসি সম্পন্ন পরবর্তী তিনটি রিপোর্ট; যথা: ক) শস্য রিপোর্ট খ) প্রানিস্পদ রিপোট গ) মৎস্য রিপোর্ট প্রকাশ করা হয়েছে। অর্থাৎ সর্বমোট ৭২ টি রিপোর্ট ডিসেম্বর ২০২২ তারিখে প্রকাশ করা হয়েছে যা বিবিএস এর ওয়েবসাইটেও দেওয়া হয়েছে।

৭.৪.৮ ন্যাশনাল স্ট্রাটেজি ফর দি ডেভেলপমেন্ট অফ স্ট্যাটিসটিকস্ (NSDS) ইমপ্লিমেনটেশন সাপোর্ট প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: মার্চ ২০১৮ থেকে ফেব্রুয়ারি ২০২৩
আরম্ভ: মার্চ ২০১৮ সমাপ্তি: ফেব্রুয়ারি ২০২৩

উদ্দেশ্য

❍ বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ও মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) বাস্তবায়নে সহায়তা করা। এর দ্বারা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সার্বিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নের দ্বার উন্মোচিত হবে। নীতিনির্ধারক, পরিকল্পনাবিদসহ অন্যান্য তথ্য-উপাত্ত ব্যবহারকারীগণ যথাসময়ে মানসম্পন্ন সঠিক ও নির্ভরযোগ্য পরিসংখ্যান পাবেন।

❍ সীমাবদ্ধ সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে জরিপের পরিবর্তে 'প্রশাসনিক উৎস' থেকে নিয়মিত তথ্য সংগ্রহের জন্য তথ্য প্রস্তুতকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ অধিদপ্তরের সাথে প্রাতিষ্ঠানিক সম্পর্ক স্থাপন করা এবং এ লক্ষ্যে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করা।

❍ দ্রুততম সময়ে তথ্য সংগ্রহ, সংকলন, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের মাধ্যমে যথাসময়ে প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য সংগ্রহ থেকে রিপোর্ট প্রকাশ পর্যন্ত সামগ্রিক প্রক্রিয়াকে একটি স্বয়ংক্রিয় ব্যবস্থায় আনায়নের লক্ষ্যে Comprehensive ICT পরিকল্পনা প্রণয়ন করা;

❍ দাপ্তরিক পরিসংখ্যান প্রণয়ন একটি টেকনিক্যাল বিষয়। একাজ সঠিকভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল অপরিহার্য। তাই বিবিএস-এ কর্মরত সকল ধরনের জনবলকে দেশে-বিদেশে নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা;

❍ সঠিক, নির্ভরযোগ্য, আন্তর্জাতিকমানসম্পন্ন পরিসংখ্যান প্রণয়নে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত প্রধান প্রধান (core) জরিপসহ অন্যান্য পরিসংখ্যানগত কার্যক্রমের পরিচালনা পদ্ধতি (Methodology) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যুগোপযোগী করা;

❍ বিবিএস কর্তৃক প্রস্তুতকৃত পরিসংখ্যান দ্রুত ও সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্য প্রকাশনা পদ্ধতি আধুনিকায়ন।

প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রম: (২০২১-২২ অর্থবছরের উল্লেখযোগ্য কর্মকান্ডের তথ্য)

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট কর্তৃক 'Survey Management: Design,Operations & Questionnaire Design' এর ওপর ১৭-২৭ জুলাই ২০২২ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, কুমিল্লায় এবং ০৬ - ১৭ আগস্ট ২০২২ পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়ায় সর্বমোট ৭৬ জন কর্মকর্তাকে আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনার তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫-২১ জুন ২০২২ সময়ে সারাদেশে একযোগে অনুষ্ঠিত হয়। উক্ত শুমারির প্রাথমিক প্রতিবেদন প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয় ২৭ জুলাই ২০২২। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শিরীন শারমিন চৌধুরী এমপি, মাননীয় স্পীকার, বাংলাদেশ জাতীয় সংসদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব এম. এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়। জনাব ফরহাদ হোসেন এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, ড. শামসুল আলম, মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় অনুষ্ঠানটিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ড. শাহনাজ আরেফিন এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান।

❍Household Income and Expenditure Survey (HIES) 2022 এর ৯২ জন তথ্যসংগ্রহকারীকে ০৩ (তিন) দিনব্যাপী (২৮-৩০ আগস্ট ২০২২) আবাসিক (BRAC CDM) রিফ্রেসার প্রশিক্ষণে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস।

❍ ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২২ এর ১০৭ জন তথ্যসংগ্রহকারীকে ০৩ (তিন) দিনব্যাপী (২৬-২৮ আগস্ট ২০২২) আবাসিক (BRAC CDM) রিফ্রেসার প্রশিক্ষণে আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান করে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় বিবিএস এর কর্মকর্তাগণের Health Statistics সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিবিএস সদর দপ্তরে Fundamentals of Health Statistics এর ওপর ০৪ (চার) দিনব্যাপী (২৯ আগস্ট-১ সেপ্টেম্বর, ২০২২) একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

❍ Quantum Index of Industrial Production (QIIP) ও Producer Price Index (PPP) সংক্রান্ত উপাত্ত সংগ্রহ, সংকলন ও সূচক দু'টির রিবেজিং ও রিভিশন প্রক্রিয়া যথাযথ, নির্ভুল ও সময়োচিত করার লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট কর্তৃক বিবিএস সদর দপ্তরে ০৩ (তিন) ব্যাচে (০৪-০৬ সেপ্টেম্বর ২০২২, ২৫-২৭ সেপ্টেম্বর ২০২২ ও ০৬-০৭ নভেম্বর ২০২২) ১৯৮ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় কর্মকর্তাগণের Population and Housing Census সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Fundamental of Population and Housing Census এর ওপর বিবিএস সদর দপ্তরে ০৫ (পাঁচ) দিনব্যাপী (৩০ অক্টোবর-৩ নভেম্বর, ২০২২) ১৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় কর্মকর্তাগণের National Accounts Statistics সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে Quarterly National Accounts Statistics বিষয়ক বিবিএস সদর দপ্তরে ০৫ (পাঁচ) দিনব্যাপী (৩০ অক্টোবর-৩ নভেম্বর, ২০২২) ১৭ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ শুমারি ও জরিপের তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণে বিবিএস এর কর্মকর্তাগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট কর্তৃক R সফটওয়্যারের ওপর সিএসএস আভা সেন্টার, খুলনায় ১০ (দশ) দিনব্যাপী (১৬-২৬ নভেম্বর ২০২২) ২০ (বিশ) জন কর্মকর্তাকে উচ্চতর আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে National Advisory Council on Statistics (NACS) এর ২০২২ সালের ২য় সভা ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে NEC এর সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম.এ. মান্নান, এমপি। সভায় অন্যান্য সম্মানিত অতিথিবর্গের মধ্যে পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মানিত সচিব ড. শাহনাজ আরেফিন এনডিসি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বর্তমান মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান ও NACS এর অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

NEC এর সভাকক্ষে অনুষ্ঠিত National Advisory Council on Statistics (NACS) এর ২০২২ সালের দ্বিতীয় সভায় সভাপতিত্ব করেন জনাব এম. এ. মান্নান এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণের প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৭ নভেম্বর হতে ১ ডিসেম্বর ২০২২ এবং ১১-১৫ ডিসেম্বর ২০২২ সময়ে মোট ৮৩৫ জন কর্মচারীকে ৮টি বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় ও ৬টি জেলা পরিসংখ্যান কার্যালয়ে (গাজীপুর, ফরিদপুর, কুমিল্লা, বগুড়া, দিনাজপুর ও ঝিনাইদহ) এবং সদর দপ্তরে কর্মরত মোট ২০২ জন কর্মচারীকে ঢাকাস্থ প্রধান কার্যালয়ের কম্পিউটার ল্যাব-১ ও ল্যাব-০২ এ চারটি পর্বে যথাক্রমে ০১ জানুয়ারি হতে ০৫ জানুয়ারি ২০২৩, ০৮ জানুয়ারি হতে ১২ জানুয়ারি ২০২৩, ১৫ জানুয়ারি হতে ১৯ জানুয়ারি ২০২৩ ও ২৯ জানুয়ারি হতে ০২ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনব্যাপী Basic Computer Literacy শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় কর্মকর্তাগণের জরিপ ও শুমারির তথ্য প্রক্রিয়াকরণ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১৬-১৯ জানুয়ারি ২০২৩ সময়ে চার দিনব্যাপী ১৩ জন কর্মকর্তাকে Code & Syntax বিষয়ে বিবিএস সদর দপ্তরে প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট' এর আওতায় কর্মকর্তাগণের জরিপ ও শুমারির তথ্য ডকুমেন্টেশন সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২২-২৬ জানুয়ারি ২০২৩ সময়ে ১৫ জন কর্মকর্তাকে Metadata Documentation বিষয়ে গুলশান ক্লাব লিমিটেড এ প্রশিক্ষণ প্রদান করা হয়।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্টের International Twinning Partner (devstat-IOE-ibf) কর্তৃক Quality Management in Official Statistics সংক্রান্ত ১০ (দশ) দিনব্যাপী একটি আন্তঃমন্ত্রণালয় প্রশিক্ষণের আয়োজন করা হয়। BRAC-CDM-Rajendrapur, Gazipur-এ **০৯ মার্চ থেকে ১৮ মার্চ ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত আবাসিক এ প্রশিক্ষণে বিবিএস এর কর্মকর্তাগণের পাশাপাশি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও স্পারসো থেকেও কর্মকর্তাগণ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

❍ জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস কর্তৃক বিদ্যমান জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) সংশোধন ও হালনাগাদের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। এ লক্ষ্যে Positioning BBS as a world-class statistical organization: What does it require? শীর্ষক একটি কর্মশালা ১ ও ২ মার্চ ২০২৩ তারিখ হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁও এর বলরুম-১ এ আয়োজন করা হয়। বর্ণিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি। কর্মশালায় গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন Ms. Ximena Del Carpio, Practice Manager, Poverty & Equity Global Practice, World Bank Group এবং কর্মশালাটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান। তাছাড়াও, কর্মশালায় উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের যুগ্মসচিব ড. দিপংকর রায়, এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর প্রকল্প পরিচালক জনাব মোঃ দিলদার হোসেন, বিবিএস এর পরিচালকবৃন্দ ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং বিশ্ব ব্যাংক এর সিনিয়র ইকোনমিস্ট Mr. Ayago Wambile।

❍ এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর অন্যতম রেজাল্ট ইন্ডিকেটর হচ্ছে পরিসংখ্যান ব্যবহারকারীদের সন্তুষ্টির মাত্রা নিরূপণ। এলক্ষ্যে প্রকল্প কর্তৃক বিবিএস এ প্রথবারের মত User Satisfaction Survey 2022 পরিচালনা করা হয়। মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. শামসুল আলম ১৫ মার্চ ২০২৩ তারিখে সাড়ম্বরপূর্ণ আনুষ্ঠানিকতায় প্রতিবেদনটির মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানটিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিন, এনডিসি এবং অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান।

❍ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট এর আওতায় সাংবাদিকগণকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যক্রম ও সরকারি পরিসংখ্যান বিষয়ে মৌলিক ধারণা প্রদানের জন্য Basics of Official Statistics বিষয়ে ০২ (দুই) দিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিবিএস সদর দপ্তরে **১০ ও ১১ এপ্রিল ২০২৩** সময়সীমায় অনুষ্ঠিত এ প্রশিক্ষণে গণমাধ্যমের সর্বমোট ৩১ জন সাংবাদিক প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

❍ জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণের লক্ষ্যে এনএসডিএস ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রজেক্ট, বিবিএস কর্তৃক অংশীজনের অংশগ্রহণে জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (এনএসডিএস) সংশোধন ও হালনাগাদ বিষয়ক একটি জাতীয় কর্মশালা ৭ জুন ২০২৩ তারিখ হোটেল শেরাটন, বনানী-তে আয়োজন করা হয়। বর্ণিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম. এ. মান্নান, এমপি, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব ড. শামসুল আলম ও ড. শাহনাজ আরেফিন, এনডিসি, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, কর্মশালায় গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর Mr. Abdoulaye Seck. এবং কর্মশালাটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোঃ মতিয়ার রহমান। তাছাড়াও, কর্মশালায় উপস্থিত ছিলেন বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা, উন্নয়ন সহযোগী সংস্থাসমূহ ও সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ ও পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাবৃন্দ।

প্রাক্কলিত ব্যয়: ১৩৪০২.০০ লক্ষ টাকা (জিওবি ১৪০২.০০ লক্ষ টাকা ও আরপিএ ১২০০০.০০ লক্ষ টাকা)।
২০২১-২২ অর্থবছরে আরএডিপি বাস্তবায়নে অগ্রগতি (%): ৭৯.১৪%

৭.৪.৯ শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত

উদ্দেশ্য

ক) শ্রমশক্তি জরিপ এর মাধ্যমে জেন্ডারভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত।

খ) প্রশ্নপত্রে পৃথক মডিউল ব্যবহারের মাধ্যমে মাইগ্রেশন সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত।

গ) LFS এর মাধ্যমে শ্রমবাজারের seasonal variation সংক্রান্ত Statistics প্রণয়ন।

ঘ) শ্রমবাজারে স্কিলস/সেক্টর এর চাহিদা সম্পর্কিত জরিপ (Labour Deman Survey) পরিচালনা করা প্রাক্কলিত ব্যয়: ৪১৪.৫৬ লক্ষ টাকা ।

২০২২-২৩ অর্থবছরে আরএডিপি বাস্তবায়নে অগ্রগতি (%):৮৪.০৯%

২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম:

ক) শ্রমশক্তি জরিপ ২০২২ এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ (জানুয়ারি-ডিসেম্বর) সমাপ্ত হয়েছে।

খ) শ্রমশক্তি জরিপ ২০২২ এর কোয়ার্টারভিত্তিক প্রভিশনাল রিপোর্ট ২৯ মার্চ ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে।

গ) শ্রমশক্তি জরিপ ২০২৩ এর ১ম কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) এর গুরুত্বপূর্ণ মালামাল ২ মে ২০২৩ তারিখে প্রকাশ করা হয়েছে।

ঘ) ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ এর তথ্য সংগ্রহ চলমান রয়েছে।

৭.৪.১০ 'টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক সাক্ষরতা নিরুপণ জরিপ (LAS) প্রকল্প'

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: ০১ জানুয়ারি ২০২১ খ্রি. হতে জুন ২০২৩ খ্রি: পর্যন্ত।
প্রাক্কলিত ব্যয়: ৫২৯.০০ লক্ষ টাকা
আর্থিক অগ্রগতি: ৯৫.৫৬%
বাস্তব অগ্রগতি: ১০০%

উদ্দেশ্য:

১) বাংলাদেশে প্রায়োগিক সাক্ষরতার অবস্থা নিরূপণে গুণগত তথ্যপ্রাপ্তি এবং এ সংক্রান্ত জাতীয় নীতি ও পরিকল্পনা প্রণয়ন, সাক্ষরতার স্তর উন্নয়নে কার্যকরী কর্মসূচি প্রণয়ন ও টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে অগ্রগতি পরিবীক্ষণের জন্য এর যথাযথ ব্যবহার নিশ্চিত করা;

২) লিঙ্গ ভেদে শিশু ও তরুণদের মধ্যে (ক) ২য়/৩য় শ্রেণিতে; (খ) প্রাথমিক শিক্ষা সমাপনী শেষে; ও (গ) নিম্ন মাধ্যমিক শেষে (i) পঠনে ও (ii) গণিতে অর্জিত ন্যূনতম দক্ষতার অনুপাত (এসডিজি সূচক ৪.১.১) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;

৩) লিঙ্গ ভেদে সংগঠিত শিক্ষায় অংশগ্রহণের হার (প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সসীমার এক বছর আগে) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত (এসডিজি ৪.২.২);

৪) বয়স, লিঙ্গ ও কর্মসূচি ভেদে পূর্ববর্তী ১২ মাসে আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচিতে তরুণ (১৫-২৪) ও বয়স্কদের (২৫-৬৪) অনুপাত (এসডিজি সূচক ৪.৩.১) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;

৫) লিঙ্গ ও বয়স ভেদে দক্ষতার ধরণ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)-তে দক্ষ তরুণ (১৫-২৪) ও বয়স্কদের (২৫-৬৪) অনুপাত (এসডিজি সূচক ৪.৪.১) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;

৬) বয়স, নৈপুণ্য, আর্থসামাজিক অবস্থা, লিঙ্গ, কর্মসংস্থানের অবস্থা, পেশা ইত্যাদি ভেদে প্রায়োগিক (ক) সাক্ষরতা ও (খ) গাণিতিক দক্ষতায় ন্যূনতম মান অর্জনকারীদের অনুপাত (এসডিজি সূচক ৪.৬.১) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত;

৭) জীবনব্যাপী শিক্ষার সুযোগ হিসেবে লিঙ্গ ভেদে মোবাইল ফোনের মালিকানা রয়েছে এমন ব্যক্তিবর্গের অনুপাত (এসডিজি সূচক ৫.খ.১) সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত এবং

৮) দক্ষতার মাত্রার ভিত্তিতে কার্যকরী সাক্ষরতার স্তরভিত্তিক হার নিরূপণের ক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ড প্রয়োগ।

<u>প্রকল্পের পরিসর:</u>

এই প্রকল্পের অধীন নির্বাচিত সাধারণ খানার জন্য খানা ভিত্তিক প্রশ্নপত্র ও প্রায়োগিক সাক্ষরতা নিরূপণের জন্য বয়স ভিত্তিক দুটি টেস্টিং টুল রয়েছে। যথা:

- ৭-১৪ বছর বয়সী শিশুদের জন্য
- ১৫ এবং তদূর্ধ্ব বয়সীদের জন্য

জরিপের আওতায় গৃহীত কার্যক্রম (জুলাই ২০২২-জুন ২০২৩ পর্যন্ত)

১) জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করা করেন।

২) গত ২৮ নভেম্বর-২ ডিসেম্বর ৫ দিনব্যাপী প্রিটেস্ট কার্যক্রম পরিচারনা। প্রিটেস্ট হতে প্রাপ্ত অবজারভেশনসমূহ জরিপের প্রশ্নপত্র এবং অ্যাপস ভেলিডেশন কমিটির মাধ্যমে অ্যাপস ও প্রশ্নপত্রের প্রয়োজনীয় সংশোধন।

৩) ফিল্ড ম্যানুয়াল, আইটি ম্যানুয়াল চূড়ান্তকরণ।

৪) জনশুমারি ২০২২ হতে নমুনা ফ্রেম সংগ্রহ করে নমুনায়ন কার্যক্রম স্যাম্পলিং কমিটি কর্তৃক সম্পন্নকরণ।

৫) ১-২০ মার্চ মোট ২০ দিনব্যাপী CAPI অ্যাপস এবং Web Application ব্যবহার করে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্নকরণ।

৬) তথ্য সংগ্রহ কার্যক্রম লাইভ মনিটরিং করা।

৭) সংগৃহীত তথ্য উপাত্ত যাচাই বাছাই এবং ক্লিনিং কার্যক্রম সম্পন্নকরণ।

৮) প্রকল্পের উদ্দেশ্যের সাথে মিল রেখে এসডিজি সূচকসমূহের তথ্য উপাত্ত প্রস্তুত করার লক্ষ্যে জাতিসংঘের শিক্ষা বিষয়ক প্রতিষ্ঠান UNESCO এর সাথে মেটা ডাটা ও ডেফিনেশন ঠিক করার জন্য ৮ মে ২০২৩ একটি দ্বিপাক্ষিক সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তের প্রতিফলন করা।

৯) ডাটা বেইজ মনিটরিং ও প্রয়োজনীয় ফিল্টারিং সম্পন্নকরণ।

১০) জরিপের টেব্যুলেশন প্লান চূড়ান্তকরণ।

১১) জরিপের বয়স ভিত্তিক ওয়েট ফাইল চূড়ান্তকরণ।

১২) ডাটা এনালাইসিস সম্পন্ন।

১৩) জরিপ খসড়া রিপোর্ট প্রণয়ন ও চূড়ান্তকরণ।

১৪) জরিপের রিপোর্ট চূড়ান্তকরণ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অনুমোদন গ্রহণ।

১৫) ১৭/০৭/২০২৩ তারিখে আনুষ্ঠানিকভাবে রিপোর্ট প্রকাশকরণ।

১৭/০৭/২০২৩ তারিখে প্রায়োগিক সাক্ষরতা নিরূপণ জরিপ ২০২৩ এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠানে উপস্থিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী জনাব এম. এ. মান্নান, এমপি। স্থান: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অডিটোরিয়াম।

৭.৪.১১ ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ শীর্ষক জরিপ প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০২১ খ্রি: হতে জুন ২০২৩ খ্রি: পর্যন্ত।

উদ্দেশ্য

ক) আইসিটি পরিষেবাদি ব্যবহারের ধরণগুলো বোঝার উদ্দেশ্যে আর্থ-সামাজিক তথ্য অর্জন;
খ) ব্যক্তি এবং খানাসমূহ দ্বারা আইসিটি ব্যবহার এবং প্রয়োগ সম্পর্কে সর্বশেষ এবং সুনির্দিষ্ট তথ্য সংগ্রহ;
গ) এসডিজি ট্র্যাকার, আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন (আইটিইউ) এবং আইসিটি বিকাশ সূচক (আইডিআই)সহ স্থানীয় এবং আন্তর্জাতিক এজেন্সিসমূহকে তথ্য সরবরাহ করতে সহায়তা করে এমন খানা ও ব্যক্তি সম্পর্কিত আইসিটি সূচক তৈরি।

প্রাক্কলিত ব্যয়: ২৭৪.৬৬ লক্ষ টাকা

২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম:

০১। 'ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' শীর্ষক জরিপ প্রকল্পের আওতায় ১৮ এপ্রিল ২০২২ খ্রি. তারিখে প্রকল্পের প্রশ্নপত্র চূড়ান্তকরণে নিমিত্ত একটি ইনসেপশন ওয়ার্কশপ আয়োজন।

০২। মূল সার্ভের জন্য তথ্য সংগ্রহকারীদের ০৩ (তিন) দিন ব্যাপী প্রশিক্ষণ (২২-২৪ মে, ২০২২ খ্রি.) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র অডিটরিয়ামে অনুষ্ঠিত।

০৩। মূল সার্ভের জন্য তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ ০৩ (তিন) দিন গত ২২-২৪ মে, ২০২২ খ্রি. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র অডিটরিয়ামে অনুষ্ঠিত।

০৪। মূল সার্ভের জন্য সুপারভাইজিং কর্মকর্তাগণের ১ (এক) দিনের প্রশিক্ষণ কার্যক্রম ১৯ মে ২০২২ খ্রি. তারিখে জুম এ সম্পন্নকরণ

০৫। 'ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' শীর্ষক জরিপ প্রকল্পের মাধ্যমে মূল সার্ভের জন্য মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ কার্যক্রম ২৯-০৫-২০২২ খ্রি. থেকে ২৮-০৮-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত পরিচালনা।

সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মহোদয় ০৫-০৭ আগস্ট ২০২২ খ্রি. তারিখ এ রাজশাহী বিভাগের বগুড়া জেলায় তথ্যসহ কার্যক্রম চিত্র পরিদর্শন

০৬। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২২ এর প্রিলিমিনারি রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ শীর্ষক জরিপ ২০২২ এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান ২৮ ডিসেম্বর ২০২২, বিবিএস অডিটোরিয়াম অনুষ্ঠিত হয়।

০৭। ‘তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২৩” এর তথ্য সংগ্রহ কার্যক্রমের নিমিত্ত আয়োজন।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ শীর্ষক জরিপ ২০২৩ এর তথ্য সংগ্রহ কার্যক্রমের নিমিত্ত ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ ২৯-৩১ জানুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হয়।

০৮। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত “ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ” শীর্ষক জরিপ প্রকল্পাধীন “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২২” এর মূল রিপোর্ট বিবিএসের ওয়েবসাইটে ০৯ জুলাই ২০২৩ খ্রি. তারিখে প্রকাশ।

০৯। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহার জরিপ ২০২৩ এর মূল রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান ১৭ জুলাই ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়িত "ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ" শীর্ষক জরিপ ২০২৩" এর মূল রিপোর্ট প্রকাশনা ১৭ জুলাই ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়।

৭.৪.১২ স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জুলাই ২০২১ হইতে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত
উদ্দেশ্য

প্রমাণভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণের জন্য ১০ বছর অন্তর অনুষ্ঠিত দুটি জনশুমারির মধ্যবর্তী সময়ে বছরভিত্তিক জনসংখ্যা প্রাক্কলন, গুরুত্বপূর্ণ জনমিতিক আর্থ-সামাজিক ও জনমিতিক সূচকসমূহের উপাত্তের চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যমান পদ্ধতি আধুনিকায়নের মাধ্যমে কম্পিউটার অ্যাসিসটেড পার্সোনাল ইন্টারভিউয়িং (CAPI) পদ্ধতিতে উপাত্ত সংগ্রহ চালু করে গুণগত মান ও সময়োপযোগী উপাত্ত নিশ্চিত করা। পাশাপাশি খানা জরিপ পরিচালনার মাধ্যমে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা উপাত্ত চাহিদাসহ আর্থ-সামাজিক ও জনমিতিক সূচকসমূহের হালনাগাদ উপাত্ত প্রস্তুত, বিশ্লেষণ ও প্রকাশ।

প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৫৭ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি।

২০২২-২৩ অর্থবছরে আরএডিপি বাস্তবায়নে অগ্রগতি (%): ৬৭.৭৩%

২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম:

- নির্বাচিত ২০১২টি পিএসইউ এলাকায় জুলাই ২০২২ হতে জুন ২০২৩ সময়ের মোট ১১টি তফসিলের তথ্য সংগ্রহ সম্পন্ন করা হয়।
- ২০২২ সালের সংগৃহীত তথ্যের সঠিকতা যাচাইয়ের নিমিত্ত ২০২৩ সালের মার্চ মাসে ভ্যালিডেশন সার্ভে পরিচালনা করা।
- ২০২৩ সালের এপ্রিল মাসে 'বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিস্টিকস ২০২১'-শীর্ষক রিপোর্ট প্রকাশ করা হয়।
- জুন ২০২৩ মাসে মাঠ পর্যায়ে কর্মরত সকল স্থানীয় মহিলা রেজিস্ট্রার, সুপারভাইজার ও সুপারভাইজিং কর্মকর্তাগণকে কম্পিউটার অ্যাসিসটেন্ড পারসোনাল ইন্টারভিউয়িং পদ্ধতিতে তথ্য সংগ্রহ বিষয়ে রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান করা হয়।
- জুন ২০২৩ মাসে 'বাংলাদেশ স্যাম্পল ভাইটাল স্ট্যাটিস্টিকস-২০২২'- শীর্ষক প্রাথমিক রিপোর্ট প্রকাশ করা হয়।

৭.৪.১৩ খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প ২০২২

বাস্তবায়নকারী সংস্থা: বিবিএস
বাস্তবায়নকাল: জানুয়ারি ২০২২ হতে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত

উদ্দেশ্য

ক) Food Insecurity Experience Scale (FIES) বিষয়ক জরিপ পরিচালনা করা;

খ) ২০১৬,২০১৭, এবং ২০১৮ সালের দেশের খাদ্য স্থিতি (Food Balance Sheet and Supply & Utilization Table) বিষয়ক পরিসংখ্যান প্রণয়ন; এবং

গ) দেশে মানুষের মাথাপিছু, ম্যাক্রোনিউট্যান্ট (ক্যালরি, প্রোটিন ও ফ্যাট) ও মাইক্রোনিউট্যান্ট (খনিজ, ভিটামিন প্রভৃতি) এর প্রাপ্যতা নিরুপন করা।

প্রাক্কলিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা
২০২২-২৩ অর্থবছরে আরএডিপি বাস্তবায়নে অগ্রগতি (%): ৪৯.৩২%

২০২২-২৩ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম:

খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান বিষয়ক ইনসেপশন ওয়ার্কশপ, প্রকল্পের আওতায় জরিপ প্রশ্নপত্রের উপর Validation Workshop, এবং Food Security Assessment and FIES Survey 2023 এর Computer Assisted Personal Interview (CAPI) মাধ্যমে মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রথমবারের মতো কম্পিউটার উইং এর মাধ্যমে Computer Assisted Personal Interview (CAPI) বিষয়ক সফটওয়ার তৈরি করা হয়েছে।

৭.৫ কর্মসূচিসমূহ

৭.৫.১ "বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এন্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট" কার্যক্রম:

কর্মসূচির নাম	:	বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস অ্যান্ড সার্টিফিকেট ম্যানেজমেন্ট কার্যক্রম
বাস্তবায়নকারী সংস্থার নাম	:	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
কার্যক্রমের মেয়াদ	:	আগস্ট ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত
কার্যক্রমের প্রাক্কলিত ব্যয়	:	২০৬.০০ লক্ষ টাকা।
জুন, ২০২৩ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি	:	১০০%
আর্থিক অগ্রগতি	:	৯৭.৪০%

৭.৫.২ "ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারু শিল্পজাত পণ্য জরিপ ২০২২" শীর্ষক কার্যক্রম

- ❖ কর্মসূচির নাম — ব্যবসা সম্ভবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারু শিল্পজাত পণ্য জরিপ ২০২২
- ❖ কর্মসূচির উদ্দেশ্য — দেশের বিপন্ন ও বিলুপ্তপ্রায় সম্ভবনাময় হস্ত ও কারুশিল্পের একটি সঠিক পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা;এ শিল্পের সাথে জড়িত জনবলের পরিসংখ্যান এবং এই খাতে সরকারের পরিকল্পনা প্রণয়নে সাহায্য করা।
- ❖ বাস্তবায়নকরী সংস্থা — বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
- ❖ বাস্তবায়নকাল — সেপ্টেম্বর ২০২১-জুন ২০২৩
- ❖ প্রাক্কলিত ব্যয় — ২৮১.০০ লক্ষ টাকা
- ❖ জুন, ২০২৩ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি — ১০০%

ব্যবসা সম্ভবনাময় প্রসিদ্ধ, লুপ্তপ্রায় হস্ত ও কারুশিল্প পণ্য জরিপ ২০২২"শীর্ষক কার্যক্রমে ২০২২-২৩ বছরে সম্পাদিত কর্মকান্ড:

(১) জরিপের সার্ভে মেথডলজি ও স্যাম্পল ডিজাইন প্রণয়ন করা হয়েছে।

(২) জয়িতা ফাউন্ডেশন কর্তৃক চাহিদা মোতাবেক ২০টি পূর্বনির্ধারিত কর্মকান্ডের উপর পকেট এরিয়া হতে লিস্টিংপূর্বক ৭৩৫৪২ টি প্রতিষ্ঠান পাওয়া গেছে যার মধ্যে ৯৫%খানা ভিত্তিক এবং ৫% প্রতিষ্ঠান ভিত্তিক তথ্য পাওয়া গেছে যা থেকে Database প্রস্তুত করা হয়েছে ।

(৩) জরিপ কার্যক্রমের আওতায় স্টিয়ারিং কমিটি,ওয়ার্কিং কমিটি, অন্যান্য কমিটি (Expart Panel) ইত্যাদি একাধিক সভার সিদ্ধান্ত অনুযায়ী জরিপের কার্যক্রম পরিচালনা করা হয়েছে ।

(৪) মাঠ পর্যায়ে মূল জরিপ পরিচালনার লক্ষ্যে জরিপের প্রশ্নপত্র ও ম্যানুয়াল চুড়ান্ত করণের জন্য ওয়ার্কিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী একটি মতবিনিময় সভা তথা সেমিনার আয়োজন করা হয়েছে ।

(৫) কার্যক্রম আওতায় মূল জরিপ পরিচালনার লক্ষ্যে SRS এর মাধ্যমে Sample Draw পূর্বক ৭৩৫০ টি প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহের লক্ষ্যে তথ্য সংগ্রহ করা হয়েছে ।

(৬) হস্ত ও কারুশিল্প জরিপ, বাংলাদেশ ২০২২" রিপোর্ট মুদ্রণ করা হয়েছে ।

অষ্টম অধ্যায়
গ্যালারি

৮.১ সাম্প্রতিক প্রকাশনার প্রচ্ছদসমূহ








FOREIGN
TRADE
STATISTICS
Of
BANGLADESH
BANGLADESH BUREAU OF STATISTICS
STATISTICS AND INFORMATICS DIVISION (SID)
MINISTRY OF PLANNING


Bangladesh Environmental Statistics
Framework (BESF) 2016-2030
UN environment
Environment, Climate Change and Disaster Statistics (ECDS) Cell
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

৮.২ ২০২২-২৩ এর আলোকচিত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর এবং এপিএ ও শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান ২০২২

জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর প্রাথমিক প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠান

জনশুমারি ও গৃহগণনা ২০২২-এর প্রাথমিক প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠান

জনশুমারি ও গৃহগণনা ২০২২ প্রাথমিক প্রতিবেদন প্রকাশনা অনুষ্ঠান

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদাত বার্ষিকী পালনের নিমিত্ত আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠান।

"শেখ রাসেল নির্মলতার প্রতীক দুরন্ত প্রাণবন্ত নির্ভীক" এই প্রতিপাদ্য নিয়ে ১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেল দিবস" পালিত।

৮ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব- এঁর ৯২তম জন্মবার্ষিকী পালিত

কৃষি শুমারি-২০১৯ রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান

সচিব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক 'জাতীয় পর্যায়ে 'কারিগরি-সরকারি (শ্রেষ্ঠ প্রতিষ্ঠান)' ক্যাটাগরিতে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২২' গ্রহণ।

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২
১২ই ডিসেম্বর

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২

সম্মাননা পত্র

জাতীয় পর্যায়ঃ কারিগরি-সরকারি (শ্রেষ্ঠ প্রতিষ্ঠান)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**-কে প্রতিষ্ঠান শ্রেণিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ **ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২**-এ ভূষিত করছে।

২৭ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

শেখ হাসিনা
প্রধানমন্ত্রী

জাতীয় পর্যায়ে 'কারিগরি-সরকারি (শ্রেষ্ঠ প্রতিষ্ঠান)' ক্যাটাগরিতে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার-২০২২' সম্মাননা পত্র

QUARTERLY LABOUR FORCE SURVEY 2022 PROVISIONANAL REPORT

হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে ২০২২ এর Key Findings এর প্রকাশনা অনুষ্ঠান

কৃষি শুমারি ২০১৯ এর রিপোর্ট প্রকাশনা অনুষ্ঠান

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন

জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা

জাতীয় পরিসংখ্যান দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি